নির্বাচন সংক্রান্ত মামলা সমূহ নির্বাচন সমাপ্তির তিন মাসের মধ্যে নিষ্পত্তি সম্ভব হইলে বিবিধ অবৈধ পন্থা ও সন্ত্রাসের মাধ্যমে নির্বাচিত হওয়ার প্রবণতা অবশ্যই হ্রাস পাইবে, আইনের শাসন, নির্বাচন ও গণতন্ত্রের প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পাইবে। রাজনৈতিক দল সমূহের নির্বাচনের বিশ্বাসযোগ্যতার ব্যপারে অভিযোগের যুক্তি ক্রমাগত দূর্বল হইয়া যাইবে।

(৪) জাতীয় সংসদকে দুই কক্ষ/ দুই স্তর বিশিষ্ট বরন। নিম্ন কক্ষ জনসাধারণের প্রতক্ষ ভোটে নির্বাচিত সদস্য দ্বারা গঠিত হইবে। উচ্চ কক্ষ বিশিষ্ট শ্রদ্ধাভাজন নাগরিক, বিশেষ পেসাজীবি, বুদ্ধিজীবি দ্ধারা গঠিত হইবে। ইহার সংখ্যা হইবে অনূন্য একশত। জাতীয় সংসদের সকল সদস্যের ঐক্যমতের মাধ্যমে উচুঁ কক্ষের সদস্যগন মনোনীত হইবে। যদি ইহা সম্ভব না হয় তবে জাতীয় সংসদে প্রতিনিধিত্বকারী প্রকিটি রাজনৈতিক দল প্রত্যেকে একশত প্রতিনিধির তালিকা রাষ্টপতির নিকট প্রেরণ করিবে এবং রাষ্ট্রপতি তাহাদের ভিতর হইতে তাহার নিজ বিবেচনায় একশত জনকে পাঁচ বছরের জন্য মনোনয়ন প্রধান করিবেন।

(৫) দলভিত্তিক ছাত্র রাজনীতি, যুব রাজনীতি, পেশা জীবিদেও রাজনীতি, আইনের মাধ্যমে বন্ধ ঘোষনা করন।

(৬) রাজনৈতিক দল সমূহের অর্থ সংগ্রহ ও ব্যয় সরকারী হিসাব নিয়ন্ত্রনের মাধ্যমে আনয়ন। ইহার ফলে চাঁদাবাজি, সন্ত্রাস ও রাজনীতিবিদ কর্তৃক দূর্নীতি ও রাষ্ট্রীয় অর্থনৈতিক কর্মকান্ডের দুর্নীতির হ্রাস করন সম্ভব হইবে।

(৭) সরকারী সকল প্রচার মাধ্যমকে সরকারী নিয়ন্ত্রন মুক্তকরন এবং ব্যক্তি মালিকানাধীন প্রচার মাধ্যম প্রতিষ্ঠার জন্য আইন প্রণয়ন।

(৮) সংবিধানের ২২ ধারার বাস্তবায়নের মাধ্যমে রাষ্ট্রের নির্বাহী অঙ্গ সমূহ হইতে বিচার বিভাগের পৃথক করন। বিচার বিভাগের পৃথকীকরনের ফলে বিচার ও পুলিশ বিভাগের প্রতি জনগনের ও বিরোধী দলসমূহের আস্থা বৃদ্ধি পাইবে এবং ক্ষমতসীন দল দলীয়করনের মাধ্যমে বিরোধীদলকে নির্যাতন করে এই অভিযোগের ভিত্তি অনেকটা দুর্বল হইয়া পড়িবে।

(৯) নির্বাচনে নিযুক্ত সরকারী কর্মচারীদিগকে তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচনের সময় সাময়িকভাবে নির্বাচন কমিশনের নিয়ন্ত্রনাধীনে প্রেষনে নিয়োগ প্রধান।

(১০) দেশের নির্বাচন সমূহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর্মচারীদের তাহাদের অতীত কর্মকান্ডের দ্বারা বিশ্বাসযোগ্যতা অর্জনে ব্যর্থ হইলে নির্বাচনের সময় তাহাদের কর্মকান্ড ও জনসাধারনের পূর্ণ বিশ্বাসযোগ্যতা অর্জন করিতে সক্ষম হইবে না। দলীয় সরকারের শাসনামলে অনেক সরকারী কর্মচারী নিজ স্বার্থ সিদ্ধির জন্য ক্ষমতাসীন দলের দলীয় ফাঁদে পড়িয়া যায়। ইহার ফলে ক্ষমতাসীরন দলীয় শাসনের সময় অযোগ্য ও দূর্নীতি পরায়ন সরকারী কর্মচারীদের বিরুদ্ধে কার্যকর কোন ব্যবস্থা গ্রহন করা হয় না। কারন দূর্নীতি পরায়ন সরকারী কর্মচারীগন সকল সময় ক্ষমতাসীন দলীয় শাসনের আশ্রয় গ্রহন করে। ইহা ছাড়া ক্ষমসীন দলীয় সরকার নিরপেক্ষ পদক্ষেপ গ্রহন করিলেও বিরোধীদল ইহাকে পক্ষপাতদৃষ্ট বলিয়া অভিযোগ আনে ও দূর্নীতি পরায়ন কর্মচারীগন তখন বিরোদী দলের আশ্রয় গহন করে।

ক্ষমসীন দলীয় শাসন সকল সমই সরকারী সম্প্রদায়কে সন্তুষ্ট ও দলের প্রতি অনুগত রাখিয়া তাহাদের সময় কালের প্রশাসন পরিচলনা করিয়া থাকে। ইহার ফলে প্রশাসনের সরকারী কর্মচারীদের অভিযোগ ও দূর্নীতি দিন

দিন বৃদ্ধি পাইয়া একটি দুঃসহ পর্যায়ে পৌছায়াছে। এই সকল কর্মচারীদের মাধ্যমেই যেহেতু নির্বাচন অনুষ্ঠন পরিচালনা করা হয় সেই জন্য নির্বাচনের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধির সার্থে এই সকল অযোগ্য ও দূর্নীতি পরায়ন সরকারী কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হইলে ইহার বিরূদ্ধে পক্ষপাতদৃষ্ট হওয়ার সম্ভবনা ও সুযোগ থাকিবে না।

**প্রশাসনের দূর্নীতি দূরিকরনের অপরিহার্যতা**

জন প্রশাসন ব্যবস্থার মূল দর্শণ ও লক্ষ প্রত্যক্ষ কার্যক্রমের মাধ্যমে নাগরিকদের আইন বিরূদ্ধ আচরন নিয়ন্ত্রন এবং পরোক্ষ কার্যক্রমের মাধ্যমে নাগরিকদের আইনানুগ ও নৈতিক আচরনের বিকাশ সাধন।

সমাজের কিছু সংখ্যক সদস্যের নৈতিকতা ও আইন বিরূদ্ধ কর্মকান্ডে লিপ্ত থাকায় অস্বভাবিক নয় এবং তাহাদের এই সকল কর্মকান্ডের নিয়ন্ত্রণ সমাজের শান্তি শৃঙ্খলার জন্য অত্যাবশ্যক। এই বাস্তবতাকে উপলব্ধি করিয়াই প্রশাসনের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে সমাজ গ্রহন করিয়া দিয়াছে।

জনশাসনে কর্মরত সদ্যদের দায়িত্ব জনসাধানের নৈতিকতা ও আইন বিরূদ্ধ কর্মকান্ডের নিয়ন্ত্রণ। সেইজন্য প্রজাতন্ত্রের বিভিন্ন বিভাগ ও স্তরে যে সকল সদস্য কর্মরত তাহদের নৈতিকতা ও আইন বিরূদ্ধ কোন কর্মকান্ড সমাজের নিকট গ্রহন যোগ্য হইতে পারে না। কিন্ত বাস্তবে জনসাধারনের চেয়ে প্রজাতন্ত্রের বিভিন্ন বিভাগ ও বিভিন্ন স্তরে কর্মরত সদস্যদের নৈতিকতা ও আইন বিরূদ্ধ কর্মকান্ডের মাত্রা সকল সময়ই বেশি ছিল এবং বর্তমানেও আছে। ব্যতিক্রম ব্যতিত প্রজান্ত্রে কর্মরত সদস্যদের মধ্যে সততার ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের পরিবর্তে দূর্নীতিতে লিপ্ত হওয়া, দায়িত্ব এড়িয়ে চলা, এবং জনসভামূখি আচরনের পরিবর্তে স্বেরাচারী আচরনই অধিক মাত্রাই সক্রিয়।

প্রজাতন্ত্রে কর্মরত সদস্যদের প্রতি আস্থা বৃদ্ধির সার্থে দূর্নীতির প্রতিযোগীতাকে সততার সহযোগীতায়, দায়িত্ব এড়াইয়া চলার প্রবণতাকে আগ্রহের সাথে দায়িত্ব পালনের প্রবণতায় এবং স্বেরাচারী আচরনের প্রবণতাকে জনসেভা মূখী আচনে রূপান্তর একান্ত প্রয়োজন। এই রূপ একটি অবস্থা প্রবর্তনের জন্য বিভিন্নমূখি পাঁচ বা ততোদিক সংখ্যক অনুসন্ধান প্রতিবেদনের মাধ্যমে প্রতিটি বিভাগের প্রতিটি স্তরে দূর্নীতির জন্য পরিচি সদস্যদের একটি তালিকা নিরপেক্ষভাবে প্রতি বৎসর প্রস্তুতের পর এই সকল সদস্যদের মধ্য হইতে প্রতি বৎসর অনাধিক পাঁচ শতাংশের বধ্যতামূলক অবসর প্রধানের জন্য প্রয়োজনীয় আইন প্রণয়নের বিষয়টি বিবেচনা করা যাইতে পারে। কারন মানুষের আস্থা অর্জনের জন্য প্রজাতন্ত্রে কর্মরত প্রতিটি সদস্যের সততার খ্যাতি বিতর্কের উর্দ্ধে নিশ্চিত করা অব্যশ্যক। এই প্রশ্নে কোন অপোষ গ্রহন যোগ্য হইতে পারে না।

বর্তমানে সরকারী কর্মচারীদের মধ্যে যেহেতু ব্যতিক্রম ব্যতিত অধিকংশই সুযোগমত দূর্নীতির আস্রয় গহন করে, এই পরিস্থিতে দূর্নীতির নির্দিষ্ট অভিযোগ কাহারো বিরূদ্ধে আনয়ন করিয়া দূর্নীতি দূরীকরন একেবারেই অসম্ভব। প্রস্তাবিত ব্যবস্থা গ্রহনের ফলে সর্বোচ্চ মাত্রায় দূর্নীতির জন্য পরিচিত তালিবায় যাহাতে কাহরো নাম স্থান না পায় সেই জন্য সকলে সচেষ্ট থাকিবে। ফলে দূর্নীতির পরিবর্তে সততার প্রতিযোগীতার মনোভাব সৃষ্টি সহায়ক হইবে, এবং এক পর্যায়ে এমন পরিবেশ সৃষ্টি হওয়া সম্ভব যখন দূর্নীতি, অদক্ষতা, এবং জনসেভা বিরোধী আচরনের জন্য পরিচিত কোন সদস্যই প্রজাতন্ত্রের কোন বিভাগে ও স্তরে পাওয়া সম্ভব হইবে না।

প্রতি বৎসর সর্বোচ্চ মাত্রায় দূর্নীতির জন্য জে সংখ্যক সদস্যকে চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রধান করা হইবে সম সংখ্যক নতুন সদস্য নিয়োগের ফলে বেকার সমস্যাও কিছুটা দূরীভুত হইবে। এই ব্যবস্থাটি তত্ত্বাবধায়ক সরকারের সময় গৃহিত হওইলে এই ব্যবস্থা গ্রহনে নিরপেক্ষতার বিষয়টি বিতর্কের উর্দ্ধে থাকিবে।

(১১) জাতীয় সংসদ ও স্থানীয় সরকারের নির্বাচন সমূহ সারা দেশে একদিনে না করিয়া নির্বাচনের জন্য প্রয়োজনীয় জনবল ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের সংখ্যাটিকে বিবেচনায় নিয়া ২/৩ দিন অন্তর অন্তর কয়েক দিনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গহন। জাতীয় সংসদের নির্বাচনের ভোট গ্রহন একদিনে অনুষ্ঠিত না হইলেও ভোট গণনা নির্বান সমাপ্তির পর একই সঙ্গে ও একই দিনে করিতে হইবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন সমাপ্তির পর ভোট ঘণনা সরঙ্গ সঙ্গেই করা যাইদেত পারে।

(১২) সুষ্ঠ নির্বাচন ও নির্বাচনের নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় অর্থের যোগান দেওয়ার জন্য নির্বাচনে অংশ গহনকারী প্রতিদ্বন্দীদের জমাকৃত অর্থ ফেরত প্রধানের আইন রহিত করা যাইতে পারে।

নির্বাচনের মনোনয়ন পত্র দাখিলের সময় প্রতিদ্বন্দীদের সম্পদের হিসাব প্রধানের জন্য আইন প্রণয়ন। নির্বাচনে পতিদ্বন্দীতাকারী সদস্যদের জামানত হিসাবে জমাটাকার পরিমান নূন্যতম একটি অংকে রাখিয়া মোট স্থাবর সম্পদের এক শতাংশ এবং আয়করের শতকরা পাঁচ শতাংশ হারে বৃদ্ধি করা যাইতে পারে। ইহার ফলে নির্বাচিত সদস্যগন তাহাদের নির্বাচন মেয়াদে কোন প্রকার দূর্নীতির মাধ্যমে সম্পদের কি পরিমান বৃদ্ধি পাইয়াছে ইহা যাচাই করা সহজ হইবে, সরকারের তহবিলে নির্বাচন খাতে অতিরিক্ত তহবিলের আগমন হইবে। নির্বাচনের সময় অতিরিক্ত অর্থ দ্বারা দরিদ্র ভোটারদেরকে প্রভাবিত করাা প্রবনতা ও শক্তি হ্রাস পাইবে।

(১৩) নির্বাচন সংক্রান্ত আইন সমূহ বিশেষ করিয়া ভোটার তালিকা প্রস্তুতের বিষয়টি কঠোরভাবে বাস্তবায়ন।

বর্তমানে কোন নাগরিক ভোটার তালিকা ভূক্ত হইয়াছেন কিনা এই ব্যপারে নির্বাচন কার্যালয়ের সঙ্গে যোগাযোগ ব্যাতিত নিশ্চিত হওয়ার কোন সুযোগ নাই। এই ব্যবস্থার সুযোগ গ্রহন করা কোন শতকরা ৯৫ ভাগ নাগরিকের পক্ষেই সম্ভব নয়। এই ব্যবস্থাটি আরও সহজ করন প্রয়োজন। ভোটার তালিকা চূড়ান্ত প্রস্তুতের পূর্বে এই তালিকার একটি কপি সংশ্লিষ্ট এলাকার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এবং ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও পৌর কর্পোরেশনের সকল কমিশনারের কার্যালেয়ে প্রেরণ পূর্বক তাহাদের দ্বারা ভোটার তালিকা প্রণয়নের সঠিকতা যাচায়ের ব্যবস্থা গহন এবং ইহার জন্য প্রয়োজনীয় আইন ও বিধি প্রনয়ন।

ভোটার তালিকার কত নম্বর ক্রমিকে একজন ভোটারের নাম আছে ভোটার কর্তৃক পূর্বে ইহা জানা থাকিলে ভোট প্রধান সহজ হয়। ভোটারগন যেহেতু পূর্ব হইতে জানিতে পারে না ভোটার তালিকা কত নম্বর ক্রমিকে তাহার নাম আছে সেই জন্য নির্বাচনে পতিদ্বন্দিতাকারী কর্তৃক নির্বাচনের দিন নির্বাচন কেন্দ্রের আশে পাশে কেম্প করিয়া ভোটার দিগকে এই তথ্য প্রধান করা হয়। ফলে ভোটারগণ ভোট প্রধানের পূর্বে প্রভাবিত হয়, ভোট প্রধানের গোপনীয়তা নষ্ট হয় এবং এই সকল ক্যাম্পে কর্মরত দলীয় সদস্য দ্বারা নির্বাচন কলে নির্বাচন কেন্দ্রের আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটে। প্রতিটি নির্বাচনের নূন্যতম এক মাস পূর্বে প্রত্যেক ভোটারের নিকট ভোটার তালিকায় তাহার ভোপটার ক্রমিক নম্বরসহ একটি পরিচয় পত্র স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে পৌছাইয়া দেয়া সম্ভব হইলে নির্বাচনের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি ছাড়াও নির্বাচন সংক্রন্ত নাগরিক সচেতনতা অনেক বৃদ্ধি পইবে।

উরূগুয়ে ও অষ্ট্রেলিয়াতে যারা ভোট দেয় না তাহাদের বিরূদ্ধে জরিমানার ব্যবস্থা আছে। আমাদের দেশেও অনুরূপ ব্যবস্থা জনগনের জন্য আইন প্রণয়ন করা যাইতে পারে।

(১৪) নির্বাচিত সদস্য ও ভোটার দাতাদের মধ্যে প্রত্যক্ষ যোগাযোগ যত বেশী বৃদ্ধি পাইবে সেই পরিমানে নাগরিকদের মধ্যে নাগরিক অধিকার সচেতনতাও ততাই বৃদ্ধি পাইবে। নির্বাচিত সংসদ সদস্য ও নির্বাচনী এলাকায় প্রতিটি নাগরিকের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ বৃদ্ধি ও প্রতিটি নাগরিক যাহাতে তাহাদের নিজ নিজ নির্বাচনী এলাকার সংসদ সদস্যের মাধ্যমে নাগরিক হিসাবে তাহার সকল অধিকার সংরক্ষনে ও আদায়ে নিজ এলাকার সংসদ সদস্যের সহায়তা প্রাপ্তি সহজ হয় সেই জন্য প্রত্যেক সংসদ সদস্যকে প্রয়োজনীয় দাপ্তরিক জনবল প্রধান যাহাতে নির্বানী এলাকার কোন নাগরিক আইন ও বিধি অনুযায়ী কোন সেবা সরকারের কোন বিভাগ হইতে সঠিকভাবে সঠিক সময়ে না পাইলে উক্ত নাগরিকের লিখিত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সংসদ সদস্য সংশ্লিষ্ট মন্ত্রী/ সচিবের মাধ্যমে ইহার প্রতিকারের ব্যবস্থা করিতে পারেন। এই ব্যবস্থা আরও সহজ করার জন্য সরকার হকইতে প্রয়োজনীয় সংক্ষক ছাপানো অভিযোগ ফরম সরবরাহ করা যাইতে পারে। এই গুলির মাধ্যমে নাগরিকগণ সংশ্লিষ্ট সংসদ সদস্যদের নিকট অভিযোগ করিবে এবং এই অভিযোগ প্রাপ্তির পর সংসদ সদস্য এই অভিযোগের প্রতিলিপি ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট মন্ত্র/ সচিব সংশ্লিষ্ট সরকারী কর্মচারীর নিকট প্রেরণ করিবেন এবং দরখাস্তকারীকে এই অনুযায়ী বিষয়টির সমাধান না হওয়া পর্যন্ত অবহিত রাখিবেন। এই ধরনের ব্যবস্থা গ্রীহিত হইলে সরকারী কর্মচারীদের দায়িত্ব পালনের জববতিহিতা ও সততা এবং সরকারী কর্মচারীর কর্মকান্ডের উপর জনপ্রতিনিধির মাধ্যমে নাগরিকদের কতৃত্ব বৃদ্ধি পাইবে এবং গণতন্ত্রের বৃদ্ধি দৃঢ় হইবে।

(১৫) প্রতিটি নির্বাচনের পর দেশের সব কয়টি বিশ্ববিদ্যালয়ে সমাজ বিজ্ঞান বিভাগের মাধ্যমে নির্বাচনী আইন ও বিধি সমূহ প্রয়োগের মাধ্যমে অনুষ্ঠিত নির্বাচন সমূহ পর্যালোচনা পূর্বক নির্বাচনের নিরপেক্ষতা, নিরাপত্তা ও বিশ্বাসযোগ্যতা বৃদ্ধিকল্পে আরও কি পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন এই ব্যপারে গবেষণা ও সমীক্ষার ব্যবস্থা গ্রহন।

(১৬) দেশের যে কোন নির্বাচনের জন্য পুলিশ বাহিনীর বর্তমান জনবল যথেষ্ট নয়। সাধারন নির্বাচনের সময় প্রতি ভোট কেন্দ্রে একজন পুলিশ কন্টেবল ও কিছু সংখ্যক আনসার শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য মোতায়েন করা হয়। বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতিতে তাহাদের পক্ষে নির্বাচন কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা বিধান সম্ভব নয়। এই পরিস্থিতিতে প্রতিটি ভোট কেন্দ্রে নূন্যতম পনের জন সুযোগ্য ও বিশ্বাসযোগ্য পুলিশ বাহিনীর সদস্য মোতায়েনের সুবিধার্থে পুলিশ আইনের ১৭ ধারা অনুযায়ী বিশেষ পুলিশ অফিসার নিয়োগের বিধানটির সুযোগ নেয়া যাইতে পারে। বিশেষ পরিস্থিতিতে পুলিশ বাহিনীর স্থায়ী জনবল দ্বারা কোন অঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষা সম্ভব না হইলে স্বল্প ব্যায়ে যাহাতে অতিরিক্ত জনবল সংগ্রহ ও মোতায়েন করা যায় এই বিষয়টি বিবেচনায় নিয়াই আইন প্রনেতাগণ কর্তৃক পুলিশ আইনের এই ধারাটি প্রনয়ন করা হইয়াছিল। প্রয়োজনে এই ধারাটি সময়োপযোগী সংশোধন পূর্বক নির্বাচনের সময় বেসরকারী শিক্ষ প্রতিষ্ঠান সহ দেশের শিক্ষিত শ্রেণী হইতে পর্যাপ্ত সংখ্যক বিশেষ পুলিশ অফিসার নিয়োগ পূর্বক নির্বাচনে মোতায়নের ব্যবস্থা গ্রহন এবং পরবর্তীতে তাহাদের যোগ্য ও বিশ্বাসযোগ্য সদস্যদিগকে তদন্তে ও ব্যবহার করা যাইতে পারে।

**ভবিষ্যৎ বিপদের আশংকা / উপসংহার**

৩০/৪০ বৎসর পূর্বে থাইল্যান্ড ও মালয়েশিয়ার মাথাপিছু আয় আমাদের থেকে কম ছিল। কিন্তু আজ এই দেশগুলো পৃথিবীতে মধ্যম আয়ের দেশ গুলোর মধ্যে অন্তভুক্ত। গত ২০ বছররে চীনের গ্রামাঞ্চলের দরিদ্রের

সংখ্যা ৭৫ ভাগ হইতে ১০ ভাগে হ্রাস পাইয়াছে। এই সব দেশের তুলনায় গত ৩০/৪০ বৎসর যাবৎ আমাদের জাতীয় উন্নয়ন নগন্য। ইহার অন্যতম কারন রাজনৈতিক স্থিতিশীলতার অভাব। গণতান্ত্রিক শাসন ব্যাবস্থা নিরাপদ, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য নির্বাচন ব্যাতিত সরকারের উপর জনগনের আস্থা বৃদ্ধি এবং নির্বাচিত প্রতিনিধির উপর জনগনের পূর্ণ আস্থা না থাকিলে কোন সরকারই স্থিতিশীল হইতে পারে না, ফলে দেশের সার্বিক অগ্রগতি অবশ্যম্ভভাবী।

দেশে নিয়োগের অভাব, শিক্ষ লাভের জন্য ও চিকিৎসার জন্য বিদেশ গমণ, বেকারদের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি এবং জনসাধারনের হতাশা ও অস্থিরতা দেশের সার্বিক অধপতনেরই ইঙ্গিত প্রমান করে।

বিশ্ব ব্যাংকের জনমত জরিপ অনুযায়ী দেশের ৯৮ শতাংশ জনগনের ধারণা প্রশাসনে দূর্নীতিই বাংলাদেশের আর্থিক উন্নয়নের প্রধান অন্তরায়।

## সংযোজন-২

## নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা এবং বিশ্বাসযোগতা উন্নয়নে কতিপয় প্রস্তাব তথা সুপারিশ

### স্বাধীনতার ঘোষণা (জুলাই ৪, ১৯৭৬) আমেরিকার তেরোটি সর্বসম্মত ঘোষণা
### (নীচের উদ্ধৃতিটুকু উপরের স্বাধীনতা ঘোষণার একটি অংশ বিশেষ)

"সকল মানুষকে সমান হিসাবে সৃষ্টি করা হইয়াছে। বিধাতা তাহাদিগকে কয়েকটি অপরিহার্য অধিকার দিয়েছে: এইগুলোর মধ্যে জীবন স্বধীনতা ও সুখের অন্বেষণ পধান। এই সকল অধিকার নিশ্চিত করার জন্য মানুষের মাঝে সরকার রয়েছে। সরকার শাসিতদের কাছ থেকেই ক্ষমতা লাভ করে। যখনই কোন ধরনের সরকার জনগনের এই সকল অধিকার নিশ্চিত না করে ক্ষতির কারন হয়ে দাড়ায়, তখন এই সরকারকে পরিবর্তন অথবা উৎখ্যাত করার অধিকার জনগনের রয়েছে। জনগন তখন এমন সরকারই প্রতিষ্ঠা করবে যার মূলে থাকবে কয়েকটি নীতি য জনগনের নিরাপত্তা ও সুখ প্রতিষ্ঠায় সহায়ক হবে। যে সরকার দূরদর্শিতা দ্বারা পরিচালিত হয় তাকে হালকা ও ক্ষণস্থায়ী করার জন্য পরিবর্তনের দরকার নেই। অভিজ্ঞতার ফলে দেখা যায় মানবজাতি ভোগান্তি থেকে রেহাই পেতে চায়। যেহেতু ভুলই ভোগান্তি ডেকে আনে, সে ভুল গুলোকে শুধরানোর মাধমে মুক্তি আসতে পারে। কিন্তু যখন নিরঙ্কুশ সৈরতন্ত্র অন্যায় ও জবর দখল মূলক শাসন জনগনের উপর চালায় তখন জনহগনের অধিকার ও দায়িত্ব হয়ে পরে এই সরকারকে উৎখাত করা এবং তাদের ভবিষ্যত নিরাপত্তার জন্য নতুন রক্ষী পতিষ্ঠা করা।"

এই রূপ একটি পরিস্থিতিতে মানুষের অধিকারের অনুরূপ তারনাই ফলশ্রুতি পৃথিবীর মানচিত্রে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" নামে আমাদের দেশের অভ্যূদয়।

ভবিষ্যতে আমাদের জাতীয় ও রাষ্ট্রীয় জীবনে যাহাতে অনুরূপ পরিস্থিতির আর উদ্ভব না হয় সে জন্য আমাদের সকলকে সতর্ক থাকতে হবে।

সহায়ক পুস্তক, প্রবন্ধ, আইন, ও সংবাদ প্রতিবেদন সমূহ :-


১. বাংলাদেশের সংবিধান।

২. নির্বাচন আইন ..... এ আর মাসউদ।

3. The Local Government (Union Praised) Ordinance 1983 (as modified up to October, 1997).

4. The Union Praised (Election) Rules 1983 (as amended up to October, 97).

৫. স্থানীয় সরকার (গ্রাম পরিষদ) আইন ১৯৯৭।

৬. সরকার পরিচিতি - ল্যারি ইলোইজ (অনুবাদ সাইদুর রহমান)

7. Politics and Society in Bangal by Shawkat Ara Hussain.

৮. সংবাদ প্রতিবেদন মোজাম্মেল হক, চট্টগ্রাম অফিস দৈনিক জনকণ্ঠ সোমবার ২০ শে পৌষ ১৪০৬ বাংলা, পৃষ্ঠা ১ ও ১১, কলাম - ৩।

৯. সংবাদ প্রতিবেদন মনির হায়দার/ শাহ আজিজুল হক, কিশোরগঞ্জ, দৈনিক জনকণ্ঠ, মঙ্গলবার, তারিখ ২৩ অগ্রহায়ন, ১৪০৬, পৃষ্ঠা - ২, কলাম ১ ও ২।

১০. ইলেক্টোরাল কলেজ বিধিমালা- ১৯৬৪।

১১. জনপ্রতিনিধিত্ব আদ্ধাদেশ, ১৯৭২।

১২. আগামী দিনের রাজনীতি, কয়েকটি বিকল্প প্রস্তাব, মোহাম্মদ জাহাঙ্গীর, প্রথম আলো, বুধবার, ১৬ ফেব্রুয়ারী, ২০০০ পৃষ্ঠ-৫, কলাম- ১. ২. ৩. ৪ (প্রথম আলো পত্রিকায় প্রথম বর্ষপূর্তি বিশেষ সংখ্যায় বিশিষ্ট সাংবাদিক মাহফুজ আনাম, নতুন শতাব্দী, নতুন রাজনীতি, শীর্ষক প্রবন্ধ অবলম্ভনে রচিত।

১৩. বিরোধের রাজনীতি, নাগরিক সমাজের করনীয় কি - রেহমান সোবহান, প্রথম আলো, বুধবার ১৬ ফেব্রুয়ারী, ২০০০ পৃষ্ঠা -৪, কলাম- ৪।

১৪. বিরোধের রাজনীতি, নাগরিক সমাজের করনীয় কি - রেহমান সোবহান, প্রথম আলো, বৃহস্প্রতিবার ১৭ ফেব্রুয়ারী, ২০০০ পৃষ্ঠা - ৪।

15. Poor People Participation in the market by Colony Short 2000

16. CRPC TODAY, Muhammad Souhul Hussain.

17. The Amendments (Act) VIII of 1923 (CRPC)

# Public Confidence in the Electoral Process

Presenter

**Feroz M. Hassan**
Secretary General, FEMA

**Date:** 11 March 2000 **Venue:** IDB Bhahan

**Centre for Strategic and Peace Studies (CSPS)**

# Public Confidence in the Electoral Process

**Feroz M. Hassan**
Secretary General, FEMA

**Introduction**

Election are the central institution of democratic representative Governments. Why? Because, in a democracy, the authority of the government derives sololy from the consent of the governed. The principal mechanism for translating that consent into governmental authority is the holding of free and fair elections.

According to the universal declaration of human rights, applicable to all member states of the united nations, "everyone has the right to take part in the governance of his/her country, directly or though freely chosen representatives…….. the will of the people shall be the basis of the authority of the government; this shall be express in the periodic and genuine elections which shall be by universal and equal suffrage and shall be held by secret vote or by equivalent voting procedure". Thus, holding of free and fair elections is important and desirable because it represents the fulfillment of a fundamental human rights.

The right to free and fair election is, in part, rooted in the right to self-determination founding the united nations Charter(Art. 1, para 2), International Covenant and political Rights (ICCPR) and ICESCR (Art 1) and even in the African Charter on Human Rights (Art. 20)

**Free and fair Election**

Free, fair and competitive election is important in democratic governance. Almost all- modern democratic hold elections, but not all elections are democratic. Elections in Bangladesh have historically been discrediting by political as well as governmental interference, including intimidation and violence at polling stations, vote rigging and manipulation of election results. The electoral process was never beyond questions. However, the 1991 and the 1996 Parliamentary elections marked a significant departure, and these elections are considered free and fair.

There is a marked and rapid development in international standards for holding free and fair elections. This development is arguably the product of convergence of state views concerning the importance of democracy. Elaboration of standards is pronounced in various documents of the United Nations and interregional organizations. Many state' willingness to accept these standard, is evidenced though their practice.

In order for the elections to be fair it is important to examine whether the population could freely exercise their rights, adequately informed to do so, and have confidence that the electoral process will accurately reflect their choice.

The examination of whether elections are genuine includes not only whether the election administration is acting impartially and effectively, but also whether political contestants have enough opportunity to campaign freely for popular support. The examination must also include determining whether the government resources are properly utilized in the electoral process, and whether the law enforcing authorities like police and the Para military force acted impartially.

It is also important to assess whether the judiciary is conducting itself impartially and effectively. It is important to see, whether the news media (especially the state owned) are free to act as conveyers of accurate information and they are providing equal and fair access to political contestant's ans objective coverage of those contestants.

Democratic elections be competitive, in which opposition parties and candidates must enjoy the freedom of speech, assembly and movement necessary to voice their criticism of the government openly, and to bring alternative political and candidates to the voters.

**Public Confidence in Election is critical**

A consistent lesson in international as will as national electoral experience is that elections are not simply a technical process. Election are part of a political process that, to bre successful, requires public confidence. Sound electoral law and procedures are of course necessary but are not enough to build public confidence in an election, especially in a situation that exists in Bangladesh. It is very important that the public including the political contestants must believe that the electoral process will be effectively and importantly implemented.

Therefore, appropriate step are necessary to ensure that the electoral process is not only administratively correct, but also free from the perception of partisanship. It therefore become, necessary for the government and the Election Commission to take measures beyond the minimum legal requirements to create an expectation that fairness will prevail at all cost.

We believe that public confidence in the electoral process is critical to free and fair elections, which can be built by.

a) Setting up of an independent, effective and impartial election body that is open and also transparent;
b) Involving the political contestants in all basic elements of the election process;
c) Opening the election process to the observation of citizen and civic organizations;
d) Convincing the electorate of the important of the elections, their personal safety and ballot secretary will be secured.

Good electoral laws and independent election authority are essential to open and democratic elections. Event in the absence of organized frauad, the competitiveness and quality of elections are shape to a considerable degree by electoral laws and the willingness and ability of election authorities to implement them. Thus, sound electoral laws and an independent, not partisan election authority are required. The independence and strength of the election authority is influenced by a number of factors, including its history the electoral law, the political environment, the attitude of the executive branch, the competence of electoral officials and the amount of resources available. And like any other aspect of government (especially politically significant components), the independence and strength of an election authority can wax and wane.

In addition to being, impartial, the Election Commission must be able to take independent and effective action to protect the integrity of the election process. It is essential that the election lows must guarantee equal treatment and practical procedural due process in order to ensure a credible election. Such precautions really help ensure the satisfaction of voters and political contestants in situation where they perceive, rightly or wrongly, that they have been unfairly treated. Appropriate due process includes legislative, regulatory and judicial procedure.

The political contestants play a crucial role in developing public confidence in the electoral process. If the political contestant are involved in a meaningful way in all stages of the process, including making decisions about electoral law and regulation, they will be more trustful of the actions of the election officials all the way though the tabulation of result and resolution of electoral complaints. This in turn will greatly affect public perception of the election process and help reinforce public confidence.

Transparency in electoral process was a phrase not use frequently a decade ago. “Transparency” is now a Byword in election vocabulary and is very important in building public confidence. Transparency builds public confidence under the adage that if you are acting properly you have nothing to hide. Transparency, in its electoral sense, has numerous aspects.

1. It applies to allowing political contestants to view all aspects of electoral preparations, from making of the elections laws, selection of election conducting officer all the way though the ambulation of the result and resolution of complaints.
2. It also applies to allowing the public to witness the steps of the election process, usually though domestic nonpartisan election monitors and news media.
3. In many countries it even applies to allowing international community to witness the steps of the election process, usually though imperial international election observers.

Another Important recent development in international electoral trends, is the widespread acceptece of the contribution of domestic nonpartisan election observers. The last decade or so has seen at least two important developments in election monitoring. First election observation has become far more sophisticated, and their scope has expanded to e-compass a far wider arry of activities than before. The role of the systematic scrutiny. Increasing attention is being paid to the accuracy of voter-registration lists, and audits of electoral registries have become the norm rather then the exception. Electoral laws as well as comparing rules are now evaluated in far greater detail then ever before. All of these development enhanced in the election process to a great extent, which is further needed to be nurtured.

Participation of citizens group like FEMA in the election process is central to public confidence. The public confidence can be enhanced, by opening up and making the electoral process transparent to public by allowing citizen to monitor the election. Election observation by impartial civic bodies adds significantly in building public confidence in election process, besides, guaranteeing the integri0ty of an election it can ensure acceptability of elections in the eyes of general public.

It is equally important to recognize what a voter and civic educations are critical to genuine elections. The principal that "the will of the people shall be the basis of the authority of government" and that "will" can genuinely be express if the voters are adequately inform of the political choices and contestants though civic-voter education. The civic voter education must cover the basic of why it is important to vote and that vote will be secret, secure and respected.

# নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন

উপস্থাপক

**এ্যাডভোকেট সালমা ইসলাম**

**তারিখঃ ১১** মার্চ ২০০০ **ভেন্যুঃ** আইডিবি ভবন

**সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজ (সিএসপিএস)**

# নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন

**এ্যাডভোকেট সালমা ইসলাম**

## সূচনা

আজকের এই গুরুত্বপূর্ণ আলোচনা সভার সম্মানিত সভাপতি এবং উপস্থিত সুধীবৃন্দ, আস্‌সালামু আলাইকুম। এইরূপ একটি মহতি সভায় উপস্থিত হয়ে বক্তব্য রাখার সুযোগ পেয়ে আমি কৃতার্থ। আয়োজনকারী প্রতিষ্ঠান 'সিএসপিএস' এবং বিশেষতঃ এর নির্বাহী পরিচালক ভ্রাতৃতুল্য জেনারেল ইবরাহিমকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

"নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন" আমাদের দেশের জন্য একটা বিরাট চ্যালেঞ্জ। স্বাধীনতার পরবর্তীকাল হইতে এই ব্যপার গুলো আমাদের দেশে আজ পর্যন্ত বিতর্কিত। আমাদের মধ্যে নির্কাচনী ফলাপরকে মেনে নেয়ার উদারতা নেই। নির্বাচন হলেই আমরা বলি কারচুপি, সুক্ষ্র কারচুপি, পুকুর চুরি ইত্যাদি হয়েছে। আবার অভিযোগ গুলি যে ভিত্তিহীন সেটাও বলা সম্ভব নয়। এই প্রসঙ্গের উন্নতি বিধান করতে গেলে আমাদের প্রথম প্রয়োজন মন-মানসিকতার সংশোধন। এই পরিবেশ এক দিনে তৈরী হয়নি। কাজেই এটাকে সংশোধন করার জন্য আমাদের উদ্যোগ নিতে হবে। মোদ্দাকথা, আমরা কখনই ছাড় দিতে শিখিনি। আমাদের মধ্যে ক্ষমতা কুক্ষিগত করে রাখার মানসিকতা প্রবল। আমাদের দেশের বেশির ভাগ প্রতিষ্ঠানই নিরপেক্ষ নয়। এটা Axiom বা স্বত ঃ সিদ্ধ হিসাবেই ধরে নিয়েছি আমরা। ১৯৭৩ সাল থেকে শুরু আজঅবধি সবগুলো নির্বাচনেই দেখতে পাওয়া যায়। এই ধরনের বিশ্বাসযোগ্যতা সৃষ্টি করতে পারলে আমাদের দেশে সব রকম উন্নয়ন সম্ভব। নির্বাচন প্রসঙ্গে এতদ্বসঙ্গে আররও কিছু বিষয়ের অবতারনা না করে পারছি না। তবে তার মধ্যে বিশেষ হচ্ছে, জাতীয় সংসদে মহিলা সংরক্ষিত আসন, নির্বাচনকালীন সময় নির্বাচনী কেন্দ্রে মহিলাদের সব রকম উপস্থিতি, নির্বাচনে সেনাবাহিনীকে সংশ্লিষ্ট করানো, নির্বাচন কমিশনকে নিরপেক্ষভাবে ঢেলে সাজানো।

## সংসদে সংরক্ষিত মহিলা আসন

বাংলাদেশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসন সংখ্যা ৩০। সংবিধানে জাতীয় সংসদে ৩০ টি মহিলা আসন সংরক্ষিত আছে নির্দিষ্ট মেয়াদের জন্য। সংবিধানে বলা হয়েছে যে, ৩০ টি আসন কেবল মাত্র মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। তারা আইন অনুযায়ী সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হবেন। তবে সংসদের অন্য কোন আসনে মহিলারা নির্বাচন করতে চাইলে এ আইন তা রহিত করবে না। আসলে এই ৩০ টি সংরক্ষিত মহিলা আসনই যথেষ্ট নয়। যথেষ্ট কেন নয় সেটা ব্যাখ্যা করছি। প্রথম উদাহরন ১৯৯১ এর নির্বাচন। ঐ সময় রাজনৈতিক দলগুলো কর্তৃক মনোনীত প্রার্থীসমূহ মোট সংখ্যা ২৩৬৩) মোট পদত্ত ভোটের ৫২.৪৪ পায়। বিএনপি ৩০.৮১% ভোট পেয়ে ১৪০ টি আসন জিতেছিল, আওয়ামী লীগ ৩০.০৮% ভোট পেয়ে ৮৮ টি আসন জিতেছিল, জাতীয় পার্টি ১১.৯২ ভোট পেয়ে ৩৫ টি আসন জিতেছিল, জামায়াত ১২.১৩% ভোট পেয়ে ১৮ পি আসন জিতেছিল, অন্যরা ১৫.৬% ভোট পেয়ে ১৯ টি আসন জিতেছিল। এবার দ্বিতীয় উদহরন দেই ১৯৯৬ এর নির্বাচন থেকে। আওয়ামী লীগ ৩৭.৪৪% ভোট পেয়ে ১৪৬ টি আসন জিতে, বিএনপি ৩৩.৬১% ভোট পেয়ে ১১৬ টি আসন জিতে জাতীয় পার্টি ১৬.০৪% ভোট পেয়ে ৩২ টি আসন জিতে। অন্যরা ১২.৫৫% ভোট পেয়ে ৬ টি আসন জিতে। ১৯৯১ তে বিএনপি ও জায়ামাদের সম্মিলিত ৪২.৯৪ % ভোটারের ১৫৮ জন এমপি দ্বারা ৩০ জন মহিলা এমপি নির্বাচিত হন। অপরপক্ষে, ১৯৯৬ তে আওয়ামী লীগও জাতীয় পার্টির সাম্তি ৫৩.৮৪% ভোটারের ১৭৮ জন এমপি দ্বারা নির্বাচিত হন। উভয়ক্ষেত্রেই এই ৩০ জন মহিলা এমপিকে কোন

ক্রমেই সমগ্র বাংলাদেশের সকল ভোটারের প্রতিনিধি বলা যাবে সনা। এমনকি সমগ্র বংলাদেশের শুধু মহিলা ভোটারগনেরও প্রতিনিধি বলা যাবে না। এখানেই আমার বক্তব্য।

ব্যপারটা খুবই তৎপর্যপূর্ণ বলে আমি মনে করি এবং এবং এসম্পর্কে অবশ্যই বেশ কিছু প্রশ্ন ও সমস্যার কথা এসে যায়। এই সমস্যাকে আমাদের সমাধান করা উচিত। আমার প্রস্তাব হয় ৬৪ টি জেলা থেকে ৬৪ জন নারীকে সরাসরি শুধুমাত্র মহিলা প্রার্থীদের প্রতিদ্বিতার মাধ্যমে নির্বাচিত হওয়ার সুযোগ দেওয়া হোক। অথবা সংসদে যেই যেই রাজনৈতিক দল ৩০০ সিটের মধ্যে যেই যেই অনুপাতে আসন পাবে, সেই সেই অনুপাতে ঐ দল কর্তৃক মহিলা এমপি নির্বাচিত করবে।

**নির্বাচনী কেন্দ্রে মহিলাদের উপস্থিতি**

নির্বাচনী কেন্দ্রে সকল পর্যায়ে নির্বাচনী অফিসারবৃন্দ অবশ্যই মহিলা হওয়া উচিৎ। মহিলাদের আমরা অনেকংশে নির্ভরশীল মনে কনির। পোলিং অফিমারবৃন্দ মহিলা হলে মহিলা ভোটারদের জন্য আলাদা জায়গা রাখার প্রয়োজন হবে না। তারা অতি স্বাচ্ছন্দে এবং সাবলিলভাবে ভোটে অংশগ্রহন করতে পারবে। আসলে আমাদের দেশের অধিকাংশ মানুষ অশিক্ষিত। মহিলারাতো বেশীরভাগ ক্ষেত্রেই পশ্চাদপদ। তাদের অশিক্ষার হারও বেশী। পুরুষের সামনে তারা স্বভাবতই সংকোচবোধ করে এবং দ্বিধা দ্বন্ধে ভোগে। এক্ষেত্রে পুলিং অফিসাররা মহিলা হলে তাদের কোন প্রকার জড়তা থাকবে না। সুতরাং আমাদের এই পয়োজন গুলো কার্যকরী করতে হবে। শুধু বক্তৃতা, বিবৃত্তির মধ্য দিয়ে এগুলোকে কার্যকরী করা যাবে না। আমাদের নেতা-নেত্রীবৃন্দকে অবশ্যই জিনিসগুলো খতিয়ে দেখা উচিৎ। গণতান্ত্রিক মূল্যবোধকে সমূন্নত রাখতে ও গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টিতে এবং নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে এইগগুলো চালিকা শক্তি হিসাবে কাজ করবে বলে আমি মনে করি। যেহেতু আমাদের দেশে নির্বাচনী পরিবেশ মোটেও স্বচ্ছ নয় সেহেতু কিছু কিছু ক্ষেত্রে নতুন কিছু সৃষ্টি করা অত্যন জরুরী। গণতান্ত্রিকভাবে সৃষ্টাদি ব্যবস্থার মধ্য দিয়ে এগুলো বাস্তবায়ন সম্ভব নয়।

**নির্বাচনে সেনাবাহিনীকে সংশ্লিষ্ট করানো**

নির্বাচনকালীন নিরপেক্ষতা নিশ্চিত করতঃ আমাদের দেশে ব্যবহৃত হয়ে আসছে আইন প্রয়োগকারী সংস্থা যেমন, পুলিশ, বিডি আর, আনসার ও গ্রামপ্রতি রক্ষাদল ইত্যাদি। কিন্তু ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় কোন সময়ই এইসব আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা আমরা কাঙ্খিত ফল পাইনি। এমনকি এগুলো সবসমই একটা বিতর্কের সৃষ্টি করেছ। হয় তাদের দ্বারা কোন নিরাপত্তাই পাওয়া যায়নি, নয়তো তারা পরিস্থিতিকে সুশৃঙ্খলতার পরিবর্তে বির্শঙ্খলার জন্ম দিয়েছে। এটা মোটেও কোন সময়ের জন্য কাঙ্খিত নয়। আসলে আসলে সত্য কথা হচ্ছে, আমাদের আইনের প্রতি কোন শ্রদ্ধাবোধ নেই। শ্রদ্ধাবেধ থাকলে এইসব আইন প্রয়োগকারী সংস্থার ও দরকার হতো না। আইনের প্রতি বীতশ্রদ্ধার কারনেই আমাদের দেশের আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে আমরা সেইভাবে দেখিনা এবং সেই সুবাদে তারা বিভিন্ন ধরনের দুর্বলতার সুযোগ গ্রহন করে এবং যে কোন পরিস্থিতি সীমা ও নিয়ন্ত্রনের বাইরে চলে যায়। এর জন্য আমাদের মূল্যবোধই প্রকৃত দায়ী। সেই মূল্যবোধটি আমরা সৃষ্টি করতে পারছি না। এই প্রসঙ্গে না বলে পারছিনা যে, প্রবাদ আছে “শক্তের ভক্ত নরমের যম” এই প্রবাদের আলোকে দেখা যায় যে, আমাদের দেশে যে নিয়মিত সশস্ত্র বাহিনী তথা সেনাবাহিনী বিদ্যমান সেটাকে আমরা অবশ্যই এখনো পর্যন্ত বিতর্কের উর্দ্ধে রেখেছি এবং কিছুটা হলেও তাদের ভূমিকার প্রতি এখনো অধিকাংশ মানুষের শ্রদ্ধাবোধ কাজ করছে। এটা অস্বীকার করার উপায় নেই যে, কেউ বিতর্কের উর্দ্ধে নয়। তবে পরিবেশ বিবেচনা করে সেনাবাহিনীকে সম্পৃক্ত করতে পারলে আমার মনে অনেকাংশে নিরাপত্তা ও

নিরপেক্ষতা নিশ্চিত করা সম্ভব। এই চিন্ত ভাবনার সাথে আমি মনে করি বেশিরভগ মানুষই একমত হবেন। সময়ের নিরিখে এটা আমাদের রাজনীতিবিদদের অবশ্যই বিবেচনায় নেয়া উচিৎ।

**নির্বাচন কমিশনকে নিরপেক্ষভাবে ঢেলে সাজানো**

সত্যি কথা বলতে কি, যেখানে নির্বাচন পূর্ব ও পরবর্তী কোন পরিস্থিতি আমরা নিরাপত্তা ও নিরপেক্ষতায় পরিপূর্ণ এটা ভাবতে পারিনা বা আমাদের এটা অভ্যামেস পরিণত হয়েছে যে, কোন নির্বাচনই সঠিক নয়ঃ সেক্ষেত্রে নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন উঠাটা খুবই স্বাভাবিক। আসলে আমার মনে হয় যে, আমাদের রাজনীতিবিদদের বোঝার মাত্রা খুবই কম। যদি তত্ত্বাবধায়ক সরকারের প্রধানকে ঐক্যমতের ভিত্তিতে মেনে নিতে পারে, তাহলে নির্বাচন কমিশনকে ঐ তত্ত্বাবধায়ক সরকারের আঙ্গিকে ঢেলে সাজাতে অসুবিধা কোথায়? আমার মতে, নির্বাচন কমিশনকেউ নিরপেক্ষতার মধ্য দিয়ে তৈরী করতে হবে। যেমন কমিশন সবসময় বিতর্কের উর্দ্ধে থাকে।

**উপসংহার**

পরিশেষে এই সংক্ষিপ্ত লেখার মধ্য দিয়ে অনেক কিছু বলার চেষ্টা করেছি। আজকের এই গুরুত্বপূর্ণ আলোচনার মধ্যে আমার চিন্তার ক্ষুদ্র পরিসরে এই লেখা। মূল কথা হচ্ছেঃ নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা আনতে গেলে আমাদের যুক্তিশীল ও ফলপ্রসু চিন্তা করতে হবে। সবাই যদি চেষ্টা করি, বার বার চেষ্ট করি এবং সমাজে যদি এটা নিয়ে ব্যাপক আলোচনা হয়, তাহলে হয়তো বা কঙ্খিত ফল পাব। সবইকে ধন্যবাদ।

# রাজনৈতিক সংকট ও আগামী নির্বাচন

উপস্থাপক

**ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি

**তারিখঃ** ১১ মার্চ ২০০০ **ভেন্যুঃ** আইডিবি ভবন

**সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজ (সিএসপিএস)**

# রাজনৈতিক সংকট ও আগামী নির্বাচন

**ওয়াহিদ উদ্দিন মাহমুদ**
সভাপতি, বংলাদেশ অর্থনীতি সমিতি

অনেকের ধারণা যে দেশের বিরাজমান রাজনৈতিক বিরোধ এমন পর্যায়ে এসেছে যে সরকার ও বিরোধীদলগুলোর মধ্যে কোন প্রকারের মত-বিনিময় বা আলাপ-আলোচনার আর সুযোগ নেই। এ ধারণা- প্রসূত ফলাফল কিছুতেই মেনে নেয়া যায় না। দীর্ঘ মেয়াদ গণতন্ত্রকে সুসংহত করা যায় সে প্রশ্নে এমন যদি নাও যায়,অন্ততঃপক্ষে পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠানের বিষয়টি নিয়ে তা ভাবতেই হবে। এবং এ নিয়ে চিন্তা-ভাবনা করতে গিয়েও তো সরকার ও বিরোধীদলের মধ্যে একটা আলাপ- আলোচনার সুত্রপাত হতে পারে। সে কারণে আজকের আলোচনা অনুষ্ঠানটি খুব সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি এবং উদ্দ্যোগতাদের ধন্যবাদ জানাই।

সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেত্রীকে লিখা একটি খোলা চিঠিতে আমি বলেছি যে কোন প্রকার রাজনৈতিক সমঝোতা ছাড়া আগামীতে তত্ত্বাবধায়ক সরকারের পক্ষেও সুষ্ঠু নির্বাচনের করা সম্ভব হবে কিনা তা নিশ্চিত করে বলা যায় না। এ সুযোগে কথাটির আর এতটু ব্যাখ্যা দিতে চাই। তত্ত্বাবধায়ক সরকারকে শাসনতন্ত্রের নির্ধারিত সীমিত সময়ের মধ্যে নির্বাচন সংক্রান্ত সকল কাজ সম্পন্ন করার জন্য একটি কাঠস সময়সূচী অনুসরণ করতে হব। বিগত তত্ত্বাবধায়ক সরকারের কার্যকালের অভিজ্ঞতায় দেখাগেছে যে রাজনৈতিক দলগুলো তাদের পরস্পর-বিরোধী দাবী-দাওয়া উত্থাপন করে নির্বাচন বর্জনের হুমকি দিতে থাকে। বর্তমান উত্তপ্ত রাজনৈতিক পরিস্থিতি অব্যাহক থাকলে বা আরো উত্তপ্ত হয়ে উটলে নির্বাচন সংক্রান্ত দাবী- দাওয়া নিয়ে রাজনৈতিক দলগুলো এবার আরও অনমনীয় অবস্থান নেবে বলেই ধারণা করা যায়। নির্বাচন কমিশনের গঠন, বিশেষতঃ জেলা পর্যায়ের প্রশাসনিক রদবদলল, নির্বাচনে সেনাবাহিনীর ভূমিকা কারাবন্দী রাজনৈতিক কর্মীদের মুক্তি, নির্বাচনী আচরণ সংক্রান্ত বিধি- নিষেধ প্রয়োগের ক্ষেত্রে কঠোরতার মাত্রা - এ সকল বিষয়েই প্রচন্ড মত বিরোধ সৃষ্টি হতে পারে। তত্ত্বাবধায়ক সরকারের পক্ষে তখন নির্দির্স্ট সময়-সূচীর মধ্য থেকে এ সব প্রশ্নে সকল পক্ষের নিকট গহণযোগ্য সমাধান খুঁজে বের করবার সুযোগ কতখানি থাকবে?

সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান ও গণতন্ত্রকে সুসংহত করার বিষয়ে রাজনৈতিক দলগুলোর যদি সদিচ্ছা থাকে (আমরা ধরে নেব নিশ্চয়ই তা আছে), তাহলে সংবিধান ও নির্বাচনী আইনের কিছু প্রযোজনীয় সংশোধনের পদক্ষেপও এখনই নিতে হবে। সেজন্যও কিছু কিছু বিষয়ে সমঝোতার প্রযোজন। নির্বাচন-সংক্রান্ত মামনার দ্রুত নিস্পত্তি, নির্বাচনী ব্যয় ও নির্বাচন সংক্রান্ত অন্যান্য আচরণবিধি কার্যকর করার ব্যবস্থা, নির্বাচন কমিশনের ক্ষমতা বৃদ্ধি, রাজনৈতিক দলের অর্থায়নের স্বচ্ছতা, সংসদে মহিলাদের প্রতিনিধিত্ব, নির্বাচিত সরকারের মেয়াদকাল ইত্যাদি বিষয়ে রাজনৈতিক নেতৃত্বের কাছ থেকে নাগরিক সমাজের তা জানতে চাইবার অধিকার আছে।

বর্তমান রাজনৈতিক পরিবেশে নাগরিক সমাজের আর একটি দায়িত্ব হল জনমত সৃষ্টির মাধ্যমে নির্বাচনে দলীয় প্রার্থী মনোনয়নের প্রক্রিয়াকে প্রভাবিত করা। নির্বাচনকে সন্ত্রাস ও কলো টাকার প্রভাব থেকে মুক্ত করতে হলে এবং গণতন্ত্রকে জনকল্যাণমুখী করতে হলে সন্ত্রাসাশ্রয়ী ও দুর্নীতিবাজ প্রার্থীদের মনোনয়ন রোধ করতে হবে। 'সৎ প্রার্থীকে নির্বাচিত করুন, সন্ত্রাস ও চাঁদাবাজীর পৃষ্ঠপোষকদের প্রত্যাখ্যান করুন' - এ শ্লোগান দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দিতে হবে। সুস্থ গণতান্ত্রিক প্রক্রিয়ার উপর আস্থা ফিরিয়ে আনতে মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। এটি তো একটি সম্পূর্ণ দল-নিরপেক্ষ আন্দোলন হতে পারে এবং কারো পক্ষে অন্ততঃ প্রকাশ্যে এ আন্দোলনের বিরোধিতা করার কথা নয়। তাহলে দল-মত নির্বিশেষে নাগরিক সমাজের প্রতিনিধিত্বকারী সকল সংস্থা ও সংগঠনের পক্ষ থেকে এ অভিযান আমরা শুরু করি না কেন?

# নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন


উপস্থাপক

**অধ্যাপক মোঃ আলী আশরাফ, এমপি**

সভাপতি, অর্থমন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

বাংলাদেশ জাতীয় সংসদ



**তারিখঃ ১১** মার্চ ২০০০ **ভেন্যুঃ** আইডিবি ভবন

**সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজ (সিএসপিএস)**

# নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন

**অধ্যাপক মোঃ আলী আশরাফ, এমপি**
সভাপতি, অর্থ-মন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

**সূচনাঃ**

সভায় উপস্থিত সকলের প্রতি আমি শ্রদ্ধা জানাচ্ছি। আমাকে দাওয়াত দেয়ার জন্য আমি উদ্যোক্তাদের ধন্যবাদ জানাচ্ছি। বিষয়টি অত্যন্ত সময়োপযোগী বিদায় আমি এ আলোচনায় এবং তার পরবর্তী কর্মকান্ডের প্রতি আগ্রহী। উপস্থিত থাকতে পারলে আমি আনন্দিত হতাম। কিন্ত এই সময়ে আমি পবিত্র হজ্ব পালনের নিমিত্বে দেশের বাইরে অবস্থানরত আছি বিদায় আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য বিদেশের পথে রওয়ানা দেয়ার আগে রেখে গেলাম।

নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়নে বেশ কিছু প্রস্তাব অবশ্যই আমাদের বিবেচনা করা উচিত।

**প্রথমতঃ**

যারা নির্বাচন কমিশনে আসিন থাকবেন তাদেরকে অবশ্যই Neutrality রক্ষা করতে হবে। তবে নিরপেক্ষতা প্রসঙ্গে প্রশাসনিক কর্মকর্তা ও পুলিশ বাহিনীকে আমি বিশসভাবে ইঙ্গিত দিচ্ছি। তাদেরকে এই দায়িত্ব অত্যন্ত সুষ্ঠুভাবে তথা Properly পালন করতে হবে। তাদের দায়িত্ববোধকে নিষ্ঠার সঙ্গে দেখতে হবে। এছাড়া নির্বাচনী দায়িত্বে নিয়োজিত ম্যাজিষ্ট্রেট ও পোলিং অফিসারদেরকেও তাদের স্ব স্ব দায়িত্ব বা কর্তব্য অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করতে হবে।

**দ্বিতীয়তঃ**

আমাদের মত তৃতীয় বিশ্বের দেশে নির্বাচনী ব্যয় অত্যন্ত বেশী। এটা মোটেও সমীচিন নয়। It is necessary to curtail the expenditure of election propaganda নির্বাচনী Poster Festoon করতে হবে। এই ক্ষেত্রে নির্বাচন কালীন একজন NTO (থানা নির্বাহী অফিসার) কে কমপক্ষে ৫ টি করে প্রজেকশন মিটিং এর দায়িত্ব দিতে হবে। সেটা অবশ্যই নির্বাচন কমিশন নির্ধারণ করে দেবে। কত টাকা নির্বাচনী প্রচারনায় ব্যয় করা যাবে এটার ব্যয় ভার নির্বাচন কমিশন বহন করবে। তাহলে প্রত্যহ নির্বাচন করা সম্ভব।

**তৃতীয়তঃ**

নির্বচনকালীন Conflict between the candidates এটাকে prohibited রাখতে হবে। তাছাড়া নির্বাচন কমিশনকে ঘোষনা করতে হবে এবং তাদে ঘোষনা যেন বাস্তবায়িত হয় এই মর্মে পদক্ষেপ গ্রহন করতে হবে যে, নির্বাচনী কেন্দ্রে যেন Arms free, Money free, Mastan free থাকে। এর অন্যথা হলে সেটাকে strictly দমন করতে হবে। নির্বাচনকালীন নিয়োজিত সংশ্লিষ্ট অফিসাদের উপরও নির্বাচন কমিশন তাদের মনিটরিং আরও জোরদার করবেন। কোন প্রকার দূর্নীতির আশ্রয় যেন নিতে না পারে। প্রয়োজনে Candidate দের নিকট হতে নির্বাচন কমিশন সমাহারে ১০ থেকে ১৫ হাজার টাকা নিয়ে প্রজেকশন মিটিং এর জন্য ব্যয় করবে। উপরন্ত প্রার্থীদের অঙ্গিকার থাকবে তারা দেশের জন্য কি করবেন? এই জিনিসগুলো Ensure করতে পারলে নির্বাচনী পরিবেশ তৈরী করা সম্ভব।

**চতুর্থতঃ**

Media শক্তিশালী ও গতিশীল করতে হবে। Media র মাধ্যমেই মানুষকে অনেকাংশে Mould করতে পারলে সচেতনতা বৃদ্ধি পাবে। মনিটরিং ব্যবস্থা অত্যন্ত সুশৃঙ্খল করতে হবে, সেটা করতে পারলেই নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা নিশ্চিত হবে। এছাড়াও বাইরের থেকে নির্বাচনী পর্যবেক্ষক দল আনা অত্যাবশ্যকীয়। জেলা পর্যায়ে যারা প্রশাসনিক কর্মকান্ডে নিয়োজিত থাকবেন তাদের উপরও মনিটরিং এর ব্যবস্থা রাখতে হবে। কোন এক অংশের উপর মনিটরিং করলে চলবে না। এছাড়াও মিডিয়ার মাধ্যমে ইলেক্টোরেট দেরকে ওরিয়েনটেশন এর ব্যবস্থা করতে হবে। যাতে করে তারা কোনভাবে বা কাহারো দ্বারা Influenced হতে না পারে সেক্ষেত্রে Microscopy Deviation থাকতে হবে।

**পঞ্চমতঃ**

আবারও বলছি Expenditure cut করতে হবে। নির্বাচনী প্রচারনার equal chance থাকতে হবে। যতসব unproductive activities strictly বন্ধ করতে হবে।এসব এনশিউর করতে হবে। Persons concerned --- he should mean. এানুষকে mould করতেহবে সর্বোত্তভাবে। এটা না করতে পারলে গণতন্ত্র এই ইতিহাস থেকে চির তরে মুছে যাবে। Prove it in action. বাস্তবে মানুষ যখন দেখবে তখনই এটা সম্ভবপর হবে। অসত্য ও অবাস্তব জিনিস নিয়ে ঘাটা ঘাটি করলে মানুষতো আমাকেই নিন্দা করবে। এই মূল্যবোধ আমাদের সৃষ্টিকরা প্রয়োজন। সেটা মোটিভেশন ও মানুষকে Mould করার মধ্য দিয়ে সম্ভব। কেননা সত্য শ্বাসত এটা প্রকাশ পাবেই। কেউ সত্যটাকে দাবিয়ে রাখতে পারবে না।

**ষষ্ঠতঃ**

এদেশের মানুষের জন্য Free and Fair Election এর নিশ্চয়তা একমাত্র কেয়ার টেকার সরকারই দিতে পারে। Caretaker govt. is a good concept. They have no interest. তারা সমস্ত পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করতে সক্ষম। যেমন, Election expenditure cut নির্বাচনী প্রার্থীদের income tax paid কিনা সেটা তারা তদন্ত করবে এবং তদন্তে অসপূর্ণতা দেখা দিলে তার নমিনেশন বাতিল করতে হবে। এগুলো তত্ত্বাবধায়ক সরকারকে কঠোরভাবে হস্তক্ষেপ করতে হবে।

**সপ্তমতঃ**

আমাদের দেশে নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা বিশ্বাসযোগ্যতা আনয়ন সম্ভব কিনা তার একটা পকৃত উদাহরণ হচ্ছে BGMEA নির্বাচন আমি নিজে যেটা conduct করেছি I meant it an did it religiously. এটাতে অবশ্যই Integrity থাকতে হবে। যাতে করে কেউ পশ্ন তুলতে না পারে। এছাড়া FBCCI এর নির্বাচন এরকই স্বচ্ছতার নিদর্শন। তা হলে জাতীয় পর্যায়েও একই পরিবেশ নিশ্চিত করা সম্ভব। টাকা আর মাস্তানি এ দুটো থেকে মানুষকে যথা সম্ভব দুরে রাখতে হবে। এক মাত্র তত্ত্বাবধায়ক সরকরের পক্ষে এই গুলো নিশ্চিত করা সমম্ভব। Take it previously and it will be ensured.

সর্বোপরি, সামরিক বাহিনীকেও নির্বাচনে সংশ্লিষ্ট করতে হবে। গণতন্ত্রকে সুসংহত করতে গেলে সুষ্ঠু প্রতিনিধী দরকার। মানুষকে বুঝাতে হবে। তাদেরকে বিভ্রান্তিতে ফেলা যাবে না। আমড়া গাছ লাগিয়েতো আর আপেল

আশা করা যায় না? Quality সম্পন্ন মানুষ বের করতে হবে। এটা সম্ভব মানুষকে আমরা কতটুকু সম্মান করতে পারি, তার মধ্য দিয়ে।

# বাংলাদেশে নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন

বিবিধ বিষয়ে উপস্থিত আলোচকগন এর মূল আলোচনা অনুযায়ী
বক্তব্যের সারমর্ম ও সুপারিশমালা

## ১। নির্বাচন কমিশনকে শক্তিশালী করা প্রসঙ্গে

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

ক. নির্বাচন কামিশনের কাঠামোগত সংস্কার সাধন করতে হবে সর্বাগ্রে। বিশেষ করে প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগের ব্যাপারে।

খ. তৃণমূল পর্যায়ে (glass root level) নির্বচন কমিশনের স্থায়ী কর্মচারীদের দিয়ে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করার ব্যপারে চিন্তাভাবনা করার সময় এসেছে। কারণ, আমলাতন্ত্রের মেরুকরণ (polarization) যেভাবে ঘটছে, তাতে আমলাদের যদি নির্বান পরিচালনা করতে দেয়া হয় তবে ভবিষ্যতে নির্বাচনের বিশ্বাসযোগ্যতা ক্ষুন্ন হতে পারে। অর্থাৎ, নির্বাচন কমিশনকে কিভাবে শাক্তিশালী করা যায়, সে ব্যাপারে এখই পদক্ষেপ নিতে হবে।

**ডঃ ওয়াহিদ উদ্দীন মাহমুদ**

নির্বাচন কমিশনের গঠন বদলাতে হবে। বিশেষত: জেলা পর্যায়ে প্রশাসনিক রদবদল অপরিহার্য।

**বিচারপতি আব্দুর রউফ**

ক. Election Commission Gi Financial Support খুবই গুরুত্বপূর্ণ নির্বাচন কমিশনকে শক্তিশালী করতে হলে তাকে সর্বিক কতৃত্ব প্রধান করতে হবে।

খ. নির্বচন কমিশকে শক্তিশালী এবং অর্থনৈতিক দিক থেকে পুরোপুরি স্বাধীন হতে হবে। নির্বাচনকে যদি আমরা জাতীয় সত্ত্বার জন্য বিশেষভাবে চিন্তা করি তাহলে Constitution fund এর সঙ্গে Constitution amend করে নির্বাচন কমিশনের চার্জ লাগিয়ে দিতে হবে। তা না হলে, পার্লামেন্ট যে বাজেট করবে সে বাজেট নির্বাচন কমিশনকে দিয়ে দেবে। নির্বাচন কমিশন টাকা খরচ করবে এবং অর্থ মন্ত্রনালয়ে নির্বাচন কমিশনের কোন ফাইল যাবে না। অডিটর জেনারেল সরাসরি সেটা অডিট করবেন।

**অধ্যাপক এম আলী আশরাফ, এমপি**

নির্বাচন কমিশন প্রার্থীদের নিকট হতে সমহারে ১০ থেকে ১৫ হাজার টাকা করে নিয়ে নির্বাচনী এলাকায় প্রজেকশন নিটিং এর করবে।

**কর্ণেল (অবঃ) শওকত আলী, এমপি**

নির্বাচন কমিশনকে সর্বোচ্চ ক্ষমতা দেয়া উচিৎ এবং নির্বাচন কমিশন সকল নির্বাচনে চুড়ান্ত ক্ষমতা প্রয়োগ করবে। এর জন্য আইন সংশোধনী ও নতুন আইন প্রণয়ন করতে হবে।

**জনাব আবুল কালাম আজাদ, এমপি**

নির্বাচন কমিশনকে আইনের সংশোধনীর মাধ্যমে শক্তিশালী করতে হবে। সরকার ও বিরোধী দলীয় উভয় পক্ষের সদস্যদের মতামতের ভিত্তিতে এটা করতে হবে।

**মেজর (অবঃ) হাফিজ উদ্দীন আহমেদ, বীর বিক্রম, এমপি**

ক. নির্বাচনকে আমাদের প্রভাবমুক্ত রাখতে হবে, এবং প্রধান নির্বাচন কমিশনের আইনি ক্ষমতা বাড়াতে হবে। রিটার্নিং অফিসার অথবা প্রিসাইডিং অফিসারের সিদ্ধান্তকে নির্বাচন কমিশনার Overwrite করতে পারবেনড়এ ধরনের সুনিদিষ্ট ক্ষমাতা নির্বাচন কমিশনকে দিতে হবে।

খ. নর্বাচন কমিশনের নিজস্ব ক্যাডার সার্ভিস থাকবে যারা নির্বাচন পরিচালনা করতে। তাদেরকে সন্তোষজনক বেতন দিতে হবে, যাতে তারা দূর্নীতি না করতে পারে। নিজস্ব জনবল দিয়ে নির্বাচন কমিশনকে নির্বাচন পরিচালনা করতে হবে। আমলাদের নিরপ্রেক্ষতা নিশ্চিত করতে হবে। সবশেষে, নির্বাচন কমিশনকে শক্তিশালী করা জরুরী।

**জনাব খালেকুজ্জামান, এমপি**

নির্বাচন প্রক্রিয়াকে সরকারী প্রভাবমুক্ত রাখতে হবে। তাদেরকে সৎ হতে হবে। নির্বাচন কমিশনকে শক্তিশালী করতে হবে।

**প্রফেসর আতাউর রহমান**

The Election Commission which is the central mechanism for conducting the election and publishing results need thought reorganization in terms of appointments and efficiency. The Chief Election Commissioner and two other commissioners should be appointed from the higher judiciary, i. e., from the judge of the Appellate Division he Supreme Court or from the High Court. There is a need to strengthen the Election Commission in arms of competencies and honesty. In fact, it should have a full Secretariat like the Parliament Secretariat with full autonomy, quasi-judicial power over the bureaucrats, law-enforcing agencies and the other people whose services may be summoned. There should be a separate and adequate budget allocation for the Election Commission. In fact, the autonomy and empowerment of the Election Commission may contribute significantly to a free and fair election process.

**বাংলায় অনুবাদঃ** জনবল নিয়োগ এবং কার্যক্ষমতার দিক থেকে নির্বাচন কমিশনকে পুনর্গঠন করতে হবে। প্রধান নির্বাচন কমিশনারসহ অপর দুজন নির্বাচন কমিশনারকে উচ্চ বিচার বিভাগ তথা সুপ্রিম কোর্ট অথবা হাইকোর্টের আপীর বিভাগ হতে নিয়োগ দিতে হবে। নির্বাচন কমিশনের সততা ও দক্ষতার জন্য একে শক্তিশালী করা অপরিহার্য। প্রকৃত অর্থে, নির্বাচন কমিশনকে শক্তিশালীকরনের জন্য প্রয়োজন সংসদ সচিবালয়ের ন্যায় সম্পূর্ণ স্বাধীন একটি নিজস্ব সচিবালয়, নিজস্ব আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্যান্য জনশক্তি যাদের চাকুরী হবে জবাবদিহীমূলক। সেই সাথে নির্বাচন কমিশনের জন্য থাকবে একটি স্বাধীন বাজেট।

**শাহ্ আব্দুল হান্নান**

Election Commission unless the top officers, i.e. 100 out of 500, are not from judiciary, this Election Commission cannot do its duty and this Election Commission will be a civil Election Commission and will be under a civil government, whether caretaker or whatever.

অর্থাৎ, নির্বাচন কমিশনের শীর্ষ কর্মকর্তারা যদি বিচার বিভাগের না হয়, তাহলে নির্বাচন কমিশন স্বাধীনভাবে তার দায়িত্ব পালন করতে পারবে না। একটি বে-সামরিক সরকারের অধীনে নির্বাচন কমিশন ও হবে বে-সামরিক।

**জনাব ফিরোজ এম হাসান**

The Election Commission must be able to take independent and effective actions to protect the integrity of the election process. It is essential that the election laws must guarantee equal treatment and practical procedural due process in order to ensure a credible election. Such precautions really help ensure the satisfaction of voters an political contestants in situation where they perceive, rightly or wrongly, that they have been unfairly treated.

**বাংলায় অনুবাদঃ** নির্বাচনে নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা রক্ষা করার জন্য নির্বাচন কমিশনকে অবশ্যই স্বাধীন এবং কার্যকর পদক্ষেপ গ্রহনের অধিকারী হতে হবে। বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করার লক্ষে নির্বাচনী-আইন কানুন ও বিধিমালায় নিপেক্ষ আচরইণ ও প্রয়োগের নিশ্চয়তা থাকেতে হবে। এটি নিশ্চিত করা গেলে, ভোটাররা এবং প্রতিদ্বন্দ্বীরা আশ্বস্ত হবে।

**মেজর জেনারেল (অবঃ) এজাজ আহমেদ চৌধুরী**

Election Commission can be strengthened up. Election Commission can be given more responsibility and power. অর্থাৎ, নির্বাচন কমিশনকে শক্তিশালী করলে এবং নির্বচন কমিশনকে আরো ক্ষমতা ও দায়িত্ব প্রধান করা যায়।

**গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) নজরুল ইসলাম**

ক. 'নির্বাচন কমিশন সার্ভিস' নামে একটি ক্যাডার সার্ভিস গঠন করা প্রয়োজন। এই সার্ভিসের নির্দেশনা ও নিয়ন্ত্রণ থাকবে রাষ্ট্রপতির সচিবালয়ের উপর। এই ক্যাডার সার্ভিস দেশের সকল অঞ্চলে নির্বাচনের সকল কার্য সম্পন্ন করবে।

খ. নির্বাচন কমিশন নির্বাচনী এলাকাগুলিতে একবা একাদিক প্রজেকশন মিটিং আয়োজনের মাধ্যমে এলাকার সকল প্রার্থীদের পরিচয় করিয়ে দেবে। এবং প্রার্থীরাও তাদের নিজ নিজ বক্তব্য রাখবে। প্রার্থীরা স্ব-উদ্যোগে কোন মিছিল-মিটিং এর করতে পারবেনা।

**এ্যাডভোকেট এ টি এম আলমগীর**

ক. নির্বাচন কমিশনকে ঢেলে সাজাতে হবে যাতে করে নির্বাচন কমিশন ডিসি বা টিএনও-র উপর নির্ভরশীল না হয়। সেজন্য জেলা ও থানা পর্যায়ে নির্বাচন অফিসার নিয়োগ করতে হবে। এছাড়া প্রত্যেক ইউনিয়নে ১ জন করে নির্বাচনী স্টাফ থাকতে হবে। রাজনৈতিক সংশ্লিষ্টতা ছিল এমন কাইকে নিয়োগ দেয়া যাবেনা।

খ. জেলা জজ বা অতিরিক্ত জেলা জজকে নিটানিং অফিসার হিসাবে রাখতে হবে। এক্ষেত্রে অ-রাজনৈতিক লোক নিয়োগ করতে হবে।

**নাম প্রকাশ্যে অনিচ্ছুক নির্বাচন কমিশনের একজন কনিষ্ঠ কর্মকর্তা**

ক. নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়নে বাংলাদেশের নির্বাচন কমিশনকে একটি স্বাধীন এবং শক্তিশালী সংস্থা হিসাবে গঠন করতে হবে, এবং এর কোন বিকল্প নেই।

খ. প্রধান নির্বাচন কমিশনারের পদ মর্যাদা ও ক্ষমতা বর্তমান অবস্থা থেকে আরও বৃদ্ধি করতে হবে। একই সাথে দু'জন নির্বাচন কমিশনারের পদ মর্যাদা বৃদ্ধিও একান্ত অপরিহার্য।

গ. নির্বাচন কমিশন সচিবালয়কে সরকারের প্রশাসনিক আমলাদের খবরদারী থেকে সম্পূর্ণ মুক্ত করতে হবে। অর্থাৎ নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব থেকে উপজেলা নির্বাচন কর্মকতা পর্যন্ত সকল কর্মকর্তাকে নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব কর্মকর্তা হতে হবে।

## ২। নির্বাচনকে কালো টাকার প্রভাবমুক্ত রাখা প্রসঙ্গে

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

যদি অনেক দেশের মত সরকার অথবা পার্টি থেকেই প্রার্থীর নির্বাচনী খরচ বহন করা হয়, তাহলে আমার মনে হয় অনেকটা দূর্নীতিমুক্ত (Pollute free) পরিবেশ পাওয়া যাবে।

**ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

ক. নির্বাচনকে সন্ত্রাস ও কালো টাকার প্রভাবমুক্ত রাখতে হবে এবং গণতন্ত্রকে জনকল্যাণমূখি করতে হলে সন্ত্রাস ও দূর্নীতির আশ্রয়ে যে সব রাজনৈতিক বা রাজনৈতিক নামধারী ব্যক্তি আছেন তাদের মনোনয়নকে রোধ করতে হবে।

খ. **"সৎ প্রার্থীকে নির্বাচিত করুন, সন্ত্রান ও চাঁদাবাজির পৃষ্ঠপোষকদের প্রত্যাখ্যান করুন"** এ শ্লোগান দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দিতে হবে। সুস্থ গণতান্ত্রিক প্রক্রিয়ার উপর আস্থা ফিরিয়ে আনতে মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। এই আন্দোলনটি সম্পুর্ণ দলমত নিরপেক্ষ হবে। নাগরিক সমাজের প্রতিনিধিত্বকারী সকল সংস্থা ও সংগঠনকে আমরা এই শ্লোগানের বিত্তিতে একটা অভিযান পরিচালনার পদক্ষেপ নিতে পারি। যারা দলীয় রাজনীতির ভিতরে থেকে ভাল কাজ করতে চান, তাদের হাতকে আমরা শক্তিশালী করতে পারি বাইরে থেকে।

**অধ্যাপক এম আলী আশরাফ, এমপি**

নির্বাচনী মৌসুমে প্রতিদ্বন্দ্বীদের মধ্যকার সংঘাত কঠোরভাবে দমন করতে হবে। তাছাড়া, নির্বাচন কমিশনকে গোষণা দিতে হবে যেমন নির্বাচন কেন্দ্রে অবৈধ অস্ত্র, কালো টাকা ও মাস্তান যুক্ত থাকে এবং তাদের ঘোষণা যেন বাস্তবায়িত হয়, এই মর্মে পদক্ষেপ গ্রহন করতে হবে। এর অন্যথা হলে সেটাকে কঠোরভাবে দমন করতে হবে। নির্বাচনকালীন নিয়োজিত সংশ্লিষ্ট অফিসারদের উপর নির্বাচন কমিশন তাদের মনিটরিং আরও জোরদার করবেন। কোন প্রকার দুর্নীতির আশ্রয় তারা যেন নিতে না পারে।

**কর্ণেল (অবঃ) এম শওকত আলী, এমপি**

আইন করে Money, Muscle and Manipulation বন্ধ করা যাবে না। এর জন্য গণসচেতনতা দরকার।

**আবুল কালাম আজাদ এমপি**

Black money বা কালো টাকা বন্ধ করতে হবে। নির্বাচন কমিশনই নির্বাচনী প্রচারণার সকল ব্যয়ভার বহন করবে, প্রয়োজনে প্রার্থীদের কাজ থেকে তহবিল সংগ্রহ করবে নির্বাচন কমিশন।

**মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমেদ, বীর বিক্রম, এমপি**

রির্টানিং বা প্রিজাইডিং অফিসারদের নির্বাচনকালীন malpractice বন্ধ করতে হবে। এ ধরনের কাজে শাস্তি স্বরূপ বিশেষ আইন প্রণয়ন করা উচিৎ। সরকার পরির্বতন হলে মন্ত্রীদের জেল হয় , কিন্তু ভোট কারচুপির সাথে জড়িত এসকল অফিসারদের কোন শাস্তি হয় না। বিচার সবসময় সবার ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে।

**জনাব মোহাম্মদ খালেকুজ্জামান, এমপি**

ক) নির্বচনে গড়হবু এবং গঁংপষব এর ব্যবহার বন্ধ করতে হবে। রিটার্নিং অফিসার এবং আইন প্রয়াগকারী সংস্থা যারা নির্বাচনকে কালো টাকা এবং পেশী শক্তির প্রভাব থেকে রক্ষা করবে, তারাই দেখা যায় কালো টাকা এবং পেশী শক্তির প্রভাবে প্রভাবিত হয়ে যায়। তাদের এই দ্বি-মুখী নীতিকে কঠোরভাবে দমন করতে হবে।

খ) মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত অফিসারগণকে রহরঃরধঃরাব দিয়ে বিভিন্ন অপকর্ম বা দূর্নীতি বন্ধ করতে হবে। চাকা দিয়ে নির্বাচনী যন্ত্রকে ব্যবহার বন্ধ করতে হবে। এগুলো বন্ধ করার জন্য চৎবাবহঃরাব অপঃরড়হ এবং পরবর্তীতে ঈৎধঃরাব অপঃরড়হ নিতে হবে।

**জনাব আজিজুল হক**

Money, Muscle and Manipulation - এই তিনটা জিনিসকে নিয়ন্ত্রণ করতে হবে কঠোরভবে। তা না হলে নির্বাচন অবাধ ও নিরপ্রেক্ষ হবে না।

**জনাব হিলাল উদ্দিন**

সমাজের বিভিন্ন স্তরে সৃষ্ট 'মারি ক্রেইজ' (Money Craze) কে বন্ধ করতে হবে। রাজনৈতিক ক্ষমতা, অর্থনৈতিক ক্ষমতা বাড়ায় এবং অর্থনৈতিক ক্ষমতা, রাজনৈতিক ক্ষমতা বাড়ায়- Geometric Progression বা জ্যামিতিক হারে এটা চলছে। এই পরিস্থিতিকে যেকোন ভাবে হোক রোধ করতে হবে।

**এ্যাডভোকেট এ. টি. এম আলমগীর**

নির্বাচনকালীন কালো টাকার ব্যবহার বন্ধ করতে হবে। কালো টাকাই নির্বাচনে সন্ত্রাস আমদানী করে।

**৩। তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ বৃদ্ধি ও অন্যান্য প্রসঙ্গে**

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

তত্ত্বাবধায়ক সরকারের মূল দায়িত্ব হচ্ছে, নির্বাচন কমিশনের উপর দায়িত্ব ছেড়ে দিয়ে একটা নির্বচনী পরিবেশ সৃষ্টি করা: যাতে কারে তারা নির্বাচনটা সুষ্ঠুভাবে করতে পারেন। সার্বক্ষনিক তাদের কাজে ক্ষস্তক্ষেপ না করাই উচিত।

**অধ্যাপক এম আলী আশরাফ, এমপি**

এদেশের মানুষের জন্য Free and fair Election এর নিশ্চয়তা একমাত্র তত্ত্বাবধায়ক সরকারই দিতে পারে। Caretaker Govt. is a good concept. তারা সমস্ত পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে সক্ষম। যেমন, Election expenditurecut করা: নির্বাচনী প্রার্থীদের Income tax paid কিনা সেটা তদন্ত করা এবং তদন্তে অসম্পূর্ণতা দেখা দিলে তার নমিনেশন বাতিল করা ইত্যাদি এগুলো তত্ত্বাবধায়ক সরকারকে কঠোরভাবে সংরক্ষণ করতে হবে।

**কর্ণেল (অবঃ) শওকত আলী, এমপি**

সকল নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনে করার যে প্রস্তাব এসেছে-- আমি তার সাথে সম্পূর্ণ একমত এবং আমার মনে হয় এতে কোন সমস্যা নেই।

**জনাব মোহাম্মদ খালেকুজ্জামান, এমপি**

নির্বাচনে তত্ত্বাবধায়ক সরকারের প্রবর্তন একটি ঐতিহাসিক পদক্ষেপ। কারণ, সরকার প্রধান যদি নিরপেক্ষ থাকে তাহলে প্রশাসন যন্ত্রও নিরপেক্ষ থাকবে। এতে নির্বাচনও সর্বোচ্চ নিরপেক্ষ হবে।

**জনাব কুতুবুর রহমান**

ক) নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়নে জাতীয় নির্বাচন অনুষ্ঠানে তত্ত্বাবধায়ক সরকারের ধারনা প্রবর্তন একটি উল্লেখযোগ্য অগ্রগতি। বর্তমান পরিস্থিতিতে স্থানীয় সরকারের সকল নির্বাচন ও তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠান অবশ্যক। এর ফলে দেশে সকল নির্বাচনের ক্ষেত্রেই আরও বেশী বিশ্বাসযোগ্যতা ও গ্রহনযোগ্যতা বৃদ্ধি পাবে। তত্ত্বাবধায়ক সরকারের সমসয়কান প্রয়োজনে তিন মাসের পরিবর্তে ছয় মাস বৃদ্ধি করা যেতে পারে।

খ) প্রতি পাঁচ বছর পর পর, তিন হতে ছয় মাসের জন্য দলীয় গণতান্ত্রিক পরিবর্তে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে দেশ শাসিত হলে রাজনৈতিক দলগুলো এবং দেশের জনসাধারণ এ দুই ধরনের সরকারের মধ্যে কোনটি তুলনামূলকভাবে জনগনের নিরাপত্তা ও অধিকার রক্ষার অধিক স্বার্থকতা মূল্যায়ন করার একটি সুযোগ পাবে এবং রাজনৈতিক দলগুলো তাহাদের দলীয় সরকারের শাসন আরও নিরপেক্ষভাবে পরিচালনার জন্য সচেষ্ট হতে বাধ্য হবে এবং সরকারী কর্মচারীগণ নিজ স্বার্থ উদ্বারের লোভে দলীয়করনের মধ্যে সম্পৃক্ত হতে নিরৎসাহিত হবে।

**অধ্যাপক শাহ, আলম**

সংবিধান সংশোধন করে প্রতিরক্ষা মন্ত্রনালয়কে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে আনতে হবে। আইনের প্রয়োগের দিকে বেশী নজর দিতে হবে। আইন অনেক আছে কিন্তু প্রয়োগ নাই।

**গ্রুপ ক্যাপ্টেন খলিলুর রহমান (অবঃ)**

The tenure of the Caretaker Government should be increased for six (6) months and of course not to prolong further. Provision must be made that all election appeals must be settled by the Caretaker Government within this period.

অর্থাৎ, তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ছয় মাসের জন্য বৃদ্ধি করা প্রয়োজন, তবে অবে অবশ্যই এর বেশী নয়। তত্ত্বাবধায়ক সরকারের আমলেই সকল নির্বাচনী আপীলের নিষ্পত্তি করার বিধান প্রণয়ন করতে হবে।

## ৪। ভোটার তালিকা প্রণয়ন ও আইপি কার্ড প্রসঙ্গে

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

ক) ভোটার তালিকা নিয়ে অনেক সমস্যা হয়ে থাকে। বিশেষ করে, ভোটার তালিকার নিয়মিত Updating বা হাল-নাগাত করা হয় না। এর ফলে সমস্যার উৎপত্তি হয়। সুতরাং, ভোটার তালিকা নিয়মিত হাল-নাগাদ রাখতে হবে। কারো মৃত্যু হলে তালিকা থেকে সাথে সাথে তার নাম বাদ দেয়া, কিংবা বয়ঃপ্রাপ্ত হলে তালিকায় তার নাম সংযোজন করা, এ কাজগুলো করার ধারাবহিকতা প্রবর্তন করতে হবে। নির্বাচন কমিশনের ভোটার তালিকা সেল নিয়মিত দায়িত্ব হিসেবে এই কাজ চালিয়ে যাবে।

খ) আইডি কার্ড হলেই নির্বাচনের সকল সমালোচনা তথা কারচুপির অভিযোগের সমাধার আসবে-- এমনটি ভাবা ঠিক নয়, বরং ক্ষতি হতে পারে। আইডি কার্ড যদি বাধ্যতামূলক (Mandatory) করা হয় এবং কোন এলাকায় গিয়ে কেউ যদি বলে (হতে পারে কোন রাজনৈতিক দলের পক্ষ হতে) যে, সব আইডি কার্ড জমা দিয়ে দাও, তাহলে পর দিন ঐ এলাকার জনগণ আর ভোট দিতে পারবে না। আবার বাধ্যতামূলক না করা হলে শুধু নির্বাচনের প্রয়োজনে আইডি কার্ড প্রকল্পের মত একটা প্রকল্পে এত বড় বিনিয়োগ করার কোন মানে হয় না। তবে, নাগরিকত্ব কার্ড হিসেবে বহুমূখি উদ্দেশ্যে এই আইডি কার্ড ব্যবহার করা যেতে পারে। নির্বাচনে আইডি কার্ড Secondary purpose বা গৌণ উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে। আমার পরামর্শ হচ্ছে, আইডি

কার্ডের চেয়ে বড় প্রয়োজন হচ্ছে নির্বাচন কেন্দ্রে যে, ভোটার তালিকা থাকে সেখানে ভোটারদের ছবি নামের পাশে মুদ্রিত রাখা যাতে ভোটার সনাক্তকরণ নির্ভুল হয়। প্রযুক্তিগত উন্নতির ফলে আধুনিককালে ব্যক্তিকে সনাক্ত করার জন্য অনেক law cost device বা যন্ত্র উদ্ভাবিত হয়েছে, সেগুলো আগামী ৪/৫ বছরের মধ্যেই আমাদের ক্রয় ক্ষমতার মধ্যে চলে আসবে। এই যন্ত্র যদি নির্বাচন কেন্দ্রগুলোতে ব্যবহার করা যায় তাহলে কারচুপির আর কোন অভিযোগ থাকবে না। পশ্চিমবঙ্গসহ ভারতের বিভিন্ন স্থানে বিগত নির্বাচনে law cost voting machine ব্যবহার করা হয়েছে। আমাদের দেশেও এ ব্যাপারে চিন্তাভাবনা করা যেতে পারে।

**বিচারপতি আব্দুর রউফ**

আমাদের দেশে ভোটার তালিকা প্রণয়নের যে পদ্ধতি প্রচলিত তা ত্রুটিপূর্ণ। এর পরিবর্তে জনসংখ্যা নিবন্ধীকরণের প্রতা চালু করতে হবে। (Population registration) প্রথা চালু করতে হবে। আমেরিকা--ইউরোপ সবত্র এই প্রথা চালু রয়েছে। রাষ্ট্রকে অবশ্যই তার প্রতিটি নাগরিকের রেকর্ড সংগ্রহ করতে হবে।

**জনাব কুতুবুর রহমান**

ক) নির্বাচন সংক্রান্ত আইনসমূহ বিশেষ করে ভোটার তালিকা প্রস্তুতের বিষয়টি কঠোরভাবে বাস্তবায়ন প্রয়োজন। বর্তমান একজন নাগরিক ভোটার তালিকাভুক্ত হয়েছেন কিনা এই ব্যাপারে নির্বাচন কার্যালয়ের সঙ্গে যোগাযোগ ব্যতীত নিশ্চিত হওয়ার কোন সুযোগ নেই। এই ব্যবস্থার সুযোগ গ্রহন করা শতকরা ৯৫ ভাগ নাগরিকের পক্ষে সম্ভব নয়। এই ব্যবস্থাটি আরও সহজকরণ প্রয়োজন। ভোটার তালিকা চূড়ান্ত প্রস্তুতের পূর্বে এই তালিকার একটি সংশ্লিষ্ট এলাকার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এবং ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও পৌর কর্পোরেশনের সকল কার্যালয়ে প্রেরকপূর্বক তাদের দ্বরা ভোটার তালিকা প্রণয়নের নির্ভূলতা যাচায়ের ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। এবং এর জন্য প্রয়োজনীয় আইন ও বিধি প্রণয়ন করা প্রয়োজন।

খ) ভোটার তালিকায় যত নম্বও ক্রমিকে একজন ভোটারের নাম ভোটার কর্তৃক পূর্বে তা জানা থাকলে ভোট প্রধান সহজ হয়। ভোটারগণ যেহেতু পূর্ব হতে তা জানতে পারেন না ভোটার তালিকায় কত নম্বরে তার নাম আছে সেজন্য নির্বাচনে প্রতিদ্বন্ধিতাকারীগণ কর্তৃক নির্বাচনের দিন নির্বচন কেন্দ্রের আশে পাশে ক্যাম্প করে ভোটারদের এই তথ্য প্রধান করা হয়। ফলে ভোটারগণ ভোট প্রধানের পূর্বে প্রভাবিত হয়, ভোট প্রধানের গোপনীয়তা আংশিক নষ্ট হয় এবং সকল ক্যাম্পে কর্মরত দলীয় সদস্য দ্বারা নির্বাচন কেন্দ্রে আইন শৃংখলা পরিস্থিতি অবনতি ঘটে। প্রতিটি নির্বাচনের ইণ্যনপক্ষে একমাস পূর্বে প্রত্যেক ভোটারের কাছে ভোটার তালিকায় তার ভোটার ক্রমিক নম্বরসহ একটি প্ররিচয়পত্র স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে পৌছিয়ে দেয়া সম্বব হলে নির্বাচনের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি ছাড়াও নির্বাচন সংক্রান্ত নাগরিক সচেতনতা অনেক বৃদ্ধি পাবে।

**৫। নির্বাচনী নিরাপত্ত ও অন্যান্য প্রসঙ্গে**

**মেজর জেনারেল (অবঃ) কে এম শফিউল্লাহ বীর বিক্রম, এমপি**

ক) নিরাপত্তা শুধু নির্বাচনী কেন্দ্রে সীমাবদ্ধ রাখলে চলবে না, বাইরেও রাখতে হবে।

খ) নির্বাচনে সামরিক বাহিনী নিয়োগের ব্যপারে সবাই একমত। কিন্তু আমি মনে করি, এটাকে রেওয়াজে পরিণত করা ঠিক হবে না। সময় লাগলেও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্বচনী নিরাপত্তা রক্ষায় সক্ষম হওয়ার জন্য তৈরী করতে হবে। তবে, আগামী ২/৩ টি নির্বাচন সেনাবাহিনী দিয়ে করানো যেতে পারে। ধীরে

ধীরে সেনাবাহিনীর উপর থেকে আমাদের নির্ভরতা কমাতে হবে। প্রয়োজন অনুযায়ী যে কোন স্থানে সেনাবাহিনী যাতে তাদের সেন্য পাঠাতে পারে এবং ব্যবস্থা নিতে পারে এ ব্যপারে তাদের পূর্ণাঙ্গ ক্ষমতা দিতে হবে।

গ) প্রশাসনিক এবং ভৌগলিক বিভাগ অনুযায়ী নিরাপত্তা বাহিনীকে মোতায়েন করতে পারলে আগামী নির্বাচন আরও বেশী নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য হবে।

### মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহম্মদ বীরবিক্রম, এমপি

সশস্ত্র বাহিনীকে নির্বাচনকালীন নিয়োগের মাধ্যমে তাদেরকে পুরোপুরি ক্ষমতা দিতে হবে। যাতে তারা freely move করতে পারে।

### প্রফেসর আতাউর রহমান

The first condition of a free and fair election is, therefore, to ensure a congenial and peaceful environment for casting votes at the polling stations thought the development of the members of the armed forces, BDR and police. A captain of the Army or similar ranking officer from the Navy or the Air Force should be the team leader along with the member of other law-enforcing agencies to oversee the conduct of elections in about twenty five thousand polling stations which can be divided into appropriate number of groups. Since the violence and intimidation are pervasive and in the election process and frequently become dominant mode of political competition, the success of a free and fair elections hinges mainly on the enforcement of law and order situation, and strict adherence of rules and procedures by the election officials. The smooth voter's movement and free exercise of franchise can only be guaranteed if the public feels secure that they will not be subjected to violence and repression. Only, the involvement of military personnel can to a great extent woe the public as the image of other institutions have been greatly by their partisan put look and behavior.

বাংলায় অনুবাদ ঃ অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের প্রথম হচ্ছে নির্বাচন কেন্দ্রে সেনাবাহিনী, বিডিআর এবং পুলিশ মোতায়েনের মাধ্যমে সুষ্ঠুভাবে ভোট প্রধানের অনুকুল পরিবেশ বজায় রাখা। প্রায় ২৫ হাজার ভোট কেন্দ্রকে প্রয়োজনীয় সংখ্যক গ্রুপ প্রতি গ্রুপ ভোট কেন্দ্রের নির্বাচন তদারক করার জন্য সেনাবাহিনীর ক্যাপ্টেন অথবা বিমান ও নৌবাহিনীর সমমানের অফিসারদেরকে দল নেতা করে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের সমন্বয়ে নিরাপত্ত গ্রুপ গঠন করা যেতে পারে। যেহেতু, সাম্প্রতিকালে সন্ত্রাস ও বিশৃঙ্খলা ব্যপক রুপ পরিগ্রহ করেছে এবং অবৈধ রাজনৈতিক ক্ষমতার মাধ্যমে নির্বচন পক্রিয়ায় হস্তক্ষেপ করার একটি প্রবণতা শুরু হয়েছে সেহেতু, অবাধ ও সুষ্ঠ নির্বাচনের সফলতা অনেকাংশে নির্ভর করছে আইনের কঠোর প্রয়োগ এবং নির্বাচন কর্মকর্তাদের নির্বাচনী নীতিমালার কঠোর অনুসরণের ওপর। ভোটারদের সুষ্ঠ চলাচল এবং নাগরিক অধিকার চর্চা তখনই সম্ভব যখন জনগণ নিজেদেরকে নিরাপদ এবং সন্ত্রাসমুক্ত ভাববে। অন্যান্য প্রতিষ্ঠানে ব্যপক মাত্রায় দলীয় দৃষ্টি ভঙ্গি এবং আচরণের কারনে একমাত্র সেনাবাহিনীই জনগণের এই অনুভূতি নিশ্চিত করতে পারে।

### জনাব কুতুবুর রহমান

দেশের যেকোন নির্বাচনের জন্য পুলিশ বাহিনীর বর্তমান জনবল যথেষ্ট নয়। সাধারণভাবে নির্বাচনের সময় প্রতিটি ভোট কেন্দ্রে একজন পুলিশ কনষ্টেবল ও কিছু সংখ্যক আনসার শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য মোতায়েন করা হয়। বিদ্যমান রাজনৈতিক অশান্ত পরিস্থিতিতে প্রতিটি ভোট কেন্দ্রে ইণন্যতম ১৫ জন সুযোগ্য ও বিশ্বাসযোগ্য পুলিশ বাহিনীর সদস্য মোতায়েনের সুবিধার্থে পুলিশ আইনের ১৭ ধারা অনুযায়ী বিশেষ পুলিশ অফিসার নিয়োগের বিধানটির ব্যবহার করা উচিত। বিশেষ পরিস্থিতিতে, পুলিশ বাহিনীর স্থানীয় জনবল দ্বারার কোন অঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষা সম্বব না হলে স্বল্প ব্যয়ে যাতে অতিরিক্ত জনবল সংগ্রহ ও মোতায়ের করা যায় এই

বিষয়টি বিবেচনায় রেখেই, আইন প্রণেতাগণ কর্তৃক পুলিশ আইনের এই ধারাটি প্রণয়ন করা হয়েছিল। প্রয়োজনে এই ধারাটি সময়োপযোগী সংশোধনপূর্বক নির্বাচনের সময় বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসহ দেশের শিক্ষিত শ্রেণী হতে পর্যাপ্ত সংখ্যক বিশেষ পুলিশ অফিসার নিয়োগপূর্বক নির্বাচনে মোতায়েনের ব্যবস্থা করা এবং পরবর্তীতে তাদের মধ্যে যোগ্য ও বিশ্বাসযোগ্য সদস্যদেরকে তদন্তেও ব্যবহার করা যেতে পারে।

### জনাব শাহ্ আব্দুল হান্নান

For three General Elections only, the entire conduct of election from printing of ballot papers, caring the ballot boxes, becoming polling officers, should be presiding officers and everything should be Army, I again repeat, should be only from Army. Army should do it. But the Army will work under a civil government or civil Election Commission, not a Military General, not a Military bureaucrat or Military Dictator.

বাংলায় অনুবাদ ঃ নির্বচনী নিরাপত্ত প্রসঙ্গে আমার পরামর্শ হচ্ছে, শুধুমাত্র আগামী নির্বাচনটি সাধারণ নির্বচনের জন্য, ব্যালট পেপার মুদ্রণ থেকে শুরু করে ব্যালট বক্স বহন, পোলিং অফিসার প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনসহ নির্বাচনের সার্বিক পরিচালনার ভার সামরিক বাহিনীর ওপর অর্পণ করতে হবে। এ দায়িত্ব তারা অবশ্যই নির্বাচন কমিশনের অধীনে পালন করবেন।

### জনাব আজিজুল হক

নির্বাচনী নিরাপত্তায় সেনাবাহিনীকে জড়িত করার প্রস্তাবের সাথে আমি সম্পূর্ণ একমত। একজন পুলিশ আর লাঠি হাতে ৫/৬ আনসার দিয়ে ভোট কেন্দ্রের নিরাপত্তা রক্ষা করা অবাস্তব। সেনাবাহিনী নিয়োগের ব্যপারে আমি বলব যে, তাদেরকে একেবারে নির্বাচন কেন্দ্রে না রেখে periphery বা নির্বাচনী এলাকার সীমানাগুলোতে নিয়োগ করা উচিৎ যাতে শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করা যায় এবং স্বাধীনভাবে ও সুষ্ঠুভাবে ভোট দেয়ার ব্যাপারে জনগণের মনে আস্থা সৃষ্টি হয়।

### এ্যাডভোকেট এ টি এম আলমগীর

পোলিং সেন্টারে আর্মি, নেভী, সেনাবাহিনী, পুলিশ, বিডিআর ও আনসারদের নিয়ে ১০ বা ১৫ জনের একটা কম্বাইন্ড ফোর্স থাকবে। কোন এক অফিসারের তত্ত্বাবধানে এই ফোর্স থাকবে।

### এ্যাডভোকেট সালমা ইসলাম

নির্বাচনকালীন নিরপেক্ষতা নিশ্চিত করত ঃ আমাদের দেশে ব্যবহৃত হয়ে আসছে আইন প্রয়োগকারী সংস্থা যেমন, পুলিশ, বিডিআর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দল ইত্যাদি। কিন্তু ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় কোন সমই এই সব আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা আমরা কাঙ্খিত ফল পাইনি। এমনকি এইগুলো সবসময়ই একটা বিতর্কের সৃষ্টি করেছে। হয় তাদের দ্বারা কোন নিরাপত্তাই পাওয়া যায়নি, নয়তো তারা কোন পরিস্থিতিকে সুশৃঙ্খলতার পরিবর্তে বিশৃঙ্খলার জন্ম দিয়েছে। আমাদের দেশে যে নিয়মিত সশস্ত্র বাহিনী তথা সেনাবাহিনী বিধ্যমান সেটাকে আমরা অবশ্যই এখনো পর্যন্ত বিতর্কের উর্দ্ধে রেখেছে এবং কিছুটা হলেও তাদের ভূমিকার প্রতি এখনো অধিকাংশ মানুষের শ্রদ্ধাবোধ কাজ করছে। এটা অস্বীকার করার উপায় নেই যে, কেউ বিতর্কের উর্দ্ধে নয়। তবে পরিবেশ বিবেচনা করে সেনাবাহিনীকে সম্পৃক্ত করতে পারলে আমরার মনে হয় অনেকাংশে

নিরাপত্তা ও নিরপেক্ষতা নিশ্চিত করা সম্ভব। এই চিন্তা ভাবনার সাথে আমি মনে করি বেশির ভাগ মানুসই একমত হবেন। সময়ের নিরিখে রাজনীতিবিদদের অবশ্যই বিবেচনায় নেয়া উচিত।

## ৬। নির্বাচনে বিশ্বাসযোগ্যতা আনয়ন

**বিচারপতি আব্দুর রউফ**

নির্বাচনে ভোট গণনা, নির্বাচনে বিশ্বাসযোগ্যতার সাথে সংশ্লিষ্ট বিষয়গুলোর মধ্যে অন্যতম। অধিকাংশ ভোটকেন্দ্রগুলোতেই সন্ধ্যেবেলা আলো আধারিতে ভোট গণনা করা হয় যার ফলে, নির্বাচনের বিশ্বাসযোগ্যতা প্রশ্নের সম্মুখীন হয়। এ সমস্যার একমাত্র সমাধান হচ্ছে, কেন্দ্রসংখ্যা বাড়িয়ে দিয়ে বেলা ৩ টার মধ্যে ভোট প্রধান শেষ করা এবং ৫ টার মধ্যে গণনা শেষ করা।

**মেজর জেনারেল (অবঃ) কে এম সফিউল্লাহ, বীর উত্তম, এমপি**

আমরা যদি চাই, তাহলে নির্বচন অবশ্যই অযোগ্য হবে। এখানে 'আমরা' বলতে বুঝাচ্ছি সকল রাজনৈতিক দল এবং জনগণ।

**মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম, এমপি**

নির্বাচনের বিশ্বাসযোগ্যতা নির্ভর করে আমাদের ওপর। রিটানিং অফিসারদের প্রচুর ক্ষমতা দেয়া হয়েছে। তিনি ৮০০০ কে একটা '০' বাড়িয়ে দিয়ে ৮০,০০০ করে দিলেও নির্বাচন কমিশন কিছুই করতে পারে না। সেটা ৮০০০ না ৮০,০০০ তা যাচাই করতে করতে ৩/৪ বছর সময় লেগে যায়। এতদিন কোন কোন পার্লমেন্ট টিকেও না। এক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে।

## ৭। নির্বাচনে নাগরিক সমাজের ভূমিকা ও জনমত সৃষ্টিকরণ

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

নির্বাচনের ব্যাপারে জনমত সৃষ্টি করতে হবে ব্যাপকভাবে। টেলিভিশনে ভোটারদেরকে তাদের অধিকার সম্পর্কে, কেন তারা ভোট দেবে এসব ব্যাপারে উদ্বুদ্ধ করতে অনুষ্ঠার প্রচার করতে হবে। রেডিওকে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে হবে। Motivation, Publicity, Public Awareness বাড়াতে হবে। এটা এখন থেকেই শুরু করা উচিত।

**ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

আমরা চিন্তা করতে পারি একটা নাগরিক চার্টার (Citizen Charter) তৈরী করার জন্য। বিভিন্ন দেশে এটা আছে। তার একটা উদ্দোগ নেয়া উচিৎ। তার প্রধান বিবেচ্য বিষয় হবে আগামী নির্বাচনের মাধ্যমে সরকার পরিবর্তনের পক্রিয়া সংকটমুক্ত করা - যা আমাদের আসন্ন সমস্যা। নির্বচনে ভাল প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে এই নাগরিক চার্টার ভূমিকা রাখবে।

**বিচারপতি আব্দুর রউফ**

নির্বাচন জনগণের অধিকার, তাকে উদ্বুদ্ধ করা না গেলে কোনভাবেই নির্বাচন প্রক্রিয়াকে পরিশুদ্ধতা আনয়ন করা যাবে না - পুলিশ, বিডি আর ম্যাজিস্ট্রেট এমনকি রাজনীতিবিদদের দিয়েও একাজটি হবে না।

**মেজর জেনারেল (অবঃ) কে এম সফিউল্লাহ, বীর উত্তম, এমপি**

ভোটারদের সচেতন করে তুলতে হবে। নিজেদের ভোট নিজের সিদান্তে দেয়ার অনুভূতি তার মধ্যে জাগ্রত করে তুলতে হবে। কাকে ভোট দেব এবং কেন দেব - এই জ্ঞান জনগণের মাঝে প্রধান করতে হবে।

**কর্ণেল শওকত আলী (অবঃ) এমপি**

ক) নির্বাচনে জনগণকে জড়িত করানো উচিত। জনগণ যথেষ্ট সচেতন, কে মন্দ এটা যাচাই করার যোগ্যতা জনগনের আছে। প্রতিটি পোলিং সেন্টারে সকল দলেল সদস্য এবং জনগণকে নিয়ে একটি নিরপেক্ষ পরিচালনা কমিটি গঠন করা যেতে পারে। এতে নির্বচন সুষ্ঠু হবে।

খ) বর্তমানে একটা প্রবণতা দেখা যাচ্ছে যে, নীতি-নৈতিকতা সব বিসর্জন দিয়ে হলেও যেভাবেই হোক সংসদ সদস্য হতেই হবে। এই প্রবণতা কিছুটা হলেও নিরুৎসাহিত করা যাবে যদি কিছু ক্ষমাতা স্থানীয় সরকারগুলোতে যেমন, উপজেলা পরিষদ, জেলা পরিষদ উত্যাদিতে স্থানান্তর করা যায়। অথাৎ স্থানীয় পর্যায়ে সর্বোচ্চ ক্ষমতা প্রধান করালে জনগনের ঝোঁক সেদিকে স্থানান্তরিত হবে।

**জনাব আবুল কালাম আজাদ, এমপি**

ক) জনগণকে সম্পৃক্ত করতে হলে ভোটের গুরুত্ব সম্পর্কে তাদেরকে বোঝতে হবে। জনগণকে আইণষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত করতে হবে এবং সাথে সাথে সহজ ভাষায় প্রচারণা চালাতে হবে।

খ) সৎ লোকদের রাজনীতিতে আসতে হবে। তাহলে, অসৎ রাজনীতিবিদরা কোণঠাসা হয়ে পড়বে।

গ) মিডিয়াকে শক্তিশালী করতে হবে। নির্বাচনে প্রচার মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। সাংবাদিকরা যদি ভোটারদের ও বিভিন্ন রাজনৈতিক দলের ভাল খারাপ সবদিক তুলে ধরেন, তাহলে সমস্যা অনেক কমে যাবে।

**মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম, এমপি**

ক) নির্বাচন সংক্রান্ত আজকের এই সেমিনার করার জন্য আমি সিএসপিএস কে ধন্যবাদ জানাই। জনমত সৃষ্টির জন্য এধরনের সেমিনারের গুরুত্ব অনেক বেশী।

খ) ক্ষমতা কুক্ষিগত করে রাখার মানসিকতা সহজে পরির্বন হবে না, যদি না জনগণ এই প্রক্রিয়ার বিরুদ্ধে ব্যাপকভাবে অংশ গ্রহন করে। কাজেই জনগণকে সে ব্যাপারে সচেতন করে তুলতে হবে।

গ) রাজনৈতিক দলগুলো টাকা ওয়ালা লোকদের মনোনয়ন দিতে থাকে- এটা সত্য। তবে জনগলও টাকাওয়ালা প্রার্থীকে পছন্দ করে, গুরুত্ব দেয়। ভোটারদের এ মানসিকতা পরিবর্তন করতে সুশীল সমাজকে এগিয়ে আসতে হবে। আমাদের সম্মিলিত অংশ গ্রহনের মাধ্যমে যথেষ্ট নির্বাচনী পরিবেশ ফিরিয়ে আনতে হবে।

**প্রফেসর আতাউর রহমান**

A free press can contribute significantly to the evolution of an institutionalized electoral process; the intelligentsia and the urban professional groups can also help in the process of mobilizing public opinion for a free and fair electoral process-a necessary conditioned democracy. But in the face of hard realities of our political competition, it is ultimately the military which is in a position to facilitate the peaceful transition of power from civilians to civilians thought the holding of free and fair elections.

বাংলায় অনুবাদ ঃ নির্বাচন প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে স্বাধীন সংবাদ মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বুদ্ধিজীবি এবং নাগরিক পেশাজীবি সম্প্রদায়ও অবাধ ও সুষ্ঠু নির্বাচন পক্রিয়ার লক্ষ্যে জনমত গড়ে তুলতে

অবধান রাখতে পারেন। কিন্তু বর্তমান কঠিন বাস্তবতায়, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে একটি নগরিক সরকার থেকে অপর একটি নাগরিক সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর একমাত্র সেনাবাহিনীর পক্ষেই সম্ভব।

**জনাব ফিরো এম হাসান**

a) Participation of citizens groups like FEMA in the election process is central to public confidence. The public confidence can be enhanced by opening up a making the electoral process transparent to public by allowing citizens to monitor the election.

   বাংলায় অনুবাদ ঃ নির্বাচন প্রক্রিয়ায় ফেমা'র মত অন্যান্য সংগঠনের অংশগ্রহন জনগণের মধ্যে আস্থার জন্ম দেয়। এভাবে বিভিন্ন নাগরিক সংগঠনকে নির্বাচন মনিটর বা পর্যবেক্ষণের সুযোগ প্রধান করলে নির্বাচনে স্বচ্ছতা আসবে এবং সেই সাথে জনগণের আস্থাও বৃদ্ধি পাবে।

b) It is equally important to recognize that a voter and civic education are critical to genuine elections. The principle that "the will of the people shall be the basis of the authority of government" and that "Will" can genuinely be expressed if the voters are adequately informed of the political choices and contestants through civic voter education. The civic voter education must cover the basics of why it is important to vote and that vote will be secret, secure and respected.

বাংলায় অনুবাদ ঃ একটি অর্থপূর্ণ নির্বাচনের জন্য ভোটারদের রাগরিক দায়িত্ব সম্পর্কে শিক্ষা প্রধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। "জনগণের ইচ্ছাই গঠিত হবে সরকার এবং সুচিন্তিত ভোট প্রধানের মাধ্যমেই কেবল এই ইচ্ছার প্রতিফলন ঘটবে" - এ বিষয় সম্পর্কে ভোটারদেকে সচেতন করে তুলতে হবে। ভোটার শিক্ষার মৌলিক ভিত্তি হবে - কেন ভোট দেব এবং ভোট হবে গোপনীয়, নিরাপদ এবং সম্মানজনক কাজ।

**জনাব হিলাল উদ্দিন**

ক) নির্বাচনী এলাকায় ভোট কাটা-কাটি বন্ধ করতে হবে ব্যাপকভাবে প্রচারনার মাধ্যমে।

খ) আমাদের সুশীল সমাজ (civil society) এতই দুর্বল যে, তারা সংসদ বা রাজনীতিবিদদের উপর কোন চাপ সৃষ্টি করতে পারছে না।

**মেজর জেনারেল এজাজ আহমেদ চৌধুরী**

নির্বাচনকে যদি আমরা পরিচালনা করতে চাই, তাহলে আমাদের আন্দোলন গড়ে তুলা প্রয়োজন। এই আন্দোলটা হবে শিক্ষার মাধ্যমে, রাজনৈতিকভাবে, সামাজিকভাবে এবং ধর্মীয় দিক থেকে।

**গ্রুপ ক্যাপটেন ফজলুল হক (অবঃ)**

ক) রাষ্ট্র পরিচালনা কে করবেন - এটা যদি জনগণেরই অধিকার হয়, তাহলে এই নির্বচনটা জনগনকেই করা উচিৎ। আর্মি, পুলিশ, বিডি আর তো প্রজাতন্ত্রের সার্ভেন্ট। তারা কেন নির্বচন কনডাক্ট করবে ? নির্বাচন কমিশই বা কেন ? জনগণ যাকে যেভাবে নির্বাচন করাবে সেটাই হতে হবে।

খ) জনগণকে আগে উপযুক্ত হতে হবে। অর্থাৎ, জনগণকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হতে হবে। চাঁদাবাজি, বোমাবাজির শিক্ষায় শিক্ষিত হলে চলবে না। শিক্ষাব্যবস্থা এমন হবে যাতে কেউ বেকার না থাকে, শিক্ষা শেষে নিজেই যাতে স্বাবলম্বী হতে পারে।

গ) অর্থ-ব্যবস্থান গণতন্ত্রায়নের মাধ্যমে শিক্ষিত লোকদের মুক্ত করতে হবে। শ্রমজীবিদের মালিকানায় অর্থ-ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে।

**গ্রুপ ক্যাপটেন নজরুল ইসলাম (অবঃ)**

সৎ, নীতিবান ও ব্যক্তিত্বসম্পন্ন লোকদের পার্লামেন্ট নির্বাচনে অংশগ্রহনের জন্য উদ্বুদ্ধ করতে হবে এবং এগিয়ে আসতে হবে। এ লক্ষে নির্বাচনকে নিরাপদ, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য করতে হবে এবং সুশীল সমাজের মাধ্যমে একটা সামাজিক আন্দোলন গড়ে তুলতে পারলে, আমরা অরাজক অবস্থা থেকে দেশ ও জাতিকে মুক্ত করতে পারবো।

**অধ্যাপক আব্দুল লতিফ মাসুম**

জাতীয় ঐক্যমত ব্যতীত অবাধ ও নিরপেক্ষ নির্বাচন সম্বব না। এটা আমাদের রাজনৈতিক এলিটদের নিশ্চিত করতে হবে। সুষ্ঠু পরিবেশের মাধ্যমে নির্বাচন করার মন-মানসিকতা রাজনৈতিক এলিটদের গ্রহন করতে হবে।

**জনাব এ টি এম আলমগীর**

রাজনৈতিক দলগুলোর মধ্যে গণতান্ত্রিক সহনশীলতা আনতে হবে এবং পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ বাড়াতে হবে।

**৮। নির্বাচনের দিন বাড়ানোর প্রসঙ্গে**

**প্রফেসর জামিলুর রেজা চৌধুরী**

একাদিক দিনে নির্বচন অনুষ্ঠান করার ব্যপারে আমিও একমত। তবে এজন্য একটা বিরাট পরিবর্তন আনতে হবে, ভোট গণনার বেলায়। আমাদের বর্তমান রেওয়াজ হচ্ছে, নির্বাচন কেন্দ্রেই ভোট গণনা করে ফলাফল ঘোষনা করা হয়। কিন্তু ; আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পর্যাপ্ত mobilizing এর উদ্দেশ্যে নির্বাচন একাধিক দিনে করা হলে ভোট গণনা পদ্ধতিন বর্তমান রেওয়াজের পরিবর্তন ঘটিয়ে কেন্দ্রীয়ভাবে (centrally) ভোট গণনা করতে হবে। যেনম, ভারতে জেলা পর্যায়ে ভোট গণনা হয়ে থাকে।

**মেজর জেনারেল (অবঃ) কে এম সফিউল্লাহ, বীর উত্তম, এমপি**

একদিনে ৩০০ টি নির্বাচনী এলাকায় নিরাপত্ত নিশ্চিত করা আমাদের নিরাপত্তা বাহিনীর পক্ষে সম্ভব নয়। আমি মনে করি, এ পেক্ষাপটে নির্বাচনের দিন বাড়ানো প্রস্তাব অত্যন্ত যুক্তিসঙ্গত এবং এর ফলে সকল কেন্দ্রে নিরাপত্তা নিশ্চি করা সম্ভব হবে।

**জনাব কুতুবুর রহমান**

জাতীয় সংসদ নির্বাচন সারাদেশে একদিনে অনুষ্ঠান না করে নির্বাচনের জন্য প্রয়োজনীয় জনবল ও নিরাপত্তাবাহিনীর সদস্যদের সংখ্যাটিকে বিবেচনায় নিয়ে ২/৩ দিন অন্তর অন্তর কয়েক দিনে যথা, ১০ থেকে ১৫ দিনে নির্বাচন অনুষ্ঠনের ব্যবস্থা গ্রহন করা উচিত। তবে জাতীয় সংসদের নির্বাচনে ভোট গ্রহন একদিনে অনুষ্ঠিত না হলেও ভোট গণনা নির্বাচন সমাপ্তির পর একই সঙ্গে একই দিনে করতে হবে। এই ব্যবস্থা স্থানীয় সরকারের নির্বাচনের ক্ষেত্রেও প্রযোজ্য। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বেলায় নির্বাচন সমাপ্তির পর ভোট গণনার সঙ্গে সঙ্গেই করা যেতে পারে।

**শাহ আব্দুল হান্নান**

যেহেতু সামরিক বাহিনী দিয়েই নির্বাচনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে, সেহেতু তাদের সংখ্যা এবং Movement বা চলাচল সহজ ও নিশ্চিত করার জন্য নির্বাচন একাধিক দিনে করা যেতে পারে। তবে, ভোট গণনা একদিনেই করতে হবে।

**জনাব আজিজুল হক**

একজন সাবেক পুলিশ প্রধান হিসেবে আমি বলতে চাই, পর্যাপ্ত পুলিশ বাহিনী দিয়ে এক দিনে নির্বাচন অনুষ্ঠান করানো সম্ভব নয়। অর্থাৎ, নিরাপত্তজনিত কারনে নির্বাচনের দিন বাড়ানো উচিত।

**গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) খলিলুর রহমান**

নির্বাচনে নিরাপত্তর প্রয়োজনে নিরাপত্তা বাহিনীর সদ্য অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়োগ করা যেতে পারে।

## ৯। নির্বাচনে প্রার্থী নির্বাচন সম্পর্কিত বিষয় সমূহ

**ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

বর্তমান রাজনৈতিক পরিবেশে "নাগরিক সমাজ" বলতে আমরা বুঝি অরাজনৈতিক সংগঠন বা সংস্থা। তাদের কি দায়িত্ব আছে ? তাদের একটি দায়িত্ব হতে পারে যে, জনমত সৃষ্টি করা একটি বিষয়ে যা গণতন্ত্রের গুনগত মানকে নির্ধারন করে। সেটি হলো, নির্বাচনে দলীয় প্রার্থী মনোনয়নের প্রক্রিয়া। কেননা, দলীয় মনোনয়ন যাদেরকে বা যে ধরনের প্রর্থীকে মনোনয়ন দেয়া হয়, তার উপরউ নির্ভর করে পরবর্তী সংসদের গুনগত মান কি হব এবং তার উপর নির্ভর করবে গণতন্ত্রের গুনগতমান কি হবে।

**কর্ণেল (অবঃ) এম শওকত আলী, এমপি**

প্রার্থী নমিনেশনের ব্যাপারটি আমাদের নেতাদের বিচক্ষণতার সাথে সম্পন্ন করতে হবে।

**মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম, এমপি**

ভাল লোক দেখে নমিনেশন দিতে হবে এবং ভোটারদের লক্ষ থাকবে, আমরা লোভের উর্দ্ধে থেকে ভোট দেব। এর জন্য শিক্ষা ব্যবস্থায় দীর্ঘ মেয়াদী পরিবর্তন আনতে হবে এবং ন্যায়ভিত্তিক শিক্ষা ও শাসন ব্যবস্থার জন্ম দিবে হবে।

**জনাব মোহাম্মদ খালেকুজ্জামান, এমপি**

রাজনৈতিক দলগুলো যদি সৎ এবং গণতন্ত্র প্রিয় প্রার্থীদের মনোনয়ন দেয় তাহলে নির্বাচন প্রক্রিয়াকে প্রভাবিত করার কোন প্রশ্নই উঠবে না এবং নির্বাচনের চিত্রই হবে ভিন্ন।

**মেজর জেনারেল (অবঃ) এজাজ আহমেদ চৌধুরী**

নির্বাচনকে ফলপ্রসু করতে হলে local limitations - কে আমরা যোগ করতে পারি। আমাদের দেশের সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা যদি আমরা উন্নত করতে চাই তাহলে আমাদেরকে কয়েকটি শ্রেণীর ভোট প্রধানের বিরুদ্ধে সিদ্ধান্ত নিতে হবে। যেমন, কালো তালিকাভূক্ত সন্ত্রাসীদেরকে ভোট দিতে দেয়া হবে না।

**গ্রুপ ক্যাপ্টেন ফজলুল হক (অবঃ)**

ক) স্বাবলম্বী শিক্ষিত মানুষদের রাজনীতিতে সম্পৃক্ত করতে হবে। সেটা একেবারে ইউনিয়নের অথবা গ্রাম পর্যায় থেকে হতে দিতে হবে।

খ) স্থানীয় পরিষদে কমপক্ষে দুবার নির্বাচিত হয়ে থানা বা জেলা পরিষদে কাজ করার probed অভিজ্ঞতা এবং সব ব্যক্তিত্ব proved হওয়ার পর যে qualify করবে সংসদ নির্বচনে দাড়ানের জন্য, তার আগ পর্যন্ত কাউকে সংসদ নির্বাচনে qualify করা হবে না।

## ১০। নির্বাচন সংক্রান্ত আইন ও বিধিমালা সংশোধনী প্রসঙ্গে

ক) রাজনৈতিক দল নিবন্ধীকরণ সংক্রান্ত একটা সুপারিশ ফেমা (FEMA) 'র আছে যা আশে পাশের দেশেও রয়েছে। অর্থাৎ, নির্বাচন কমিশনে রাজনৈতিক দলগুলোর নিবন্ধীকরণ করা বাধ্যতামূলক। আমাদের দেশেও এটা চিন্তা করা যেতে পারে।

খ) রাজনৈতিক দলগুলো অর্থের উৎস - কোত্থেকে আসছে, কারা চাঁদা দিচ্ছে এসব তথ্য জনগনের জানার জন্য যাতে প্রকাশিত হয়, এব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে।

গ) নির্বাচনী আচরণবিধি যদি প্রঠোরভাবে প্রয়োগ না করা হয়, তাহলে আচরণবিধি প্রণয়ন করে কোন লাভ নেই। বিশেষ করে, নির্বাচনী ব্যয় সংক্রান্ত ব্যাপারে যে কথা বলা আছে যে, তিন লক্ষ টাকার অধিক ব্যয় করা যাবে না। কিন্তু, অধিকাংশ ক্রেত্রেই দেখা যাচ্ছে যে, এই সীমা তো মানা হচ্ছেই না; বরং ২৫/৩০ গুণ টাকা খরচ করে নির্বাচনী বৈতরনী পার হচ্ছেন অনেকেই। সুতরাং, হয় এ সীমা বাড়িয়ে দেয়া উচিৎ, নয়তো কঠোরভাবে তা মানতে বাধ্য করা উচিত।

ঘ) বর্তমান বী-ড়ভভরপরড় বা পদাধিকারবলে ডিসি, টিএনও বা অন্যান্যদের নির্বাচনে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করার রীতি প্রচলিত আছে, আমার ধারণা, এতে পরবর্তী নির্বাচনে সমস্যা হবে। কারন, ইতিমধ্যে সরকারী কর্মকর্তাদের প্রতি পক্ষপাতদুষ্টতার অভিযোগ উত্থাপিত হয়েছে।

**ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

ক) সুষ্ঠু নির্বাচন ও গণতন্ত্রকে সুসংহত করার বিষয়ে রাজনৈতিক দলগুলোর যদি সদিচ্ছা থাকে (আমরা ধরে নেব নিশ্চয় তা আছে) তাহলে সংবিধান ও নির্বাচনী আইনের কিছু প্রয়োজনীয় সংশোধনী প্রয়োজন। এ পদক্ষেপ গুলো এখনই নিতে হবে। নির্বাচন সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তি, নির্বাচনী ব্যয় ও নির্বাচন সংক্রান্ত অন্যান্য আচরইণবিধি কার্যকর করার ব্যবস্থা,নির্বাচন কমিশনের ক্ষমতা বৃদ্ধি, রাজনৈতিক দলের অর্থায়নের স্বচ্ছতা, সংসদে মহিলাদের প্রতিনিধিত্ব, নির্বাচিত সরকারের মেয়াদকাল ইত্যাদি বিষয়ে আইনগত সংস্কারের অনেক যুক্তিসঙ্গত প্রস্তাব ইতিমধ্যে বিভিন্ন মহল থেকে উত্থাপিত হয়েছে। এসব বিষয়ে রাজনৈতিক গলগুলো কি পদক্ষেপের কথা ভাবছে বা আদৌ কোন পদক্ষেপ নিতে আগ্রহ কিনা, রাজনৈতিক নেতৃত্বের কাছ থেকে নাগরিক সমাজের তা জানতে চাইবার অধিকার আছে।

খ) রাজনৈতিক দলের অর্থায়নের স্বচ্ছতার ব্যবস্থা অত্যন্ত জরুরী ব্যাপার। এখন যে আইন আছে সেটাতেও এই আইনগত পরিবর্তন সম্ভব।

গ) সংসদে মহিলাদের প্রতিনিধিত্ব অত্যন্ত জরুরী বিষয়। এসব বিষয় নিয়ে সংস্কার এখনই করতে হবে।

**মেজর জেনারেল (অবঃ) কে. এম শফিউল্লাহ বীর উত্তম**

নির্বাচনী ব্যয় অবশ্যই নির্ধারিত করা উচিৎ ।

**কর্ণেল (অবঃ) এম, শওকত আলী, এমপি**

ক) সব পার্টি মিলে একটা নিরপেক্ষ নির্বাচন পরিচালনা কমিটি করা উচিৎ প্রত্যেকটি নির্বাচন কেন্দ্রে। সেক্ষেত্রে প্রত্যেক পার্টি থেকে আলাদা কমিটি করার দরকার হবে না। নির্বাচন ফেয়ার হবে।

খ) Power কে Decentralize করতে পারলে নির্বাচনে যে জেতার প্রতিযোগীতা এটা অনেকাংশে কমে যাবে। Transfer of power to the local government.

**মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম, এমপি**

ক) নির্বাচনী ট্রাইব্যুনালে দ্রুত বিচার নিস্পত্তি করতে হবে।

খ) নির্বাচনকালীন সম্পূর্ণরূপে বাতিল করে শুধুমাত্র একটি প্রজেকশন মিটিং এর নিয়ম নিশ্চিত করতে হবে।

গ) টাকা বাঁচানোর তাগিদে অত্যাদিক নির্বাচনী ক্যাম্প বন্ধ করে দিতে হবে। একটি থানার একটি মাত্র নির্বাচনী ক্যাম্প থাকতে পারে।

ঘ) সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের রাজনৈতিক সংশ্রবতা বন্ধ করতে হবে।

**জনাব আজিজল হক**

Election code of conduct (নির্বাচনী আচরনবিধি) cannot be enforced unless there is a willful and voluntary enforcement of the code of coduct.

**গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) নজরুল ইসলাম**

ক) বর্তমান constituency কে re-arrange করা ও বাড়ানো অত্যান্ত জরুরী ঈড়হংঃরঃঁবহপু র সীমা এমনভাাবে নির্ধারণ করা প্রয়োজন যাতে করে প্রার্থী কোন গোত্র বা বর্ণের ভোটারদের এলাকা অবরোধ করে ভোটাদের ভোট কেন্দ্রে আসতে বাধা দিতে না পারে।

খ) ঝরসঢ়ষব সধলড়ৎরঃু ভোট পেয়ে একজন প্রার্থীকে বিজয়ী ঘোষণা না করে একজনকে বিজয়ী হতে হলে মোট ভোটার তালিকাভূক্ত ভোটারদের ৫০% ভোট পেতে হবে। নির্বাচনী আইনে এ সংশোধনী প্রস্থাব করছি।

**১১। উপ নির্বাচন প্রসঙ্গে**

**জনাব কুতুবুর রহমান**

ক) জাতীয় সংসদের উপনির্বাচনে দলীয় প্রার্থীর ক্ষেত্রে যে, দলের প্রার্থী জাতীয় নির্বাচনে জয়ী হয়েছিল উপ-নির্বাচনের ক্ষেত্রে নতুন নির্বাচনের ব্যবস্থা না করে এই দল কর্তৃক মনোনীত একজন প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষণা প্রধান এবং যে ক্ষেত্রে মূল জাতীয় নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী নির্বাচিত হয়েছিল সেক্ষেত্রে স্বতন্ত্র নির্বাচিত প্রার্থীর পরবর্তী যে প্রতিদ্বন্দ্বী সর্বাধিক ভোট পেয়েছিল তাকে নির্বাচিত বলে ঘোষণা করার জন্য সংবিধানে ও নির্বাচন বিধিমালাতে প্রয়োজনীয় আইন প্রণয়ন অবশ্যক। তাহলে উপ-নির্বাচন নিয়ে ঝামেলা এড়ানো যেতে পারে।

খ) স্থানীয় সরকরী প্রতিনিধি নির্বাচন যেহেতু আইন অনুযায়ী দলীয় ভিত্তিতে অনুষ্ঠিত হয় না, সেই জন্য স্থানীয় সরকারের প্রতিনিধি নির্বাচনের যে প্রার্থী জয়ী হয়েছিনে উপ-নির্বাচনের প্রবিবর্তে ভোট প্রাপ্তিতে তাহাদের পরবর্তী প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষনার জন্য সংশ্লিষ্টি আইনের সংশোধনী প্রয়োজন।

গ) নির্বাচন আইনের পরিপন্থী নির্বচনের মাধ্যমে নির্বাচিত সদস্যদের সদস্য পদ বাতিলের বিধান আছে কিন্তু অদ্যবধি কোন কার্যকরীতা দেখা যায়নি। নির্বাচন ট্রাইব্যুনালের দীর্ঘসুত্রতা ও জটিলতা অবৈধ ও সন্ত্রাসী নির্বাচনকে উৎসাহিত করে এবং নির্বাচিত সদস্যদের প্রতি মানুষের আস্থা নষ্ট করে। এর প্রতিকার খুবই জরুরী।

বিচার বিভাগের বিচারকদের বর্তমান জনবল দ্বারা নির্বাচন সংক্রান্ত মামলার তড়িৎ বিচান সম্ভব নয়। এই সমস্যা সমাধানের জন্য বিকল্প ব্যবস্থার প্রয়োজন।

ঘ) তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচিত জাতীয় সংসদ ও স্থানীয় সরকার সংস্থার নির্বাচনের মামলা সমূহের বিচারন নিস্পত্তি যাতে অনুর্দ্ধ তিন মাসের মধ্যে করা সম্ভব হয় সেই জন্য দেশের যোগ্য আইজীবিগনের মধ্য হইতে সর্বোচ্চ ছয় মাসের জন্য প্রর্যাপ্ত সংখ্যক নির্বাচন সংক্রান্ত বিচার অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রধান জরুরী। সকল বিচারক, সম্ভব হলে অবৈতনিক বিচারক হিসাবে নিয়োগ প্রধান, এবং সম্ভব না হলে তা বেতনভোগী বিচারক হিসাবে নিয়োগ দেয়া প্রয়োজন। এ ব্যাপারে প্রয়োজন আইন প্রণয়ন জরুরী নির্বাচন সংক্রান্ত মামলা সমূহ নির্বাচন সমাপ্তির তিন মাসের মধ্যে নিস্পত্তি সম্ভব হলে বিবিধ অবৈধপন্থা ও সন্ত্রাসের মাধ্যমে নির্বাচিত হওয়ার প্রবণতা অবশ্যই হ্রাস পাবে। আইনের শাসন, নির্বাচন ও গণতন্ত্রের প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পাবে।

## ১২। রাজনৈতিক দলগুলোর ভূমিকা ও অন্যান্য প্রসঙ্গ

**ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ**

ক) আমাদের মূল সমস্যা হলো নির্বাচন হয়ে গেলে নির্বাচন পরবর্তী গণতন্ত্র চর্চার গুনগত মান নির্নয় করা। সেটা আগের মত হলে চলবে না। গণতসন্ত্র বাঁচিয়ে রাখতে হলে হণতন্ত্রের গুনগত মান বাড়াতে হবে। কিন্তু ব্যাপার হলো নির্বাচনের পূর্বে যা করণীয় আগে তা না করি, তাহলে সম্ভব নয়।

খ) সংসদে বিরোধীদলের সদস্যদের ভূমিকাকে যদি আরও কার্যকর করা যায়, বাড়ানো যায় এমনকি বিরোধীদলের সদস্যদের সংখ্যার অনুপাতের থেকেও তুলনামূলকভাবে বিভিন্ন দায়িতে সম্পৃক্ত করা যায় তাহলে ঞড়ষবৎধহপব ৎঢ়ধহ এর সমস্যা হ্রাস পাবে। সংসদীয় কমিটিগুলোতে বিরোধীদলের প্রধানকেও তাদের সংখ্যাইণপাতের বাইরেও বেশী প্রাধান্য দিলে অন্ততঃ একটা ব্যালেন্স প্রতিষ্ঠিত হবে এবং এই সংসধীয় কমিটির কার্যক্রমে যাতে আরো বিশ্বাসযোগ্য ও বতস্তনিষ্ঠতা আনা যায় এবং এই সংসদের সাথে এবং এই সংসদে যেসব রাজনৈতিক বিষয় আলোচিত হয়েছে এর সাথে চলমান সমস্যা এবং নাগরিকদের বিভিন্ন সমস্যার মধ্যে চলমান একটা যোগসুত্র স্থাপন করা যায়। এছাড়া রাজনৈতিক গলগুলোর মধ্যে জবষধঃরড়হ মধঢ় কমে গেছে সেটাকে বাড়াতে হবে। তবে, সবচেয়ে বেশী প্রয়োজন রাজনৈতিক দলের গণতন্ত্রায়ন। রাজনৈতিক দলগুলো যতক্ষন না গণতান্ত্রিক হবে ততক্ষণ পর্যন্ত দেশে কোন গণতন্ত্র আসবে না।

**কর্ণেল (অবঃ) এম. শওকত আলী, এমপি**

সবচেয়ে বেশী প্রয়োজন রাজনৈতিক দলের গণতন্ত্রায়ন। রাজনৈতিক দলগুলো যতক্ষণ না গণতান্ত্রিক হবে ততক্ষণ পর্যন্ত দেশে কোন গণতন্ত্র আসবে না।

**জনাব আবুল কালাম আজাদ, এমপি**

রাজনৈতিক দলগুলোর মধ্যে যে Relation gap সৃষ্টি হয়েছে তা হ্রাস করতে হবে।

**শাহ আব্দুল হান্নান**

We must take exceptional step to restore election. Because, if we can restore election, we can restore politics. If we can restore honest politics, we can restore the country, the economy and the law and order and everything.

অর্থাৎ, নির্বাচনকে যদি আমরা বিশ্বাসযোগ্য করতে চাই, তবে অবশ্যই স্বল্প-মেয়াদী কিছু ব্যাতিক্রমধর্মী বিকল্প উদ্যোগ আমাদের হাতে নিতে হবে। কেননা, নির্বাচন বিশ্বাসযোগ্য হলে রাজনীতিতে সততা আসবে। আর, রাজনীতিতে সততা আসলে আইন-শৃঙ্খলা অর্থনীতি তথা গোটা জাতি রক্ষা পাবে।

**মেজর জেনারেল (অবঃ) এজাজ আহমেদ চৌধুরী**

Political Institution বা রাজনৈতিক দলগুলোকে আরো শক্তিশালী করতে হবে এজন্য নির্বাচিত সরকারকেই সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করতে হবে। কারন, একাজটি নির্বাচিত সরকারেরই একটি দায়িত্ব। তত্ত্বাবধায়ক সরকারকে দিয়েই যদি আমরা নির্বাচন করাতে থাকি, তাহলে নির্বাচিত সরকারের অবস্থান কোথায় গিয়ে দাড়াবে ? সেজন্য আমি মনে করি, বাংলাদেশের মূল সমস্যা হচ্ছে - আমাদের কোন শক্তিশালী রাজনৈতিক প্রতিষ্ঠান (গণতান্ত্রিক প্রতিষ্ঠান) নেই। রাজনৈতিক প্রতিষ্ঠান যতি শক্তিশালী হয়, তবে যেই দোষ করুক বা নির্বাচনে কাইণুপি করুক, পরবর্তী পর্যায়ে তা দুর হতে থাকবে। (rectify) হতে থাকবে এবং আমাদের দেশের উন্নতি হবে।

**জনাব হিলাল উদ্দিন**

বাংলাদেশের সমস্যা হচ্ছে 'সংঘাতময় রাজনীতি' (confrontational politics) এবং এ থেকে আমরা মুক্ত হতে না পারলে কোন কিছুই হবে না।

## ১৩। নির্বাচনী পর্যবেক্ষণ ও অন্যান্য

**ডঃ জামিলুর রেজা চৌধুরী**

ক) নির্বাচন পর্যবেক্ষণের জন্য আইনগত ভিত্তি রচনা করতে হবে। দেশী-বিদেশী পর্যবেক্ষদের নিয়মের মধ্যে আনতে হবে। নির্বাচন পর্যবেক্ষকদের আচরণবিধি ও তাদের দায়-দায়িত্ব প্রনয়ণ করা উচিত।

**জনাব হিলাল উদ্দিন**

ক) নির্বাচন পর্যবেক্ষন নির্বাচনের আগে এবং পরে - দুই সময়েই হওয়া উচিৎ।

খ) নির্বাচন পর্যবেক্ষক বাড়ানো দরকার। নির্বাচন পর্যবেক্ষণের কোয়ালিটি বাড়ানো দরকার। প্রিজাইডিং অফিসারদের কোয়ালিটি বাড়ানো দরকার।

**গ্রুপ ক্যাপ্টেন নজরুল ইসলাম (অবঃ)**

রিটার্নিং ও প্রিজাইডিং অফিসারেরা বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় অ-প্রশিক্ষণপ্রাপ্ত। তারা সাধারণত একটা ফরমও পূরণ করতে পারে না। অনেক ক্ষেত্রে তারা দলীয় লোকদের সাহায্য গ্রহন করে থাকে, ফলে নির্বাচনের নিরপেক্ষতা ক্ষুন্ন হয়। তাদেরকে সময় সাপেক্ষে ট্রেনিং দেয়া প্রয়োজন।

## ১৪। সংসদে সংরক্ষিত মহিলা আসন

**এ্যাডভোকেট সালমা ইসলাম**

সংসদে মহিলাদের প্রতিনিধিত্ব অত্যন্ত জরুরী বিষয়। কিন্তু বর্তমানে যে পদ্ধতি আছে এটা খুবই যৎসামান্য। সংসদে মহিলাদের প্রতিনিধিত্বকে সফল করতে গেলে ৬৪ জেলা থেকে ৬৪ জন মহিলাকে শুধুমাত্র মহিলা প্রার্থীদের প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে নির্বাচিত হওয়ার সুযোগ দেয়া প্রয়োজন যদি বর্তমান অবস্থা বা আসন সংখ্যা পরিবর্তন করা সম্ভব না হয়, তাহলে অন্ততঃ এইটুকু করা প্রয়োজন। তিনশত সাধারন আসনের মধ্যে যে রাজনৈতিক দল যে অনুপাতে আসনে জিতবে তারা ঠিক সে অনুপাতেই মহিলা প্রার্থী নির্বাচন করবে। তিনশত আসনের মধ্যে যেসব আসনে স্বতন্ত্র প্রার্থী জয়ী হবে তাদের মোট অনুপাতটি সকল রাজনৈতিক দলের মধ্যে আনুপাতিক হারে ভাগ হবে।

## “নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন” শীর্ষক গোলটেবিল আলোচনার প্রেক্ষাপটে পেশ করা প্রস্তাব বা সুপারিশ

### ক. নির্বাচন কমিশনকে শক্তিশালী করা প্রসঙ্গে

#### ১. নির্বাচন কমিশনের কাঠামো সংস্কার ও নিজস্ব জনবল

‘নির্বাচন কমিশন সার্ভিস’ নামে একটি ক্যাডার সার্ভিস গঠন করা যেতে পারে। এই ক্যাডারের পরিচালনা ও নিয়ন্ত্রন থাকবে রাষ্ট্রপতির সচিবালয়ের উপর। এই ক্যাডার সার্ভিস দেশের সকল অঞ্চলে নির্বাচনের সকল কায় সুষ্ঠুভাবে সম্পন্ন করবে। এছাড়া নির্বাচন কমিশনকে এমনভাবে গঠন করা প্রয়োজন যাতে করে কমিশন ডিসি বা টিএনও- এর উপর নির্ভরশীল না হয়। সেজন্য কমিশনের বিশেষতঃ জেলা পর্যায়ে প্রশাসনিক রদবদল অত্যন্ত জরুরী। বস্তুতঃ পার্লামেন্ট সচিবালয়েল মত নির্বাচন কমিশনেরও একটি সচিবালয় থাকা প্রয়োজন। নির্বাচন কমিশনের নিজস্ব সচিবালয়ের মাধ্যমে নিজস্ব ক্যাডারের অফিসারদের উপর সব সময়ের জন্য এবং শুধুমাত্র নির্বাচনকালীন সময়ে অন্য অফিসারদের উপর কোয়াসি- জুডিশিয়াল বা আধা-বিচার বিভাগীয় ক্ষমতা প্রয়োগ করার আইনগত অবকাশ প্রয়োজন।

#### ২. নির্বাচন কমিশনের স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা

নির্বাচন কমিশন সচিবালয়কে সরকারের নির্বাহী বিভাগের কর্মকর্তাদের খবরদারী থেকে সম্পূর্ণ মুক্ত করতে হবে। সেজন্য, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব থেকে উপজেলা বা থানা পর্যায়ের কর্মকর্তা পর্যন্ত সকল কর্মকর্তাকে নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব কর্মকর্তা হতে হবে। সরকারের নির্বাহী বিভাগের প্রতি মুখাপেক্ষী না হয়ে নিজে প্রয়েঅজনীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থাকতে হবে। নির্বাচন সংক্রান্ত যে-কোন বিষয়ে তাৎক্ষণিকভাবে হোক বা প্রক্রিয়াগতভাবে হোক, সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নির্বাচন কমিশনের নিজস্ব থাকতে হবে। এটা অনুমিত যে, শক্তিশালী নির্বাচন কমিশন এবং তার পক্ষে স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, নির্বাচন সমন্ধে জনগনের মনে আস্থা সৃষ্টিতে সহায়ক হবে।

#### ৩. নির্বাচন কমিশনারের পদমর্যাদা

প্রধান নির্বাচন কমিশনারের ক্ষমতা ও পদমর্যাদা বর্তমান অবস্থা তেকে আরও বৃদ্ধি করতে হবে। একই সাথে দু’জন নির্বাচন কমিশনারের পদমর্যাদা বৃদ্ধিও একান্ত অপরিহার্য। কেননা, তাদের পদমর্যাদা যদি বৃদ্ধি না করা যায়ম তবে কমিশনের উপর তাদের পরিপূর্ণ কর্তৃত্ব থাকবে না। ফলশ্রুতিতেম তারা স্বাচ্ছন্দ্যে কাজ করতে পারবে না। প্রধান নির্বাচন কমিশনার এবং সকল নির্বাচন কমিশনার বিচার বিভাগের সর্বোচ্চ আদালত থেকে আসাটাই বাঞ্ছনীয়। প্রধান নির্বাচন কমিশনার আপীল বিভাগের বিচারকের সমমর্যাদা এবং অন্যান্য নির্বাচন কমিশনারগণ হাইকোর্ট বিভাগের বিচারকগনের সমমর্যাদার হওয়া বাঞ্ছনীয়।

#### ৪. নির্বাচন কমিশনের আর্থিক স্বাতন্ত্র্য

নির্বাচন কমিশনকে স্বাধীনভাবে কাজ করতে হলে এর আর্থিক ব্যবস্থারও স্বাতন্ত্র্য প্রয়োজন। নির্বাচনকে যতি আমরা জাতীয় সত্ত্বার জন্য বিশেষভাবে চিন্তা করি তাহলে consolidated fund- এর সঙ্গে সংবিধান সংশোধন করে নির্বাচন কমিশনের চার্জ লাগিয়ে দিতে হবে। তা না হলে, পার্লামেন্ট যে বাজেট পাশ করবে যে বাজেট নির্বাচন কমিশনকে দিয়ে দেবে। নির্বাচন কমিশন নিজস্ব ফান্ড থেকে টাকা খরচ করবে এবং অর্থের জন্য

অর্থ-মন্ত্রণালয়ে নির্বাচন কমিশনের কোন ফাইল যাবে না। অডিটর জেনারেল সরাসরি নির্বাচন কমিশনের ব্যয় অডিট করবেন।

## খ. নির্বাচনকে কালো টাকার প্রভাবমুক্ত রাখা প্রসঙ্গে

### ১. নির্বাচনে সন্ত্রাস ও দুর্নীতি বন্ধ করা

নির্বাচনকে সন্ত্রাসমুক্ত করতে হলে এবং গণতন্ত্রকে জনকল্যাণমুখী করতে হলে, সন্ত্রাস ও দুর্নীতির আশ্রয়ে যে সমস্ত ব্যক্তিবর্গ রাজনৈতিক অঙ্গনে প্রবেশ করতে চান তাদের মনোনয়নকে রোধ করতে হবে। দেশে মুক্ত গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে সন্ত্রাসী ও দুর্নীতিবাজদের রাজনীতিতে পুনর্বাসন ঠেকাতে হবে। "সৎ প্রার্থীকে নির্বাচিত করুন, সন্ত্রাস ও চাঁদাবাজির পৃষ্ঠপোষকদের প্রত্যাখ্যান করুন' -- এই শ্লোগান দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দিতে হবে। নাগরিক সমাজের প্রতিনিধিত্বকারী সকল সংস্থা ও সংগঠন এই শ্লোগানের ভিত্তিতে একটা অভিযান পরিচালনা করতে পারে। একাজটি হবে সম্পূর্ণ দলমত নিরপেক্ষ। নাগরিক সমাজের দায়িত্ব হবে যারা দলীয় রাজনীতির ভিতরে থেকে ভাল কাজ করতে চায়, বাইরে থেকে তাদের হাতকে শক্তিশালী করা।

### ২. অবৈধ টাকার প্রতিযোগিতা বন্ধ করা

নির্বাচনকে কালো টাকার প্রভাবমুক্ত করতে হবে। নির্বাচন কমিশনকে এই মর্মে পদক্ষেপ নিতে হবে যেন, নির্বাচনী এলাকা অবৈধ টাকা মুক্ত থাকে। রাজনৈতিক ক্ষমতা অর্থনৈতিক ক্ষমতা বাড়ায় এবং অর্থনৈতিক ক্ষমতা রাজনৈতিক ক্ষমতা বাড়ায়। সমাজের মধ্যে এই যে "মানি ক্রেইজ" চলছে এটাকে বন্ধ করতে হবে। রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারদের নির্বাচনকালীন ক্ষমতার অপব্যবহার বন্ধ করতে হবে। এছাড়া ক্ষমতার অপব্যবহারের জন্য শাস্তির বিধান করা যেতে পারে।

### ৩. নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনের ব্যয়-ভার গ্রহণ

প্রার্থীদের কাছ থেকে তহবিল সংগ্রহ করে নির্বাচনের সমগ্র ব্যয়-ভার নির্বাচন কমিশন বহন করলে নির্বাচনে কালো টাকার ব্যবহার বন্ধ হবে।

## গ. তত্ত্বাবধায়ক সরকার প্রসঙ্গে

### ১. তত্ত্বধায়ক সরকারের দায়িত্ব

নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়নে ও জাতীয় নির্বাচন অনুষ্ঠানে তত্ত্বাবধায়ক সরকারের ধারনা প্রবর্তন একটি উল্লেখযোগ্য অগ্রগতি। এদেশের মানুষের জন্য অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের নিশ্চয়তা একমাত্র তত্ত্বাবধায়ক সরকারই দিতে পারে। এই সরকারের মূল দায়িত্ব হচ্ছে, নির্বাচন কমিশনের উপর দায়িত্ব ছেগে দিয়ে একটিা নির্বাচনী পরিবেশ তৈরী করা, যাতে করে নির্বাচন কমিশন সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করতে পারে।

### ২. তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ বৃদ্ধি করে সকল নির্বাচন অনুষ্ঠান

তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদকাল প্রয়োজনে তিন মাসের স্থানে ছয় মাস পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। স্থানীয় সরকারের সকল নির্বাচনও তত্ত্বাবধায়ক সরকারের অধীনে করা যেতে পারে। এর ফলে দেশে সকল পর্যায়ের

নির্বাচনের ক্ষেত্রেই জনসাধারনের অধিক বিশ্বাসযোগ্যতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। সাথে সাথে তত্ত্বাবধায়ক সরকারের আমলেই সকল নির্বাচনী আপিলের নিষ্পত্তি করার বিধান প্রণয়ন করতে হবে।

**৩. তত্ত্বাবধায়ক সরকারের অধীনে প্রতিরক্ষা মন্ত্রণালয়**

সংবিধান সংশোদন করে প্রতিরক্ষা মন্ত্রণালয়কে তত্ত্বাবধায়ক সরকার - এর অধীনে আনতে হবে।

## ঘ. ভোটার তালিকা ও আইডি কার্ড প্রসঙ্গে

**১. ভোটার তালিকা নিয়মিতকরন**

ভোটার তালিকা নিয়মিত হাল-নাগাদ (up-to-date) রাখতে হবে। কারো মৃত্যু হলে তালিকা থেকে সাথে সাথে তার নাম বাদ দেয়া, কিংবা বয়ঃপ্রাপ্ত হলে তালিকার তার নাম সংযোজন করা, এ কাজগুলো করার ধারাবাহিকতা প্রবর্তন করতে হবে। নির্বাচন কমিশনের ভোটার তালিকা সেল নিয়মিত দায়িত্ব হিসেবে এই কাজ চালিয়ে যাবে।

**২. ভাটার তালিকা প্রস্তুতি**

নির্বাচন সংক্রান্ত আইন সমূহ বিশেষ করে ভোটার তালিকা প্রস্তুতের বিষয়টি কঠোরভারব বাস্তবায়ন প্রয়োজন। বর্তমানে একজন নাগরিক ভোটার তালিকাভুক্ত হয়েছেন কিনা এই ব্যাপারে নির্বাচন কার্যালয়ের সঙ্গে যোগাযোগ ব্যতীত নিশ্চিত হওয়ার কোন সুযোগ নেই। এই ব্যবস্থার সুযোগ গ্রহণ করা শতকরা ৯৫ ভাগ নাগরিকের পক্ষে সম্ভব নয়। এই ব্যবস্থাটি আরও সহজকরণ প্রয়োজন। ভোটার তালিকা চূড়ান্ত প্রস্তুতের পূর্বে এই তালিকার একটি কপি সংশ্লিষ্ট এলাকার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এবং ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও পৌর কর্পোরেশনের সকল কমিশনারের কার্যালয়ে প্রেরণপূর্বক তাদের দ্বারা ভোটার তালিকা প্রণয়নের নির্ভুলতা যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এবং এর জন্য প্রয়োজনীয় আইন ও বিধি প্রণয়ন করা প্রয়োজন।

**৩. ভোটার তালিকার ব্যবহার**

ভোটার তালিকায় কত নম্বর ক্রমিকে একজন ভোটারের নাম আছে ভোটার কর্তৃক পূর্বে তা জানা থাকলে ভোট প্রদান সহজ হয়। ভোটারগণ যেহেতু পূর্ব হতে তা জানতে পারেন না ভোটা তালিকায় কত নম্বরে তার নাম আছে সেজন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারীগণ কর্তৃক নির্বাচনের দিন নির্বাচন কেন্দ্রের আশে পাশে ক্যাম্প করে ভোটারদের এই তা প্রদান করা হয়। ফলে ভোটারগণ ভোট প্রদানের পূর্বে প্রভাবিত হয়, ভোট প্রদানের গোপনীয়তা আংশিক নষ্ট হয় এবং সকল ক্যাম্পে কর্মরত দলীয় সদস্য দ্বারা নির্বাচনকালে নির্বাচন কেন্দ্রে আইন শৃংখলা পরিস্থিতি অবনতি ঘটে। প্রতিটি নির্বাচনের ন্যূনপক্ষে একমাস পূর্বে প্রত্যেক ভোটারের কাছে ভোটার তালিকায় তার ভোটার ক্রমিক নম্বরসহ একটি পরিচয়পত্র স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে পৌঁছিয়ে দেয়া সম্ভব হলে নির্বাচনের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি ছাড়াও নির্বাচন সংক্রান্ত নাগরিক সচেতনতা অনেক বৃদ্ধি পাবে।

**৪. আইডি কার্ডের ব্যবহার**

আইডি কার্ডের ব্যবহার অত্যাবশ্যকীয় করতে হবে যখন সকল নাগরিকের হাতে তা পৌঁছবে। তবে, সাম্প্রতিককালে নির্বাচন কমিশন কর্তৃক প্রস্তুত ভোটার আইডি কার্ড দ্বারা সুষ্ঠুভাবে আগামী নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়। কেননা বহুসংখ্যক কার্ড অত্যন্ত ত্রুটিপূর্ণ। অবিলম্বে নতুন করে ত্রুটিমুক্ত আইডি কার্ড প্রণয়ণের উদ্যোগ হাতে নিতে হবে।

**৫. জনসংখ্যা নিবন্ধীকরণ**

জনসংখ্যা নিবন্দীকরণ সবার জন্য অত্যাবশ্যকীয়। প্রত্যেক নাগরিকের জীবনে একবার এটা করা আবশ্যক। জনগণকে নিবন্ধীকরণের মাধ্যমে ডাটা-বেপ এ ঢুকাতে হবে যা ১০০% করা সম্ভব। রাষ্ট্রকে অবশ্যই তার প্রতিটি নাগরিকের রেকর্ড সংরক্ষণ করতে হবে। জনসংখ্যা নিবন্ধীকরণ না হলে কোন নির্বাচনী শৃংখলা আসবে না এবং দেশে গণতন্ত্রও আসবে না। একাজ এখন শুরু করলেও, ৫-৭ সৎসরের মধ্যে সুফল পাওয়া যাবে।

## ঙ. নির্বাচনী নিরাপত্তা ও তত্ত্বাবধান প্রসঙ্গে

### ১. নির্বাচনী নিরাপত্তায় সেনাবাহিনী নিয়োগ

নির্বাচনকালীন সব ধরনের আইন প্রয়োগকারী সংস্থাকে সংশ্লিষ্ট করানো সত্ত্বেও কাঙ্খিত ফল পাওয়া যায় না। তাছাড়া এসকল সংস্থা বেশ বিতর্কেরও জন্ম দেয়। আমাদের দেশে যে নিয়মিত সশস্ত্র বাহিনী তথা সেনাবাহিনী রয়েছে সেটা এখনও বিতর্কের উর্দ্ধে আছে। তাই পরিবেশ-পরিস্থিতি বিবেচনা করে সেনাবাহিনীকে সম্পৃক্ত করতে পারলে অনেকাংশে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

উপরন্তু, নির্বাচন কেন্দ্রে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, পুলিশ, বিডিআর ও আনসারদের নিয়ে ১০ বা ১৫ জনের একটা কম্বাইন্ড ফোর্স গঠন করা যেতে পারে। কোন এক অফিসারের তত্ত্বাবধানে এই ফোর্স থাকবে। তবে সশস্ত্র বাহিনীকে নির্বাচনকালীন নিয়োগের মাধ্যমে তাদেরকে পুরোপুরি ক্ষমতা দিতে হবে। সেনাবাহিনী নিয়োগ ছাড়া এদেশে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। এখন থেকে নিয়ে ১৫ মাসের মধ্যে (যেকোন সময়) অনুষ্ঠিতব্য সংসদ নির্বাচন ও এর পরবর্তী আরো দুইটি সংসদ নির্বাচন একান্তভাবেই নির্বাচন কমিশনের আওতায় সেনাবাহিনীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও সহযোগীতায় করা প্রয়োজন। তা হলে নির্বাচন বিশ্বাসযোগ্যতা পাবে। এর জন্য যেই আইনের বা বিধি-বিধানের আওতায় বেসামরিক প্রশাসনের সহায়তায় সেনাবাহিনী বিগত বৎসরসমূহে কাজ করেছে, সেই আইন বা বিধি-বিধানকে সংশোধন করতে হবে। এটা স্বীকার্য যে, নীতিগতভাবে সিদ্ধান্ত হলে এ ব্যাপারে সরেজমিনে প্রয়োগীতব্য নিয়ম কানুন বা 'টার্মস অব রেফারেন্স' সহজেই বের করা যাবে।

### ২. নিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজানো

নির্বাচনকালীন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতঃ নিরাপত্তা শুধু নির্বাচনী কেন্দ্রে সীমাবদ্ধ রাখলে চলবে না -- বাইরেও রাখতে হবে সমভাবে। কনস্টিটিউয়েন্সি বা নির্বাচনী এলাকায় নির্বাচনের কয়েকদিন আগে থেকেই নিরাপদ পরিবেশ গড়ে তুলতে হবে। বর্তমানে দেশের সর্বত্র অবৈধ হলেও অবাধ বে-আইনী অস্ত্রের ব্যবহার ঘটায়, নিরাপত্তা বাহিনীসমূহের পক্ষ থেকে সনাতন ধারনা বাদ দিয়ে সমস্যাটিকে আক্রমন করতে হবে। একটি স্বাভাবিক মাপের থানায় বা উপজেলায় ৩০/৪০ জনের এক প্লাটুন সেনাবাহিনী কোন ক্রমেই যথেষ্ট নয়। তাই, যথেষ্ট সময় ধরে যথেষ্ট সঙখ্যক নিরাপত্তা বাহিনীর সদস্য দিয়ে এই পরিবেশ গড়ে তুরতে হবে। এর ফলে ভোটারগণ নির্ভয়ে ভোট কেন্দ্রে আসতে পারবে এবং সুষ্ঠু ও সাবলীলভাবে ভোটে অংশ গ্রহণ করতে পারবে। পাশাপাশি ইইনের কঠোর প্রয়োগও বলবৎ রাখতে হবে।

### ৩. পুলিশের ভূমিকা

দেশের যে কোন নির্বাচনের জন্য পুলিশ বাহিনীর বর্তমান জনবল যথেষ্ট নয়। সাধারণভাবে নির্বাচনের সময় প্রতিটি ভোট কেন্দ্রে একজন পুলিশ কনষ্টেবল ও কিছু সংখ্যক আনসার শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য মোতায়েন করা হয়। বিদ্যমান রাজনৈতিক অশান্ত পরিস্থিতিতে তাদের পক্ষে নির্বাচন কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা বিধান সম্ভব নয়। এই পরিস্থিতিতে প্রতিটি ভোট কেন্দ্রে নুন্যতম পক্ষে ১৫ জন সুযোগ্য ও বিশ্বাসযোগ্য পুলিশ বাহিনীর সদস্য মোতায়েনের সুবিদার্থে পুলিশ আইনের ১৭ ধারা অনুযায়ী বিশেষ পুলিশ অফিসার নিয়োগের

বিধানটির ব্যবহার করা উচিৎ। বিশেষ পরিস্থিতিতে, পুলিশ বাহিনীর স্থানীয় জনবল দ্বারা কোন অঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষা সম্ভব না হলে স্বল্প ব্যয়ে যাতে অতিরিক্ত জনবল সংগ্রহ ও মোতায়েন করা যায় এই বিষয়টি বিবেচনায় রেখেই, আইন প্রণেতাগণ কর্তৃক পুলিশ আইনের এই ধারাটি প্রণয়ন করা হয়েছিল। প্রয়োজনে এই ধারাটি সময়োপযোগী সংশোধনপূর্বক নির্বাচনের সময় বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসহ দেশের শিক্ষিত শ্রেণী হতে পর্যাপ্ত সংখ্যক বিশেষ পুলিশ অফিসার নিয়োগপূর্বক নির্বাচনে মোতায়েনের ব্যবস্থা করা এবং পরবর্তীতে তাদের মধ্যে যোগ্য ও বিশ্বাসযোগ্য সদস্যদেরকে তদন্তেও ব্যবহার করা যেতে পারে।

### ৪. নির্বাচনের দিন বাড়ানো প্রসঙ্গে

জাতীয় সংসদ নির্বাচন সারাদেশে একদিনে অনুষ্ঠান না করে নির্বাচনের জন্য প্রয়োজনীয় জনবল ও নিরাপত্তাবাহিনীর সদস্যদের সংখ্যাটিকে বিবেচনায় নিয়ে ২/৩ দিন অন্তর অন্তর কয়েক দিনে যথা, ১০ থেকে ১৫ দিনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা উচিৎ। তবে জাতীয় সংসদের নির্বাচনে ভোট গ্রহণ একদিনে অনুষ্ঠিত না হলেও বোট গণনা নির্বাচন সমাপ্তির পর একই সঙ্গে ও একই দিনে করতে হবে। এই ব্যবস্থা স্থানীয় সরকারের নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বেলায় নির্বাচন সমাপ্তির পর ভোট গণনা সঙ্গে সঙ্গেই করা যেতে পারে।

## চ. নির্বাচনে বিশ্বাসযোগ্যতা আনয়ন

নির্বাচনে ভোট গণনা, নির্বাচনে বিশ্বাসযোগ্যতার সাথে সংশ্লিষ্ট বিষয়গুলোর মধ্যে অন্যতম। অধিকাংশ ভোটকেন্দ্রগুলোতেই সন্ধ্যেবেলা আলো আঁধারিতে বোট গণনা করা হয় যার ফলি, নির্বাচনের বিশ্বাসযোগ্যতা প্রশ্নের সম্মুখীন হয়। এ সমস্যার একমাত্র সমাধান হচ্ছে, কেন্দ্রসংখ্যা বাড়িয়ে দিয়ে বেলা ৩ টার মধ্যে বোট প্রদান শেষ করা এবং ৫ টার মধ্যে গণনা শেষ করা।

## ছ. নির্বাচনে নাগরিক সমাজের ভূমিকা ও জনমত সৃষ্টি করা প্রসঙ্গে

### ১. নাগরিক চার্টার তৈরী করা

পৃথিবীর বিভিন্ন দেশের মত আমাদের দেশেও নাগরিক চার্টা তৈরী করা প্রয়োজন এবং তার উদ্যোগ এখনই নেয়া উচিৎ। এই চার্টারের মূল বিষয় হবে, আগামী নির্বাচনের মাধ্যমে সরকার পরিবর্তনের প্রক্রিয়া সংকটমুক্ত করা। নির্বাচনে সৎ ও যোগ্য প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে এই চার্টার ভূমিকা রাখতে পারে।

### ২. মিডিয়াকে শক্তিশালী করা

নির্বাচন সম্পর্কে দেশের সাধারণ মানুষকে ধারনা দেওয়ার জন্য রেডিও ও টেলিভিশনে ভোটের অধিকার, কেন মানুষ ভোট দেবে, এই সব জিনিস নিয়ে প্রতিনিয়ত অনুষ্ঠান করা প্রয়োজন। এতে করে মানুষের কাছে ভোটের গুরুত্ব বাড়বে। সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সুষ্ঠু গণতন্ত্র চর্চা এবং জনমত সৃষ্টি করার জন্য সংবাদপত্রের স্বাধীনতা অপরিহার্য। সাথে সাথে সাংবাদিকদের কর্তব্য হবে, প্রার্থীদের ও বিভিন্ন রাজনৈতিক দলের ভাল-খারাপ সবদিক তুলে ধরা। যাতে করে মানুষ বিভ্রান্তিতে না পড়ে।

### ৩. সুশীল সমাজকে শক্তিশালী করা

আমাদের দেশের সুশীল সমাজ খুবই দুর্বল। এই সুশীল সমাজকে শক্তিশালী করা ছাড়া কোন বিকল্প নেই। রাষ্ট্র পরিচালক নির্বাচন যদি জনগনের অধিকারই হয়, তাহলে এই নির্বাচনটাও জনগনকে দিয়েই করানো উচিৎ। সংবিধান অনুযায়ী জনগনের অধিকারকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে হবে। জনগণকে দিয়েই নির্বাচন করাতে

হবে। এতে তার দায়িত্ব বোধ ও সচেতনতা বাড়বে। তবে, জনগনকে আগে উপযুক্ত হতে হবে। অর্থাৎ জনগণকে উপযুক্ত শিক্ষায় শিক্তি হতে হবে। ভাল-মন্দ যাচাই করার যোগ্যতা জনগনের মধ্যে থাকতে হবে। এর জন্য প্রয়োজন জনগণকে আইণষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত করানো।

**৪. গণতান্ত্রিক চেতনা তৈরী করা**

জনগণের মধ্যে ব্যাপকভাবে গণতান্ত্রিক মূল্যবোধ বাড়াতে হবে, গণতান্ত্রিক চেতনা জাগাতে হবে। রাজনৈতিক দলগুলোর পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ বাড়াতে হবে।

গণতান্ত্রিক ব্যবস্থাকে সমধিক চর্চার জন্য ক্ষমতার কিছু বিকেন্দ্রীকরণী অপরিহার্য। ক্ষমতার বিকেন্দ্রীকরণ হলে আমাদের মধ্যে গণতান্ত্রিক সহ্যসীমা অনেকটা বেড়ে যাবে, ফলে গণতন্ত্রের মান উন্নত হবে।

## জ. নির্বাচনে প্রার্থী মনোনয়ন সম্পর্কিত বিষয় প্রসঙ্গে

**১. নাগরিক সমাজের কর্তব্য**

গণতন্ত্রের গুনগতমান বৃদ্ধিতে জনমত সৃষ্টি ক্ষেত্রে নাগরিক সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বিশেষ করে, নির্বাচনে দলীয় প্রার্থী মনোনয়নের প্রক্রিয়ায়। কেননা, দলীয় মনোনয়ন যে ধরনের প্রার্থীকে দেয়া হবে তার উপরই নির্ভর করবে পরবর্তী সংসদের গুনগতমান কি হবে এবং তার উপর নির্ভর করবে গণতন্ত্রের গুনগতমান কি হবে।

**২. একজন ভাল প্রার্থীর যোগ্যতা**

স্বাবলম্বী শিক্ষিত মানুষদের রাজনীতিতে সম্পৃক্ত করতে হবে। সেটা একেবারে ইউনিয়ন বা গ্রাম পর্যায় থেকে শুরু হবে। তাদের অবশ্যই ইউনিয়ন, থানা ও জেলা পরিষদ নির্বাচনে অংশ গ্রহনের অভিজ্ঞতা এবং সব ব্যক্তিত্ব প্রমাণি হওয়ার পর যে কেউ যোগ্য হবে সংসদ নির্বাচনে দাড়ানোর জন্য, তার আগ পর্যন্ত তাকে সংসদ নির্বাচনে যোগ্য করা হবে না। ভাল লোক দেখে নমিনেশন দিতে হবে এবং ভোটারদের লক্ষ্য থাকবে, আমরা লোভের উর্দ্ধে থেকে ভোট দেব। এর জন্য শিক্ষা ব্যবস্থায় দীর্ঘ মেয়াদী পরিবর্তন আনতে হবে। ন্যায়ভিত্তিক শিক্ষা ও শাসন ব্যবস্থার জন্ম দিতে হবে।

## ঝ. নির্বাচন সংক্রান্ত আইন ও বিধিমালা সংশোধনী প্রসঙ্গে

**১. নির্বাচনী ব্যয় সংকোচন**

রাজনৈতিক দলগুলোর অর্থায়নের স্বচ্ছতার ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরী। রাজনৈতিক দলের নিবন্ধীকরণ নির্বাচন কমিশনে বাধ্যতামূলক করা প্রয়োজন। তাদের অর্থের উৎস জনগনের জনা প্রয়োজন। আর নির্বাচনী ব্যয় যদি পার্টি থেকে বা সরকার থেকে বহন করা হয় তাহলেও কিছু রাজনৈতিক উন্নয়ন আসবে। বর্তমানের মীমা ৩ (তিন) লক্ষের অধিক টাকা নির্বাচনে ব্যয় করা বা নির্বাচনী ব্যয় সংক্রান্ত সীমা লংঘনের জন্য যদি উপযুক্ত শাস্তি না হয়, তবে আইন করে কোন লাভ হবে না। নির্বাচন খরচ কমানোর জন্য অত্যাধিক নির্বাচনী ক্যাম্প বন্ধ করে দেয়া প্রয়োজন। একটি থানায় একটি মাত্র নির্বাচনী ক্যাম্প করা যেতে পারে। এছাড়া নির্বাচনকালীন মিছিল মিটিং সম্পূর্ণভাবে বাতিল করে শুধুমাত্র এক বা একাধিক প্রজেকশন মিটিং এর নিয়ম করা যেতে পারে, যেটা নির্বাচন কমিশন করবে।

**২. নির্বাচনী ট্রাইব্যুনালের কার্যকারিতা**

নির্বাচন আইনের পরিপন্থী নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সদস্যদের সদস্য পদ বাতিলের বিধান আছে কিন্তু আজাবধি কোন কার্যকারীতা দেখা যায়নি। নির্বাচন ট্রাইব্যুনালের দীর্ঘসূত্রতা ও জটিলতা অবৈধ ও সন্ত্রাসী নির্বাচনকে উৎসাহিত করে এবং নির্বাচিত সদস্যদের প্রতি মানুষের আস্থা নষ্ট করে। এর প্রতিকার খুবই জরুরী। বিচার বিভাগের বিচারকদের বর্তমান জনবল দ্বারা নির্বাচন সংক্রান্ত মামলার তড়িৎ বিচার সম্ভব নয়। এই সমস্যা সমাধানের জন্য বিকল্প ব্যবস্থার প্রয়োজন।

এছাড়া, তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচিত জাতীয় সংসদ ও স্থানীয় সরকার সংস্থার নির্বাচনের মামলা সমূহের বিচার নিস্পত্তি যাতে অনুর্দ্ধ তিন মাসের মধ্যে করা সম্ভব হয় সেই জন্য দেশের যোগ্য আইনজীবিগনের মধ্যে হইতে সর্বোচ্চ চয় মাসের জন্য পর্যাপ্ত সংখ্যক নির্বাচন সংক্রান্ত বিচারক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান জরুরী। সকল বিচারক, সম্ভব হলে অবেতনিক বিচারক হিসাবে নিয়োগ প্রদান, এবং সম্ভব না হলে তা বেতনভোগী বিচারক হিসাবে নিয়োগ দেয়া প্রয়োজন। এ ব্যাপারে প্রয়োজনীয় আইন প্রণয়ন জরুরী। নির্বাচন সংক্রান্ত মামলাসমূহ নির্বাচন সমাপ্তির তিন মাসের মধ্যে নিস্পক্তি সম্ভব হলে বিবিধ অবৈধপন্থা ও সন্ত্রাসের মাধ্যমে নির্বাচিত হওয়ার প্রবণতা অবশ্যই হ্রাস পাবে। আইনের শাসন, নির্বাচন ও গনতন্ত্রের প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পাবে।

**৩. সংসদে সংরক্ষিত মহিলা আসন**

সংসদে মহিলাদের প্রতিনিধিত্ব অত্যন্ত জরুরী বিষয়। কিন্তু বর্তমানে যে পদ্ধতি আছে এটা খুবই যৎসামান্য। সংসদে মহিলাদের প্রতিনিধিত্বকে সফর করতে গেলে ৬৪টি জেলা থেকে ৬৪ জন মহিলাকে শুধুমাত্র মহিলা প্রার্থীদের প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে নির্বাচিত হওয়ার সুযোগ দেয়া প্রয়োজন। যদি বর্তমান অবস্থা বা আসন সংখ্যা পরিবর্তন করা সম্ভ না হয়, তাহলে অন্ততঃ এইণুকু করা প্রয়োজন। তিনশত সাধারণ আসনের মধ্যে যে রাজনৈতিক দল যে অনুপাতে আসনে জিতবে তারা ঠিক সে অনুপাতেই মহিলা প্রার্তী নির্বাচন করবে। তিনশত আসনের মধ্যে যেসব আসনে স্বতন্ত্র প্রার্থী জয়ী হবে তাদের মোট অনুপাতটি সকল রাজনৈতিক দলের মধ্যে আইণপাতিক হারে ভাগ হবে।

## ঞ. উপ-নির্বাচন প্রসঙ্গে

জাতীয় সংসদের উপনির্বাচনে দলীয় প্রার্থীর ক্ষেত্রে, যে দলের প্রার্থী জাতীয় নির্বাচনে জয়ী হয়েছিল উপ-নির্বাচনের ক্ষেত্রে নতুন নির্বাচনের ব্যবস্থা না করে এই দল কর্তৃক মনোনীয় একজন প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষনা প্রদান এবং যে ক্ষেত্রে মূল জাতীয় নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী নির্বাচিত হয়েছিল সেক্ষেত্রে স্বাতন্ত্র নির্বাচিত প্রার্থীর পরবর্তী যে প্রতিদ্বন্দ্বী সর্বাধিক ভোট পেয়েছিল তাকে নির্বাচিত বরৈ ঘোষনা করার জন্য সংবিধানে ও নির্বাচন বিধিমালাতে প্রয়োজনীয় আইন প্রণয়ন আবশ্যক। তাহলে উপ-নির্বাচন নিয়ে ঝামেলা এড়ানো যেতে পারে।

স্থানীয় সরকারের প্রতিনিধি নির্বাচন হেতু আইন অনুযায়ী দলীয় ভিত্তিতে অনুষ্ঠিত হয় না, সেই জন্য স্থারীয় সরকারের প্রতিনিধি নির্বাচনের যে প্রার্থী জয়ী হয়েছিলেন উপ-নির্বাচনের পরিবর্তে ভোট প্রাপ্তিতে তাহার পরবর্তী প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষনার জন্য সংশ্লিষ্ট আইনের সংশোধনী প্রয়োজন।

## ট. রাজনৈতিক দলগুলোর ভূমিকা ও অন্যান্য প্রসঙ্গ

**১. বিরোধী দলের ভূমিকা**

সংসদে বিরোদী দলের সদস্যদের ভূমিকাকে যদি আরও কার্যকর করা যায়, বাড়ানো যায় এমনকি বিরোধীদলের সদস্যদের সংখ্যার অনুপাতের থেকেও তুলনামূলকভাবে বিভিন্ন দায়িত্বে সম্পৃক্ত করা যায় তাহলে Tolerance span এর সমস্যা হ্রাস পাবে। সংসদীয় কমিটিগুলোতে বিরোধীদলের প্রাধান্যকে ও তাদের সংখ্যাইণপাতর বাইরেও বেশী প্রাধান্য দিলে অন্ততঃ একটা ব্যালেন্স প্রতিষ্ঠিত হবে এবং এই সংসদীয় কমিটির কার্যক্রমে যাতে আরও বিশ্বাসযোগ্য ও বস্তুনিষ্ঠতা আনা যায় এবং এই সংসদের সাথে এবং এই সংসদে যে সব রাজনৈতিক বিষয় আলোচিত হয়েছে এর সাথে চলমান সমস্যা এবং নাগরিকদের বিভিন্ন সমস্যার মধ্যে চলমান একটা যোগসূত্র স্থাপন করা যায়। এছাড়া রাজনৈতিক দলগুলোর মধ্যে যে Relation gap সৃষ্টি হয়েছে তার হ্রাস করতে হবে। তবে, সবচেয়ে বেশী প্রয়োজন রাজনৈতিক দলের গণতন্ত্রায়ন। রাজনৈতিক দলগুলো যতক্ষন না গণতান্ত্রিক হবে ততক্ষন পর্যন্ত দেশে কোন গণতন্ত্র আসবে না।

### ২. নাগরিক সমাজের সম্পৃক্ততা

সংসদীয় কমিটি গুলোতে নাগরিক সমাজের পক্ষ থেকে বিশেষজ্ঞদের বিভিন্ন প্রতিনিধি সম্পৃক্ত করার বিষয়ে চিন্তা করা যায়। যেমন, আমেরিকাতে সিনেট এবং কংগ্রেসের হিয়ারিং কমিটি আছে, যেখানে বিশেষজ্ঞদের সব সময় ডাকা হয়। সংসদের ঐক্রমতের ভিত্তিতে Rules of Procedure -এ প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে এ বিষয়টি চালু করা যেতে পারে এবং তা করা প্রয়োজন আগামী নির্বাচনের পূর্বেই।

## ঠ. নির্বাচন পর্যবেক্ষণ প্রসঙ্গে

### ১. নির্বাচনী পর্যবেক্ষকদের ভূমিকা

নির্বাচন পর্যবেক্ষণ নির্বাচনের আগে এবং পরে দুই সময়েই হওয়া উচিত। নির্বাচন পর্যবেক্ষক বাড়ানো প্রয়োজন। এমনকি নির্বাচন পর্যবেক্ষনের গুণগত মানও বাড়ানো দরকার। এক্ষেত্রে এনজিও গুলিকে নির্বাচন পর্যবেক্ষন কাজে সংশ্লিষ্ট করানো যেতে পারে। তবে বিদেশী পর্যবেক্ষকদেরকে নিয়মের মধ্যে আনা প্রয়োজন। তাদের দায়-দায়িত্ব কি হবে, আচরণ বিধি কি হবে, এগুলো নিশ্চিত করা প্রয়োজন।

## ড. নির্বাচন কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রসঙ্গে

### ১. রিটার্নিং ও প্রিজাইডিং অফিসার নিয়োগ

যতদিন নির্বাচন কমিশন নিজের ক্যাডার কর্মকর্তা না পাচ্ছে ততদিন নির্বাচনী দায়িত্ব পালনে রত সকল কর্মকর্তার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। অধিকন্তু, আমাদের দেশের নির্বাচনকালীন যে সমস্ত প্রিজাইডিং অফিসার নিয়োগ করা হয় তারা বেশীর ভাগই অপ্রশিক্ষনপ্রাপ্ত। তাদেরকে সময় সাপেক্ষে পরিপূর্ণ ট্রেনিং দেয়া প্রয়োজন।

# সংযোজনী-১

## বাংলাদেশে নির্বাচনে নিরাপত্তা, নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা উন্নয়ন

## জাতীয় নির্বাচন ২০০৭ একটি সিএসপিএস প্রতিবেদন

### চিত্র-১

**বিষয়: ১**

* **আওয়ামী লীগকে নির্বাচনে অংশগ্রহন করতে সংস্কারের জন্য সথেষ্ট সময় ও সুযোগ আছে কিনা?**

  * সংস্কারের সময় প্রশ্নে শেখ হাসিনা বলেছেন যে, তত্ত্বাবধায়ক সরকার থাকাকালীন সময়ও সংস্কারের সুযোগ আছে। সাংবিধানিকভাবে তত্ত্ববধায়ক সরকারের সময় রাষ্ট্রপতির অধ্যাদেশ জারী করে সংস্কারের প্রস্তাব গ্রহন করা যেতে পারে। পরবর্তী নতুন সংসদে তার গ্রহীত হতে হবে। সেক্ষেত্রে তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতার বিস্তার বর্ধিত হতে পারে এবং সংস্কার অধ্যাদেশ আকার জারী করা যেতে পারে। সেক্ষেত্রে আওয়ামী লীগ অংশগ্রহন করতে পারে।

**বিষয়: ২**

* **সংস্কারের কোন কোন বিষয়গুলো গ্রহন করা হতে পারে।**

(ক) তত্ত্বাবধায়ক সরকারের প্রধান

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান কে. এম হাসান সম্পর্কে আওয়ামী লীগের আপত্তি এবং তার পূর্ব দলঘেষা অভিজ্ঞতা তার তত্ত্বাবধায়ক সরকার প্রধান হওয়ার প্রক্রিয়ায় জটিলতা সৃষ্টি করেছে। এক্ষেত্রে আওয়ামী লীগের দাবি হচ্ছে যে, একজন দলীয় প্রভাবমুক্ত কর্মকর্তা নিয়োগ।

(খ) ইলেকশন কমিশনার

নির্বাচন কমিশনের বর্তমান কমিশনারের পরিবর্তে গ্রহনযোগ্য একজনের নিয়োগ সময়ের ব্যাপার মাত্র। কেননা বর্তমান নির্বাচন কমিশনার শুরু থেকেই একের পর এক বিতর্কের জন্ম দিচ্ছে যা তার প্রতিষ্ঠানকে জনগন ও রাজনৈতিক দলগুলোর কাছে অগ্রহনযোগ্য করে তুলেছে।

(গ) ভোটার লিষ্ট

ভোটার লিষ্ট এর ব্যাপারে জনগনের তীব্র আগ্রহই এই সংস্কার আন্দোলনের প্রধান সমর্থন। বর্তমানে নির্বাচন কমিশনে ভোটার লিষ্ট সংক্রান্ত জটিলতাকে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে কাজে লাগাতে চেষ্টা করছে।

(ঘ) জামাতের সংগে আলোচনায় অংশ না নেওয়া

সংস্কার আলোচনায় জামাতকে অংশগ্রহন না করানোর আওয়ামী লীগের নীতি রাজনৈতিক কুটকৌশল এবং তাদের অতীত সংশ্লিষ্টতার পরিপন্থী। আওয়ামী লীগ জামাতকে পরোক্ষভাবে আলোচনায় রাখতে চায়। এক্ষেত্রে তারা চারদলের ভিতর বিএনপির নেতৃত্বকে গ্রহন করবে কিন্তু আলোচনায় জামাতকে আলোচনার অংশীদার হিসাবে গ্রহন না করার ঘোষনা দিয়েছে। অন্যদিকে বিএনপি জামাতকে আলোচনার অংমীদার হিসাবে চাচ্ছে। জামাতকে নিয়ে আলোচনায় বসার যে কৌশল বিএনপি গ্রহন

করেছে এবং আলোচনাতে আসার আহবান জানাচ্ছে তা আওয়ামী লীগকে রাজনৈতিকভাবে চাপে রাখার কৌশল।

(ঙ) সেনাবাহিনীর নিয়ন্ত্রন প্রসংগ

তত্ত্বাবধায়ক সরকারের সময় সেনাবাহিনীর নিয়ন্ত্রন তার হাতেই ন্যস্ত করা যেতে পারে।

## চিত্র-২

**বিষয়: ১**

* **যদি আওয়ামী লীগ নির্বাচনে অংশ না নেয় তবে-**

(ক) মাঠ পর্যায়ে আওয়ামী লীগ কর্মীদের মনোভাব কেমন হবে।

মাঠ পর্যায়ে আওয়ামী লীগের চেইন অব কমান্ড খুবই কার্যকরী। চারদলীয় জোটের বিরুদ্ধে আওয়ামী লীগের তৃণমূল কর্মীরা ইতিমধ্যেই একতাবদ্ধ এবং সংস্কারই তাদের প্রধান আন্দোলনের ইস্যু। সেক্ষেত্রে সংস্কার ছাড়া নির্বাচনে অংশ না নিয়ে তীব্র আন্দোলন গড়ে তোলার রাজনৈতিক শক্তি মাঠ পর্যায়ে প্রভাব বিস্তার করতে পেরেছে।

(খ) আওয়ামী লীগের যে ৪৮টি নিশ্চিত আসন রয়েছে সেই এমপি'রা দলবদ্ধভাবে অন্য কোন প্লাটফর্ম তৈরী করবে কিনা অথবা অন্য কোন প্লাটফর্মে যোগ দিয়ে নির্বাচন করবে কিনা?

আওয়ামী লীগের নিশ্চিত আসন থেকে আপতদৃষ্টিতে ভাঙ্গনের কোন সম্ভাবনা নেই। কেননা এতে বেরিয়ে যাওয়া এমপিদের রাজনৈতিক ক্ষতির সম্ভাবনাই বেশী। ড. কামাল কিংবা বদরুদ্দোজা প্লাটফর্ম অথবা অন্য যে কোন প্লাটপর্ম আওয়ামী লীগ অথবা বিএনপির বিকল্প হতে পারে না। সেক্ষেত্রে তাদের রাজনৈতিক ক্যারিয়ার হুমকির সম্মুখিন হবে।

## চিত্র-৩

**বিষয়: ১**

* **এরশাদের গ্রহনযোগ্যতা প্রসংগ।**

কিছুদিন পূর্বে বিদিশাকে নিয়ে এরশাদের রাজনৈতিক ও ব্যক্তিগত কর্মকান্ড তার রাজনৈতিক জীবনের আরও এক কেলেংকারির জন্ম দিয়েও জোটে গিয়ে ক্ষমতার আশ্বাদ পাবার সম্ভাবনায় জাপার নেতাকর্মীরা প্রহর গুরছে। তাই তৃনমূল নেতারা সরব হওয়া শুরু করেছে। সেক্ষেত্রে এরশাদের গ্রহনযোগ্যতা এখনও যথেষ্ট থাকলেও বর্তমানের পত্র-পত্রিকার জরিপে দেখা যাচ্ছে যে, এরশাদ এর অঞ্চল ভিত্তিক নির্দিষ্ট আসনগুলোতে জনপ্রিয়তা ক্ষয়িষ্ণু।

**বিষয়: ২**

* **এরশাদের চারদলীয় জোটে যোগ দিলে জামাতের প্রতিক্রিয়া কেমন হবে।**

জামাত ইতিমধ্যেই তাদের সতর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। জাপাকে নিয়ে জামাত এর নিম্নলিখিত কারনে আপত্তি রয়েছে।

**ক.** জাপা একটা এরশাদ সর্বস্যদল। তাই দল থেকে ব্যক্তিগত পরিচয়ই বড়। যা ভবিষ্যতে জোটের রাজনীতিতে অবদান রাখতে পারবে না। ফলশ্রুতিতে তা আঞ্চলিকভাবে প্রভাব বিস্তার করলেও বৃহত্তর কোন অবদান রাখবে না।

**খ.** এরশাদ এর ব্যক্তিগত ও রাজনৈতিক ইমেজ স্থিতিমীল নয়। ফলে জোটে অংশগ্রহন করলেও ক্ষমতার বন্টন প্রশ্নে তার মতামতের প্রতিকুল কোন সিদ্ধান্তে জোট ত্যাগের সম্ভাবনা থাকবে। যা রাজনৈতিকভাবে জোটের ইমেজ নষ্ট করবে।

**গ.** জাপা শতধা বিভক্ত একটি দল যা জামাতের মত সাংগঠনিকভাবে স্থিতিশীল নয়। যেহেতু এটা এরশাদ এর শেষ নির্বাচনে অংশগ্রহন তাই ভবিষ্যৎ জাতীয় পার্টির নেতৃত্বে যে দলটিকে শত ধারায় বিভক্ত করবে তা সন্দেহ নেই।

**ঘ.** আঞ্চলিক পট পরিবর্তনে অঞ্চল ভিত্তিক জাতীয় পার্টির ভবিষ্যৎ নিশ্চিত নয়। আর্থ-সামাজিক পরিবর্তনে অঞ্চল ভিত্তিক এ দলটির ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনাই বেশী।

**ঙ.** জোটে জাপার অংশগ্রহন রাজনৈতিকভাবে জামাতকে ক্ষতিগ্রস্থ করবে। জামাতের যে ১০টি শক্তিকেন্দ্র সেখানে জাপার সাথে তার শক্ত প্রতিদ্বন্দ্বিতা রয়েছে। এক্ষেত্রে জোটে জাপার ঐ ১০টি আসন চাওয়া নিয়ে জটিলতার সৃস্টি হয়েছে। জামাত সেক্ষেত্রে দলীয়ভাবে তা প্রতিহত করার চেষ্টা করবে।

**চ.** রাজনৈতিক ক্যারিয়ারের ক্রান্তিকালে ক্ষয়িষ্ণু জনপ্রিয়তার এরশাদকে জোটে অন্তর্ভূক্ত করানোর যে ইচ্ছা বিএনপি দেখাচ্ছে রাজনৈতিকভাবে তা জামাতের জোটের প্রতি আইণগত্যকে প্রভাবিত করবে। ২০০১ সালে জামাতের দলগত প্রচেষ্টা ও আইণগত্য বিএনপিকে বিশাল বিজয় এন দেয়। ফলে জামাত এর প্রতিক্রিয়া হবে অবশ্যই সতর্কতামূলক নেতিবাচক মনোভাব।

**বিষয়: ৩**

* **এরশাদের অনুজ জি এম কাদের ছয়জন এমপি সহ জাতীয় পার্টি থেকে বের হয়ে যাওয়ার সম্ভাবনা কতটুকু?**

ইতিমধ্যে এরশাদের অনুজ জি এম কাদের জাপার জোটে যোগ দেওয়ার প্রশ্নে দলের ভাঙ্গনের সংকেত দিয়েছে। এক্ষেত্রে তিনি নিজেই জাপার আরো কিছু এমপি ও নেতাকর্মী নিয়ে দল থেকে বেরিয়ে যাওয়ার মনোভাব ব্যক্ত করেছে। এক্ষেত্রে কম বিতর্কিত কোন প্লাটফর্ম গঠন অথবা যোগ দেওয়ার সম্ভাবনাই বেশী। তবে জি এম কাদেরের বেরিয়ে যাওয়ার সম্ভাবনা নির্ভর করছে এরশাদ এর জোটে যোগ দেওয়ার চূড়ান্ত প্রক্রিয়া ও তিনি কিভাবে তার অনুজকে ম্যানেজ করবেন তার উপর।

## চিত্র-৪

**বিষয়: ১**

* **যদি আওয়ামী লীগ নির্বাচনে অংশ না নেয় তবে জাতীয় পার্টি ও জামাত মিলে বিরোধীদল হিসাবে একটি নির্বাচনের গ্রহনযোগ্যতা কতটুকু?**

আওয়ামী লীগের নির্বাচনে অংশ না নেওয়া বাংলাদেশের রাজনীতিতে নতুন ঘটনা নয়। সেক্ষেত্রে আওয়ামী লীগ ছাড়া নির্বাচন হলে ১৯৯৬ এর মত নির্বাচনের জন্ম দেবে। কেননা জামাত জোটের বাইরে নির্বাচন করলেও জাতীয় পার্টি ও জামাত মিলে এবং অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী দলের সমন্বয়ে নির্বাচন হলেও তা বৃহত্তর কোন নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা সৃষ্টি করবে না। জামাত ও জাতীয় পার্টির সমন্বয়ে বিরোধীদলের সৃষ্টি হলেও ২০০৭ সালের নির্বাচনে বিএনপির যথার্থ কোন প্রতিদ্বন্দ্বি থাকবে না। কামাল-বদরুদ্দোজা প্লাটফর্মের মত আরো অন্যান্য ছোট ছোট প্লাটফর্মও রাজনৈতিক কারনে নির্বাচনে অংশগ্রহন নাও করতে পারে। সেক্ষেত্রে ২০০৭ সালের নির্বাচন গ্রহনযোগ্যতা হারাবে কেননা বাংলাদেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল আওয়ামী লীগ ছাড়া এই নির্বাচন একতরফা হবে।

**বিষয়: ২**

* **সরকারী দলের প্রতি আওয়ামী লীগের নীতি কি হবে?**

আওয়ামী লীগ তখন শক্তিশালী ও বহুমাত্রিক আন্দোলন গড়ে তুলতে পারে। বর্তমানের নেতাকর্মী ভিত্তিক কর্মসূচীর বাইরে বৃহত্তর আন্দোলন গড়ে তুলবে। যেমন ইস্যুভিত্তিক আন্দোলন, মিডিয়া ক্যাম্পেইন ইত্যাদি। এমন পরিস্থিতিতে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে মরিয়া হয়ে ধ্বংসাত্মক পথ বেছে নিতে পারে।

# নির্বাচনকালে নিরাপত্তা - ব্যবস্থা উন্নয়ন


উপস্থাপক

**মেজর জেনারেল (অবঃ) এজাজ আহমেদ চৌধুরী, পি এস সি**

সাবেক মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস



**তারিখঃ** ০৩ আগস্ট ২০০০ **ভেন্যুঃ** সিরডাপ অডিটোরিয়াম

**সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজ (সিএসপিএস)**

# নির্বাচনকালে নিরাপত্তা - ব্যবস্থার উন্নয়ন

**মেজর জেনারেল (অবঃ) এজাজ আহমেদ চৌধুরী, পি এস সি**

সাবেক মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস

## ভূমিকা

বাংলাদেশে ১৯৯১ এবং ১৯৯৬ - এর নির্বাচনের পূর্বে প্রচন্ড রাজনৈতিক আন্দোলন বিরাজমান ছিল। ঐ রকম প্রচন্ড রাজনৈতিক আন্দোলন এই মূহুর্তে বাংলাদেশে না থাকলেও কোন না কোন কারনে সেটা যে আবার দানা বেঁদে উছবেনা, সে সম্পর্কে হাঁ বা না কোনটাই বলা যায় না। ৯১ এবং ৯৬ উভয় ক্ষেত্রেই সুষ্ঠু নির্বাচনই দেশের শাসনতান্ত্রিক ও রাজনৈতিক শাসনের ধারাবাহিকতা অব্যাহগ রেখেছে। ঐ পেক্ষাপটে, আমার মূল্যায়নে, ভবিষ্যতেও শাসনতান্ত্রিক ও রাজনৈতিক ধারাবাহিকতার জন্য সুষ্ঠু নির্বাচন অপরিহার্য।

সুষ্ঠু নির্বাচনের অনেকগুলো বৈশিষ্ট আছে। যথা, নির্বাচনের পূর্বে কম বিশৃঙ্খলা, নির্বাচনের দিন ভোটারগনের নির্ভয়ে ভোট প্রধান করা, নির্বাচন পরিচালনা বা নির্বাচন কেন্দ্র পরিচলনার সঙ্গে জড়িত কর্মকান্ডগুলি শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা এবং সকল পক্ষ কর্তৃক নির্বাচনের ফলাফলকে গ্রহন করা বা তা মেনে নেয়া। এগুলোর সঙ্গে অনেক আইন জড়িত এবং বিগত ৩০-৪০ বছর ধরে অনুষ্ঠিত নির্বাচন গুলির ধীরে ধীরে সুষ্ঠুতা অধিকহারে পশ্নের সম্মুখীন হচ্ছে। আমার মতে, নির্বাচনের অব্যবহিত পূর্বে এবং নির্বাচন চলাকালে সমাজে ও জনপদে শান্তি শৃঙ্খলা বহাল রাখতে না পারলে সুষ্ঠু নির্বাচনের অনেকগুলো বৈশিষ্টই লংঘিত হয়।

চাকুরী জীবনে বহুবার নির্বাচনে নিরাপত্তা প্রধানের নিমিত্তে কর্তব্য পালন করেছি। সিএসপিএস এর পক্ষথেকে আপনাদের নিকট বিতরন করা বিভিন্ন পেপার কাটিং এর মধ্যে ১৮ জুন ১৯৯৬ তারিখের দৈনিক সংবাদ পত্রিকার ও একটা কাটিং আছে। ঐ কাটিংটির হেড লাইন হলো - "স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের বৈকঠক পুনঃ নির্বাচনে নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করা হবে।" বিগত সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ১২ জুন তারিখে ঐ দিন কিছু সংখ্যক কেন্দ্র ও আসনে গোলযোগের কারনে নির্বাচন স্থগিত করা হয়। ঐ গুলোর পুনঃ নির্বাচন নির্ধারিত ছিল ১৯ শে জুন। সে জন্য ১৭ জুন তারিখে একটা বৈঠক হয়েছিল এবং এটিই ১৮ তারিখের সংবাদপত্রে রিপোর্ট হয়। ঐ আলোচ্য বৈঠকে অন্যান্য কর্মকর্তার সঙ্গে আমিও উপস্থিত ছিলাম। ঘটনা এমনই কাকতালীয় যে, ১৮ জুন ছিল আমার চাকুরী জীবনের শেষ দিন এবং এখন আমি সিরিয়াসলি না হলেও হালকা রসিকতায় বলতে পারি যে. চাকুরী জীবনের শেষ দিন পর্যন্ত নির্বাচনকালীন নিরাপত্তার সঙ্গে জাড়ত ছিলাম।

সিএসপিএস নির্বাচন ও আনুসঙ্গি বিষয় নিয়ে গবেষণা ও সেমিনার করতে অনেকের মত আমিও আনন্দিত। 'ফেমা' বা এই রকম আরো বিখ্যাত সংস্থা সমূহের কাজের সঙ্গে সিএসপিএস এর কাজ যে সম্পুরক হচ্ছে বলাই বাহুল্য। সিএসপিএস যে, নির্বাচনের উপরে বিশেষ মনোযোগ দিচ্ছে তার কারনও বোধগম্য। চিন্তাশীল পরিশ্রমী সকল সংস্থার প্রচেষ্টার ফলশ্রুতিতে যেন আগামী নির্বাচন সুষ্ঠু ও সার্বিকভাবে গ্রহনযোগ্য হয় সেটাই আমাদের কামনা। ঐ পেক্ষপটে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি।

## সুষ্ঠু নির্বাচনের প্রয়োজনীয়তা

১৯৭০ সালের ডিসেম্বরের নির্বাচন ছিল বিপুল উদ্দীপনাময় নির্বাচন। নতুন আঙ্গিকে ১৯৯১ সালের নির্বাচন একটা নবদিগন্ত উন্মোচন করে। তারই ধারাবাহিকতা ছিল ১৯৯৬ সালের নির্বাচন। আমরা বলবো উভয়টিই ভাল ছিল। সুতরাং আমাদের এই মুহূর্তে প্রয়োজন সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করা। গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করতে

গেলে সুষ্ঠু নির্বাচন অপরিহার্য। আগামী নির্বাচন যদি সুষ্ঠু না হয়, তথা আগামী নির্বাচনে যদি ভোটারগণ ভোট দিতে না পারে তাহলে নির্বাচনের গ্রহনযোগ্যতা হ্রাস পাবে। সেক্ষেত্রে অতি শীঘই রাজনৈতিক আন্দেলন দানা বেঁদে উঠার সম্ভাবনা আছে। অপর পক্ষে, যদি নির্বাচন সুষ্ঠু হয় তাহলে যুক্তিসঙ্গত সম্ভাবনা আছে যে, সকল মহল ঐ নির্বাচনের ফলাফলকে মেনে নিবে। ঐ ক্ষেত্রে দেশে শান্তিপূর্ণ প্রশাসন ও অর্থনৈতিক কর্মকান্ডও চলতে পারবে।

**নির্বাচনে বিশ্বাসযোগ্যতা উন্নয়নে নিরাপত্তার ভূমিকা**

নির্বানের বিশ্বাসযোগ্য উন্নয়নে অনেকগুলো চালিকা শক্তি আছে, তার মধ্যে নিরাপত্তার ভূমিকা সবিশেষ উল্লেখযোগ্য। নিরাপত্তার অনেক আঙ্গিক আছে, তবে নির্বাচনে বিশ্বাসযোগ্যতা উন্নয়নে নিরাপত্তার কার্যকরী আঙ্গিক সমূহ বিবেচ্য বিষয়। এমনকি বিশ্বাসযোগ্যতা উন্নয়নের ক্ষেত্রে মানুষের সামগ্রিক নিরাপত্তা বিধানের ব্যপারটি প্রনিধানযোগ্য। যেখানে "নিরাপত্তার সামগ্রিক ভূমিকাই" বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করতে পারে। সঠিক নিরাপত্তা প্রধানের মধ্যেই বিশ্বাসযোগ্যতা নিহিত আছে। বাংলাদেশের নির্বাচনের ইতিহাস পর্যালোচনা করলে দেখতে পাবো যে, নির্বাচনের ফলাফলকে মেনে নেয়ার মানসিকতা আমাদের মধ্যে আংশিকভাবে অবর্তমান (এ সম্পর্কিত নমুনা সরূপ, সংবাদপত্রের কিছু কাটিং গত ১১ মার্চ ২০০০ ইং গোলটেবিল আলোচনায় সরবরাহ করা হয়েছিল, কাটিং টি আবারও দেখা হলো যা ইতি মধ্যে আপনাদের মধ্যে বিতরন করা হয়েছে) উক্ত কাটিং সমূহে দেখা যায় যে, ১৯৭৩ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত যতগুলো নির্বাচন অনুষ্ঠিত হয়েছে তার কোনটাকেই আমরা নির্বাচন সুষ্ঠু হয়েছে বলে মেনে নেয়নি। বলা বাহুল্য, এই মনোভাবের মূলে রয়েছে নিরাপত্তার অভাব জনিত সমস্যা।

**নিরপেক্ষতা রক্ষার্থে নিরাপত্তার ভূমিকা**

নিরপেক্ষ নির্বাচনের লক্ষে বাংলাদেশের জনগণ তথা মনিষীগণ অভিরাম সন্ধানী প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তারই ফলশ্রুতিতে ১৯৯০ সালের ডিসেম্বরে অস্থায়ী রাষ্ট্রপতির নেতৃত্বে প্রতিষ্ঠি তত্ত্বাবধায়ক সরকারের ব্যবস্থাপনায় একটি নির্বাচন অনুষ্ঠিত হয়। এই তত্ত্বাবধায়ক সরকারের তথ্যটি ১৯৯০ সাল পর্যন্ত বিশ্বের এতদঅঞ্চলে অপরিক্ষিত ও অবাস্তবায়িত ছিল। ১৯৯০- ৯১ তে বাংলাদেশে এটার সফল বাস্তবায়নের পর এটাকে সাংবিদানিক রূপ দেয়ার জন্য রাজনৈতিক চিন্তা ও আন্দোলন সুচীত হয়। এই আন্দোলনের প্রেক্ষাপটে, বাংলাদেশে সাংবিধানিকভাবে তত্ত্বাবধায়ক সরকারের তত্ত্ব প্রতিষ্ঠিত হয়, ও ৯৬ সালে পরিবর্ধিত ও পরিমার্জিত রূপে বাস্তবায়িত হয়। স্বাধীন বাংলদেশের ইতিহাসে ১৯- ও ৯৬ নির্বাচন দুটিকে নিরপেক্ষ বলা যায়। বাংলাদেশের বহু সংখ্যক নির্বাচন সংক্রান্ত বিশেষজ্ঞ তথা পর্যবেক্ষতগণ নিরপেক্ষতার মানদন্ডে ৯১ এর নির্বাচনকে নিরপেক্ষতার স্থার দিলেও আমি সেই বিতর্কে আলোচনায় যাব না। নিরপেক্ষতা বলতে যা বুযায় সেটা মনমানসিকতা ও সাহসের সঙ্গে সম্পর্কিত। নিরপেক্ষভাবে কাজ করতে গেলে সেই কাজের ফলাফল কারোর না কারোর পক্ষে বা বিপক্ষে যাবে, কিন্ত যেটাই হয় সেটা যুক্তিসঙ্গতভাবে হবে। নিরপেক্ষতা না থাকার পেছনে অন্যতম কারন ভীতি। ভীতি দূর করতে হলে নিরাপত্তা প্রধান করতে হবে। নিরাপদ পরিবেশ ও পরিস্থিতিতে দায়িত্ব পালনরত যে কোন ব্যক্তি নিরপেক্ষথাকার সাহস পায়।

**নির্বাচনে নিরাপত্তা প্রধানে খরচ**

আপনপদের মধ্যে বিতরন করা কাগজপত্রের মধ্যে দেখবেন, একটা পৃষ্ঠা আছে যেখানে খরচ বর্ণনা করা আছে। ৯১ সালের সর্বমোট খরচের ৭০.৫ শতাংশ খরচ ছিল আইনশৃঙ্খলা রক্ষা খাতে। ৯৬ এর ফেব্রুয়ারীর নির্বাচনে

সর্বমোট খরচের ৭৭৯.০ শতাংশ খরচ ছিল আইন-শৃঙ্খলা রক্ষা খাত। ৯৬ এর জুন নির্বাচনে সর্বমোট খরচের ৬২.০ শতাংশ খরচ ছিল আইন-শৃঙ্খলা রক্ষা খাতে।

**নির্বাচনের নিরাপত্তা - ব্যাখ্যা**

**প্রচারাভিযান চলাকালীন সময়ে নিরাপত্তা প্রধান**

নির্বাচনী প্রচার, মিছিল, ইত্যাদি সময়ে নিরাপত্তা একটি গুরূত্বপূর্ণ বিষয়। বিভিন্ন জরিপে দেখা গেছে যে, নির্বাচনের আগে প্রচারাভিযানকালীন অনেক সংঘর্ষ, হাতাহাতি, এমনকি মূখোমূখী পর্যন্ত হয়েছে। সুতরাং এরূপ পরিস্থিতি কোন সময়ের জন্য কাঙ্খিত নয়। নির্বাচনী পরিবেশ সুষ্ঠু রাখতে হলে এই সময়ের সার্বক্ষনিক নিরাপত্তা ব্যবস্থা করা প্রয়োজন।

**গ্রামবাসী নিজেদের মধ্যে মত বিনিময়ের সময় নিরাপত্তা**

এক্ষেত্রে অনেকটা সামগ্রিক নিরাপত্তার বিষয়টা চলে আসে। ভোটের অধিকার মানুষের একটি বড় অধিকার যা মানকবাধিকারের পর্যায়ে পড়ে। কাজেই মানুষ কাকে নির্বাচিত করবে এবং এতদসংক্রান্ত খোলা আলোচনার জন্য সেই ধরনের সময়োপযোগী পরিবেশ তৈরী করা জরুরী। এক্ষেত্রে সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থা সমুন্নত থাকলে মানুষ তার মতবিমিনময়ের সুযোগ পাবে. এবং তার সুচিন্তিত মতামত প্রধান করতে পারবে। ফলে গুন্ডামি, চাপ প্রয়োগ, ভীতি প্রদর্শন প্রদভৃতি অশুভ তৎপরতার বিরুদ্ধে নিরাপত্তা ব্যবস্থাকে সাজাতে হবে।

**প্রার্থীদের জনসভাতে নিরাপত্তা**

নির্বাচনকালীন নির্বাচনী জনসভা একটা গুরুত্বপূর্ণ বিষয়। জনসভাতেই প্রার্থী তার প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা ইত্যাদি রাখে। এই নির্বাচনী জনসভার সময়ও অনেক ধরনের অনভিপেত ঘটনা ঘটে, যা জনমানুসে অনেক ভীতির সঞ্চার করে। জনসভাগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তহীনতাই এর জন্য দায়ী। নিরাপত্তা নিশ্চিত করতে না পারলে এই ধরনের জনসভা মানুষকে সর্বক্ষলণই ভীতি সৃষ্টি করাবে। অনেক সময় নির্বাচনী জনসভায় বোমাবাজি, হুড়োহুড়ি ইত্যারি জন্য অনেকে চরমভাবে আহত হয়। এক্ষেত্রে নিরাপত্তা বজায় রাখা খুবই জরুরী।

**জনগণ কর্তৃক নিহেজদের মনের ভেতরের সিদ্ধান্ত নেয়ার মানসিক সাহস - এর সঙ্গে নিরাপত্তার সম্পর্ক**

মানুষের মধ্যে তার নিজস্ব মতামত সৃষ্টি করার পরিবেশ তৈরী বেশ মূল্যবান বিষয়। এক্ষেত্রে কোন একটি মানুষের মধ্যে সুষ্ঠু মানসিতা সৃষ্টি তখনই সম্ভব যখন তার পারিপার্শ্বিক পরিবেশ স্থিতিশীল থাকবে। উন্নত পরিবেশই তার উন্নত মানসিকতা সৃষ্টিতে সহায়ক। কে ভাল কে মন্দ বিচার করার মানসিকতা তখনি হবে যখন তার সামগ্রিক নিরাপত্তা নিশ্চিত থাকবে। বল প্রয়োগে ভীতি, বাড়ী ছাড়ার ভীতি প্রদর্শন চলতে থাকলে এই পরিবেশ আনয়ন সম্ভব নয়। সুতরাং এই প্রেক্ষপটে নিরাপত্তার গুরুত্ব মোটেও কম নয়।

**গ্রামবাসীগণ কর্তৃক নিজ নিজ বাড়ী থেকে ভোট কেন্দ্র পর্যন্ত আসা ও ফেরৎ যাওয়ার নিরাপত্তা এবং মহিলা ও বৃদ্ধদের জন্য আলাদা একটা প্রেক্ষাপট আছে**

ভোটের গ্রামবাসী ও শহরবাসী উভয় এলাকার জনগনের জন্য ভোট কেন্দ্রে যাতে তারা সুষ্ঠুভাবে আসতে পারে এবং ঘরে ফিরদেত পারে তার জন্য নিরাপত্তার ভূমিকা অত্যন্ত মুখ্য ব্যাপার। মানুষ যদি আতঙ্কে থাকে যে. রাস্তায় গেলেই বিপদ, সে ক্ষেত্রে মানুষের ভোট দেয়ার ইচ্ছাটা উবে যায় এবং অনেক ভোটারকে ভোটদান থেকে বিরত থাকতে হয়। কাজেই ভোটের দিনে যাতায়াতের জন্য উন্মুক্ত নিরাপত্তা ব্যবস্থা করা অপরিহার্য। পূর্ব

অভিজ্ঞতা থেকে দেখা যায় যে. ভোট কেন্দ্রে যেতে না পারার জন্য জনমানসে অনেক ক্ষোভ ও অতিপ্তির ছায় ফুটে উঠে। জনগণকে তাদের সঠিক রিাপত্তা প্রধান করতে হবে যাতে তার মৌলিক অধিকার থেকে সে বঞ্চিত না হয়।

**ভোট কেন্দ্রে ভোটের বাক্সের নিরাপত্তা ও ব্যালট পেপার সমূহের নিরাপত্তা**

আমাদের দেশে অনেক ক্ষেত্রেই যে ঘটনা ঘটে সেটি হচ্ছে, ভোট কেন্দ্র পর্যন্ত শারীরিকভাবে আসা সত্বেও একজন ভোটারকে ভোট দিতে না দেওয়া, বরঞ্চ তার নামের ব্যালট পেপারটি অন্যকে দিয়ে বাক্সে পুরিয়ে দেওয়া। দ্বিতীয় যে ঘটনাটি ঘটে সেটি হচ্ছি, ব্যালট বাক্স ছিনতাই করা এবং বাক্সের ভেতরে বৈধ কাগজগুলোকে ফেলে দিয়ে অবৈধ কাগজ ঢুকিয়ে দেয়া। এটা সম্ভব হয় তখনি যখন সরকার পদত্ত নিরাপত্তা ব্যবস্থা দুর্বল থাকে। দুর্বলতার সুযোগে, রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত হয়ে অথবা রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার করে, নির্বাচনী কর্মকর্তা যথা প্রিসাইডিং অফিসার, অ্যাসিসটেন্ট প্রিসাইডিং অফিসর ইত্যাদি গণ, অবৈধ কাজ করেন বা করতে বধ্য হন।

**নির্বাচনের ঠিক দু'দিন আগে থমথমে পরিস্থিতির সাথে নিরাপত্তা সম্পর্ক**

ডনর্বাচনের ঠিক দু'দিন আগে নিরাপত্তা ব্যবস্থা নির্ধারণের উপরই নির্বাচন সুষ্ঠুতার বৃহদাংশ নির্ভর করে। কেননা, ঐ ধরনে পরিস্থিতিতে ভোট কেনা - বেচা থেকে শুরু করে অনেক ধরনের অসদুপায় অবলম্ভন ইত্যাদি চলতে থাকে। কঠোর নিরাপত্তা ব্যবস্থা বলবৎ এবং তার সঠিক প্রয়োগের মাধ্যমেই এই দুরাবস্থা যা উপরে উল্লেখিত তা নিমূল করা সম্ভব। নির্বাচন পূর্ব নিরাপত্তার উপরই পূর্ণ পরিবেশের চিত্র ফুটে উঠে এবং তা অনেকাংশে আঁচ করা সম্ভব হয় যে, কি ধরনের নির্বাচন হবে।

**নির্বাচনের দিন নিরাপত্তা কিসে কিসে প্রয়োজন**

নির্বাচনের দিন নিরাপত্তার প্রয়োজনীয়তা অন্যান্য দিন থেকে ভিন্নতর। কেননা, ভোট প্রধান ও ভোট গ্রহন নিশ্চিত করতে গেলে নির্বাচনের দিনই অধিকতর নিরাপত্তা প্রয়োজন। প্রয়োজনের একটি ক্ষেত্র হলো, ভোটানগণ যেন নিজ বড়ী থেকে বের হয়ে নিরাপদে ভোট কেন্দ্র পর্যন্ত আসতে পারে পথে যেন কোন তাৎক্ষনিক বাদা না পায়। ভোট দেবার জন্য লাইনে দাঁড়ানো অবস্তায় কেউ যেন ভোটারগনকে, কোন সু-নির্দিষ্ট প্রার্থীর অনূকুলে ভোট আদায়ের লক্ষে, ভয় দেখাতে না পারে। আরেকটি ক্ষেত্র হলো, নির্বাচন কেন্দ্রের ভেতরে যেখানে পোলিং এজেন্টরা বসে এবং যেখানে ব্যালট পেপার হাতে দেয়া হয় সেখানে যেন এমন পরিস্থিতির সৃস্টি না হয় যে, ভোটারগণ কোন নিদিষ্ট প্রার্থীকে ভোট দিতে বাধ্য হন। অথবা এমন পরিস্থিতির যেন সৃস্টি না হয় যে, ভোটারগণ ভোট দিতে আসলেন কিন্তু নিজের ভোট নিজে দিতে পারলেন না, অন্যরা তার ভোট দিয়ে দিল এবং ভোটার কারো কাছে নালিশও করতে পারবে না। বিগত নির্বাচন গুলির ঘটনাবলী বিশ্লেষণ করলে দেখাযায় যে. নিরাপত্তার অভাবজনিত সমস্যার জন্যই অনেক বিশৃঙ্খল পরিস্থিতির উদ্ভব হয়। এছাড়া সুষ্ঠুভাবে ভোট গ্রহন ও প্রধান সম্ভবপর হয়ে উঠে না।

**বাংলাদেশের প্রচলিত নিরাপত্তা প্রধানের রেওয়াজ**

**গতানুগতিকতার পরিবর্তন প্রয়োজন**

আমাদের দেশে নির্বাচনকালীন যে নিরাপত্তা ব্যবস্থার রীতি তা খুবই গতানুগতিক। গত ৩০ বছরেও এই ব্যবস্থার বিন্দুমাত্র পরিবর্তন হয়নি, বহু বিষয়ে পরিবর্তন সূচিত হলেও নির্বাচনকালীন নিরাপত্তার শৈথিল্য রীতিমত আশ্চর্যের বিষয়। সুতরাং এই গতানুগতিক নিরাপত্তা ব্যবস্থার পরিবর্তন অপরিহার্য। গুটি কতক সেনাবাহিনী দিয়ে

একটি থানার সামগ্রিক নিরাপত্তা নিশ্চিত একটা কষ্টকর ব্যপার। এট আমরা চোখে দেখেও এ ব্যপারে আমাদের কারোর বিশেষ কোন মথা ব্যথা নেই; যা অপিয় হলেও সত্য।

**নির্বাচন অনুষ্ঠানের জন্য ব্যবহার্য দিন**

বর্তমান বাংলাদেশ পার্লান্টোরী নির্বাচন এক দিনে অনুষ্ঠিত হয়। এ সংক্রান্ত এক পৃষ্ঠার তথ্য কনিকা আপনাদের নিকট বিতরন করা হয়েছে। ৯১ এর পার্লামেন্টারী নির্বাচনে পোুলং এজেন্ট ছিল ২৪,১৪৬ টি এবং ৯৬ এর পার্লামেন্টারী নির্বাচনে ২৫,৯৫৭ টি পোলিং ষ্টেশন ছিল। প্রত্যেক নির্বাচনী কেন্দ্রে একজন করে অস্ত্রধারী পুলিশ, একজন অস্ত্রধারী আনসার এবং অনধিক দশজন বিনা অস্ত্রধারী আনসার থাকে। আনসাররা আসে নির্বাচনের দু'দিন আগে। তাদেরকে এমবডিমেন্ট করা হয় এবং নির্বাচনের একদিন পরে তাদেরকে ডিসএমবডিমেন্ট করা হয়। সেনাবাহিনী মোতায়য়ন করা হয় সাত থেকে নয় দিনের জন্য। এই ছবিটি দেশের শতকরা ৯০ ভাগ নির্বাচনী কেন্দ্রের জন্য প্রযোজ্য। বাকি আইণমানিক ১০ ভাগ নির্বাচনী কেন্দ্রকে আমরা বলতে পারি ঝুাকিপূর্ণ। সেখানে স্থানীয় কতৃপক্ষ পরিস্থিতি মূল্যায়র পূর্বক কয়েকজন বেশি পুলিশ বা আনসার মোতায়েন করে। নির্বাচনী কেন্দ্রে সেনাবাহিনী প্রত্যক্ষ ডিউটি করে না। মহানগরী গুলোতে বিডিআর প্রত্যক্ষ ডিউটি করলেও অনত্র প্রত্যক্ষ ডিউটি করে না। দেশের প্রতিটি থানায় আলাদাভাবে সেনাবাহিনী বা বিডিআর মোতায়েন করা হয়।

**থানার সংখা ও নিরাপত্তা বাহিনী মোতায়নের বিবরণ**

বাংলাদেশের মানচিত্র ঘাটলে আপনারা দেখবেন, ১২০ টি থানা বা উপজেলা যেগুলি সীমান্তবর্তী এলাকায় অবস্থিত। এছাড়াও সমুদ্র বেষ্ঠিত বা দ্বীপাঞ্চলীয় থানা আছে ৫ টি। যেগুলিতে নির্বাচনকালে নৌবাহিনী পাঠানো হয়। বর্ডারিং থানাগুলোতে সাধারণত সেনাবাহিনী পাঠানো হয় না, বরঞ্চ বিডিআর পাঠানো হয়। বিডিআর পাঠানো বললে ভুল হবে বিডিআর সীমান্ত এলাকায় সারা বছরই ডিউটি করছে। সুতরাং বিডিআর পঠানো মানে ঢাকা বা সংশ্লিষ্ট সেক্টর থেকে অতিরিক্ত কিছু বিডিআর সৈন্য পাঠানো যাতে করে বি ও পি গুলো একদম সৈন্যবিহীন না হয় বা বর্ডার পেট্রোলিং একদম বন্ধ হয়ে না যায়। বর্ডারিং থানাগুলোতে সেনাবাহিনী পাঠানো হয় না ইচ্ছাকৃতভাবে যাতে সীমান্তবর্তী এলাকাতে সেনাবাহিনীকে চলাচল করতে না হয়। দেশের অন্যান্য সকল থানায় সেনাবাহিনী টাঠানো হয়। কোন জায়গায় ৩০ জন, কোন জায়গায় ৪০ জন, ও কোন জায়গায় ৫০ জন এরকমভাবে। ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ইত্যাদি নগর বা মহানগরে সেনাবাহিনী বা বিডিআর উভয়ই মোতায়ন হয়। বিডিআর, পুলিশ, আনসার, ও ভিডিপি এই সকল বাহিনী স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অধীনে পড়ে। দেশে আইন শৃঙ্খলা রক্ষা তথা স্বভাবিক সকল কর্মকান্ডের নিরাপত্তা বিধানের দায়িত্ব পড়ে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের উপর। বেসামরিক প্রশাসন তথা স্বরাষ্ট্র মন্ত্রনালকে সহায়তা করার জন্য দেশের বিদ্যমান আইনের অধীনেই সেনাবাহিনী মোতায়ন করা হয়।

**পুনঃ নির্বাচনকালে নিরাপত্তা**

১৯৯৬ সারের ১২ জুন বেশ কয়েকটি আসনে বা কেন্দ্রে পুনঃ নির্বাচন হয়েছিল। ঐ সময় প্রতিটি কেন্দ্রে ৫ জন অস্ত্রধারী বিডিআর সদস্য ও ২০ জন অস্ত্রধারী পুলিশ সদস্য মোতায়েন ছিল। এছাড়া প্রতিটি কেন্দ্রে অস্ত্র ছাড়া ৪-৫ জন করে মহিলা আনসারসহ মোট ১২ জন আনসার মোতয়েন করা ছিল। প্রতিটি কেন্দ্রে ১ জন করে ম্যাজিষ্ট্রেট নিয়োগ দেওয়া হয়েছিল।

**সেনা মোতায়নের দর্শন বা তত্ত্ব**

গত ৪০ থেকে ৫০ বছর যাবৎ যে থিউরি বা তত্ত্বের ভিত্তিতে সেনাবাহিনী নির্বাচনকালে দায়িত্ব পালন করে আসছে সেটা হলো, "বেসামরিক প্রশাসনের সহায়তা কর্তব্য পালন" তথা ডিউটিজ ইন এইড অব সিভিল পাওয়ার"। মূল লক্ষ হচ্ছে ঃ "শো অফ ফোর্স" বা শক্তি প্রদর্শন - এর দ্বারা জনগনের মনে বা বিশেষতঃ সন্ত্রসীগণের মনে "ডিটারেন্স" বা গন্ডগোল না করার মানসিকতা সৃষ্টি করা। সেনাদল কোন থানা বা উপজেলায় মোতায়েন হওয়ার পর বেশিরভাগ সময় যানবাহনে করে এবং কম সময় পায়ে হেটে বিভিন্ন এলাকায় গিয়ে নিজেদের উপস্থিতি জানান দেয়। এটায় তাদের মূখ্য কাজ। যদি নির্বাচনের আগে বা নির্বাচনের দিন কোন ম্যাজিষেব্ট্রট আইণষ্ঠানিকভাবে বলে যে, কোন এক জায়গায় গন্ডগোল হচ্ছে যেটা দমন করার জন্য সেনাবাহিনী ব্যবহার করা প্রয়োজন তাহলেই মাত্র ঐ সেনাদল কাজে লাগে, তা না হলে ঐ "শো অফ ফোর্সেই" তাদের কার্যকলাপ সীমাবদ্ধ থাকে। বাংলাদেশের অনেক থানায় বা উপজেলায় যোগাযোগের ব্যবস্থা এমন যে, ঐগুলোর অভ্যন্তরে চলাচলের বিশেষ কোন উন্নত ব্যবস্থা নাই। চলাচলের জন্য অতিরিক্ত কোন যানবাহন ও নাই। চান্দের গাড়ী বা ভ্যান গাড়ী বা গরুর গাড়ী ছাড়া অন্য কোন যানবাহনও নাই। আরও কিছু থানা আছে যেগুলো এতটাই নদীমাতৃক যে, সেখানে কোন সড়কই নেই এবং চলাচলের একমাত্র বাহন স্পীড বোট, শ্যালো ইঞ্জিন চালিত দেশী নৌকা বা লঞ্চ ইত্যাদি। যানবাহনের অপ্রতুলতার কারণে. যানবাহন চলাচলের সড়কের অভাবের কারণে এবং স্বল্প সৈন্য সংখ্যার কারণে একটা থানায় মোতায়েন করা সেনাদল বা বিডিআর দলের পক্ষে কদাচিৎ দুই একটি অধিক স্থানে এক সঙ্গে উপস্থিত থাকা সম্ভব হয়। কতজন সৈনিক একটি থানায় বা উপজেলায় সাধারনত মোতায়েন হয় এ প্রশ্নের উত্তরে বলা হয় যে. নিম্নে ২৫ থেকে উর্দ্ধে ৫০ বা ৬০ পর্যন্ত যেতে পারে। আরও একটি উল্লেখযোড়গ্য বক্তব্য হচ্ছে, বিদ্যমান আইনে ম্যাজিষ্ট্রেট ব্যাতীত সেনাদল কোন ব্যবস্থা নিতে পারেনা। অতএব ম্যাজিষ্ট্রেটের অপ্রতুলতা সেনাবাহিনীর কর্মক্ষমতা বিকাশে একটা সীমাবদ্ধতা।

উপরে বর্ণিত "শো অফ ফোর্স" বা ডিটান্সে তথ্যটি একন কতটা বাস্তবসম্মত সেটা প্রশ্ন সাপেক্ষ। আমার মূলায়নে, সেনাবাহিনীকে শুধু দেখেই ভয় পাওয়ার দিন চলে গেছে। কোন উপজেলায় বা থানায় সেনাদল স্বশরীরে কোন জায়গায় অবস্থান করছে, ঐ সেনাদলের কাছে কি যানবাহন আছে, থানার বা উপজেলার অভ্যন্তরে এক জায়গায় থেকে আরেক জায়গায় যেতে ঐ সেনাদলের বা তাদের একটি অংশের কত সময় লাগবে ইত্যাদি কোন গোপন জিনিস নয়। এসকল তথ্য বা মূল্যায়নের উপর ভিত্তি করে, একটি সেনাদল কোন একটি থানায় মোতায়েন অবস্থায় কি কি কাজ করতে পারবে না সেটা বুদ্ধিমান জনগণ বিশেষত রাজনৈতিক সন্ত্রাসীরা অতি সহজেই হিসাব নিকাস করে ফেলতে পারে। ঐ জন্যই "শো অফ ফোর্সের" তত্ত্বের কার্যকারীতা এখন নিঃশেষ। এখন যে কোন সেনা দলকে বাস্তবে করে দেখাতে হয় যে তারা সন্ত্রাস দমনে বা বিশৃঙ্খলা দমনে কি করবে। সেজন্য বেসামরিক প্রশাসনের সহায়তায় সেনা মোতায়নের বিধি তথা "টার্মম অব রেফারেন্স" আংশিকভাবে বদল করার সময় এসেছে।

**ভবিষ্যতের জন্য প্রস্তাব**

গত **১১** মার্চ ২০০০ এর গোলটেবিল আলোচনাকালে মেজর জেনারেল (অবঃ) কে এম সফিউল্লাহ বীর উত্তম, এম পি, মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম এম পি, প্রফেসর আতাউর রহমান, জনাব মোঃ কুতুবুর রহমান, জনাব শাহ আব্দুল হান্নান, জনাব আজিজুল হক , এ্যডভোকেট এটিএম আলমগীর, এবং এ্যডভোকেট সালমা ইসলাম প্রমূখ সেনাবাহিনীকে অধিকতর ব্যাপক ও নিবিড়ভাবে নির্বাচনকালে সম্পৃক্ত করার কথা বলেছেন। এ কথাগুলো সিএসপিএস -এর প্রকাশিত পুস্তিকায় ৩৭ হতে ৪২ পৃষ্ঠায় উল্লেখ আছ।

১৮/০৭/ ২০০০ তারিখের 'দৈনিক ইত্তেফাক' পুত্রকার প্রথম পৃষ্ঠায় প্রকাশিত ব্যারিষ্টার মইইণল হোসেনের বক্তব্যের প্রতি দৃষ্টি আকর্ষন করছি। ব্যারিষ্টার মইইণল হোসেনের বক্তব্যের সারমর্ম হচ্ছে যে, "দায়িত্বহীন রাজনৈতিক নেতৃত্ব, অস্ত্রের অবাধ চলাচল ও সীমাহীন দূর্নীতির কারনে নির্বাচন পর্যন্ত ব্যাপক সন্ত্রাস ও হত্যাকান্ডের আশঙ্কা উচ্চকিত হইয়াছে। এমতাবস্থায়, অপরাধ দমনে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সেনাবাহিনী মোতায়েন কার্যকর হইবে। " অন্যান্য পেপার কাটিং এর সঙ্গে ঐ বক্তব্য আপনাদের কাছে ইতিমধ্যেই বিতরণ করা হয়েছে।

## উপরের প্রস্তাব সমূহ বাস্তবায়ন করতে গেলে কি কি প্রয়োজন?

### মোটিভেশন বা পেষণ সম্পর্কিত

আমাদেরকে মনে রাখতে হবে যে দেশের ভিতরে মওজুদ সেনাবাহিনী, পুলিশ ও আনসার এদেরকে দিয়েই আমাদেরকে নিরাপত্তা প্রধান করতে হবে। সংগে সংগে জনগগণের পক্ষ থেকে সহযোগীতা পাওয়ার পরিবেশ ও পরিস্থিতি সৃষ্টি করতে হবে। এই পরিবেশ ও পরিস্থিতি সৃষ্টির জন্য প্রয়োজনে টেলিভিশন, রেডিও ও পত্রপত্রিকার মাধ্যমে মোটিভেশন বা প্রেরণামূলক প্রচারণা চালাতে হবে।

### একাধিক দিনে নির্বাচন অনুষ্ঠানের

মওজুদ সেনা, বিডিআর, পুলিশ ও আনসারকে হঠাৎ করে শুধুমাত্র নির্বাচনের জন্য সংখ্যায় বৃদ্ধি করা যাবে না। কারণ, প্রশিক্ষণ ও ব্যয়ের প্রশ্ন জড়িত। তবে কৃত্রিমভাবে তাদের সংখ্যা বৃদ্ধ করা যায়। যথা- সমগ্র দেশে যদি এক দিনে নির্বাচন অনুষ্ঠান না করে তার বদলে তিনটা ভিন্ন তারিখে করা হয় তাহলে নির্বাচনী দায়িত্ব পালনের জন্য তিনগুন বেশি সেনা, বিডিআর ও আনসার পাওয়া যায়। অনেকে বলতে পারেন যে. বিশৃঙ্খলা সৃষ্টিকারী তথা সন্ত্রসীগণ ও এক জায়গ থেকে আরেক জয়গায় কেন্দ্রীভূত বা কনসেট্রেট হতে পারে। কথাটি সত্য। তবে নিরাপত্তা বাহিনীকে কেন্দ্রীভূত করতে পারলে, সন্ত্রাসীদের ব্যপারে তলনামূলকভাবে বেশী সুবিধা পাওয়া যাবে বলে বিশ্বাব করি। একধিক দিনে নির্বাচন অনুষ্ঠানের উদাহরণ হলো আমাদের প্রতিবেশী রাষ্ট্র ভারত। সেখানে এক মাসব্যপী নির্বাচন অনুষ্ঠিত হয়। আমরা আমাদের দেশে এক মাস না করলেও ১৫ দিনব্যপী সময়ে তিনটা বা চারটা ভিন্ন কারিখে নির্বাচন অনুষ্ঠান করতে পারি। বংলাদেশের সকল নির্বাচনঅ এলাকা সমূহকে তিন বা চার ভাগে বিভক্ত করতে হবে। এটা নিয়ম হচেছ প্রশাসনিক বিভাগওয়ারী। যথা, যে কোন একটা তারিখে সিলেট বিভাগ পুরা, বরিশাল বিভাগ পুরা, এবং রাজশাহী বিভাগের উত্তর অর্ধেক এই তিনটি মৌলিক এলাকায় যতগুলি নির্বাচনী আসন আছে সেগুলিগে নির্বাচন করা। সমগ্র বাংলাদেশ থেকে যথাসম্ভকব অতিরিক্ত সংখ্যক সেনা, বিডিআর পুলিশ, ও আনসার সদস্যকে স্বশরীরে ঐ মৌলিক এলাকা সমূহে নিতে হবে এবং ওখানকার স্থায়ী সদস্যদের সঙ্গে মিলিত হয়ে ওখানকার কতৃপক্ষের নিয়ন্ত্রনে ডিউটি করতে হবে। আরেকটা সম্ভব্য উপায় হচ্ছে, প্রত্যেকটা প্রশাসনিক বিভাগের অভ্যন্তরেই আসন সমূহকে ভৌগলিকভাবে তিনটা বা চারটা ভাগে বিভক্ত করা যাতে করে ঐ বিভাগের ভিতরে মোতায়েন করা সেনা, বিডিআর, পুলিশ ও আনসার সদস্যরাই ঘুরে ঘুরে ঐখানে ডিউটি করতে পারে। আমি যদিও দুটি প্রস্তাব সামনে দিয়েছি, তথাপি আমার নিজের ব্যক্তিগত মতে দ্বিতীয় প্রস্তাবটি অধিকতর বাস্তব সম্মত। এব্যাপারে আর বিস্তারিত না বল্লেও চলে, কারণ, নীতিগতভাবে সিদ্ধান্ত হলে কর্তৃপক্ষই উৎকৃষ্ট পন্থা বা উপায় বের করতে পারবেন। আমরা চাকুরীতে থাকতে যেটা বলতে পারতাম না সেটা এখন যে বলতে পারছি সেটাই একটা প্রাপ্তি।

## সেনাবাহিনীর ব্যাপক ও নিবিড় মোতায়েন

যদি দেশের সর্বোচ্চ প্রশাসনিক পর্যায়ে নীতিগতভাবে সিদ্ধান্ত হয়, তাহলে তত্ত্বাবধায়ক রসকার দায়িত্বে আসীন হওয়া মাত্রই সেনাবাহিনী, বিডিআর, পুলিশ ও আনসার কতৃক্ষকে নিয়ে আলোচনা করতঃ বাস্তব সম্মত পরিকল্পনা উদ্ভাবন করে কাজে লেগে যেতে হবে। আমার মতে, পাঁচ বছর পর পর অনুষ্ঠিত বা অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচন এমনই একটা গুরুত্বপূর্ণ বিষয় বা ঘটনা যে, জাতীয় প্রয়োজনে সেনাবাহিনী, বিডিআর, পুলিশ বা আনসারকে একনাগারে দেড় থেকে দুই মাস সরেজমিনে ডিউটিরত রাখা অতি ক্ষুদ্র একটি ত্যাগ। যথেষ্ট সময় নিয়ে নিরাপত্তা বাহিনীকে মোতায়েন না করলে তাদের পক্ষে পরিস্থিহিতর উপর কতৃত্ব স্থাপন করা সম্ভব না। পরিস্থিাতর উপর কতৃত্ব স্থাপন করতে হলে, ভৌগলিক দৃষ্টিভঙ্গিতে দায়িত্বপূর্ণ এলাকা নিবিড়ভাবে চিনতে হবে, স্থানীয় জনগণের মানসিকতাকে ঘনিষ্ঠভাবে চিনতে হবে। এবং জনগণের সহায়তা নিয়েই অস্থায়ীভাবে গোয়েন্দা নেটওয়ার্ক সৃষ্টি করতে হবে যাতে খবরা খবর পাওয়া যায়। এই তিনটা কাজ করতে পারলেই মাত্র দায়িত্বপূর্ণ এলাকার জন্য মোতায়েন সেনাদল একটি কার্যকরী অপারেশন প্লান বানাতে পারবে।

## নীতিগত সিদ্ধান্ত

নীতিগতভাবে একাদিক দিনে নির্বাচন অনুষ্ঠান এবং ব্যপকভাবে সেনা সহায়তা গ্রহনের সিদ্ধন্ত হলে, বহু ক্ষুদ্র ক্ষদ্র জিনিসের সমন্বয় হয়ে পড়বে। যেগুলি আমি এখানে উল্লেখ করছি না, আশা করছি যে আলোচনার সময় সেগুালি উঠে আসবে।

## উপসংহার

আজকের এই মহতি সমাবেশে বক্তব্য রাখার সুযোগ দানের জন্য আমি সিএসপিএস এর প্রতি ধন্যবাদ জানাচ্ছি। কষ্ট করে ও দৈর্য্য ধরে আমার কথাগুলি শুনার জন্য আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা এখানে আলোচনা করবো এবং আপনাদের মত জ্ঞানি ও গুনি ব্যক্তিদের সহায়তায় হয়তোবা একটি বা একাধিক মঙ্গলজনক প্রস্তাব ও সুপারিশ বেরিয়ে আসবে।

# Enhancing the Security of Elections

Presenter


**Major General (Retd) Ejaz Ahmed Chowdhury, Psc**
Former Director General of BDR



**Date:** 03 August 2000 **Venue:** CIRDAP Auditorium

**Centre for Strategic and Peace Studies (CSPS)**

# Enhancing the Security of Elections

**Major General (Retd) Ejaz Ahmed Chowdhury, Psc**
Former Director General of BDR

**Introduction**

1. The parliamentary elections of February 1991 and June 1996 were preceded by intense and volatile movement in the country. While write now there is no such political movement in the country, but none can say for sure that there will be or won't be one in future. The election 1991 and 1996 helped maintain country of constitutional and political administration or governance in the country. In backdrop of these, I feel that credible elections are unavoidable for the take of continuing constitutional and political governance in the future also.

2. Some of the commonly perceived characteristic of proper and credible elections are (one) proper maintenance of law and order before and during elections, (two) casting of votes by voters on the day of election without free or prejudice, (three) peaceful discharge of all duties related to the election centre, (for all related parties to accept the results of the polling. More than one law or legislation are related to these matters. Over the period of last 30-40 years, election are facing more and more severe criticism because the characteristics are being violated. In my view, if law and order cannot be maintained properly on the day before election in on the day of election, then characteristics of a credible election will be violated.

3. During the tenure of my service in the army, I have been involved with duties of providing security during election many times. CSPS has distributed to you a block let containing number of newspaper clippings related to elections. Included among those is an extract from the Bengali language daily newspaper named "Sangbad" dated 18 June 1996. You recollect that on the 12th of June 1996, election in some centers of some constituencies were suspended due to various reasons. Elections in those suspended centers were scheduled foe 19 June 1996. To coordinate various aspect of the activity there was a meeting on 17th June 1996, the details of which were reported in the newspapers of the country on 18 June 1996. I was also present in that meeting. In a lighter vein, I might share with you information, The information is that, 28th of June 1996, was also the last day of my service in Bangladesh Army before being compulsorily retired. It only means that till the last day of my service I was involved with duties of providing security in election!!!

4. I am happy that CSPS has organized this second discussion pertaining to elections. It goes without saying that the efforts of CSPS are complementary to the efforts of large and well-known organizations like FEMA. The reasons for which CSPS is laying additional emphasis on security during election are also understandable. We all hope and pray that elections in future will be credible due to the hard work of all of us. I will deliberate on the issue keeping these in main.

5. The election which was held in December 1990 in the then Pakistan was characterized by high level of popular zeal and enthusiasm. Under a set of different circumstances the election of February 1991 was also popular and well participated. Under yet different circumstances, the election of 12 June1996 was also well participated and fruitful. If democratic environment is to continue then proper election are a must. To be more candid, if people can't cast their vote in the next election, the elections will lose credibility. In the event,

chance is that political agitation will follow the elections. On the other hand, if the election is popularly participated and credible, then concerned quarters in the country are likely to accept the result without agitation. Logically, that will allow peaceful governance and unhindered development activities.

**Security related to credibility of Elections**

6. Most important among the factors related to the credibility of elections is security. There are many aspects concerned to security, but in this case we are concerned with overall security of all persons and materials concern with elections. If we review the post election incidences in the last 30 years or so, we will se that acceptance of result of elections does not some forth easily. You have been given a set of news paper cuttings; these will show that result of elections held between 1973 and 1996 both years inclusive, were never readily accepted by all major sections is the lake of security during elections.

**Security Related to neutrality during Elections**

7. People of our country have been making efforts to workout a regime whereby neutrality is maintained during elections. In 1990, the efforts were translated to the formation of a Caretaker Government under the acting president of the country. This Caretaker Government was never before tried or did so. This concept of a Caretaker Government was never before tried or implemented in this part of the world. Successful practice of this concept in 1990- 91 led the concept to be formalized by a constitutional amendment in 1996. Although many careful observes of elections in the country may term the elections of February 1991 to be relatively more natural then the elections of June 1996, I shall not go into that debate. When you talk of neutrality during elections if related to attitudes, mentality and mental courage. The result of neutral action is bound to go in favor of someone and simultaneously against someone; but whichever way it goes it will be local. The most important factor prohibiting one from being neutral is fair. If fear is to be removed, then security has to be tightened. A person feels contagious to act neutrally when the environment or circumstances provide him security.

**Expenditure in Connection With Security**

8. You have received set of papers in a bound volume where is a page, which talk of expenditures during elections. In February 1991, 70.5% of the election expense was devoted to maintenance of law and order. In February 1996, the percentage was 79 while in June 1996 was 62%.

**Explanation of 'Security During Elections**

9. **Security During Election Campaigning**
10. Campaigning or canvassing are important election activities. Observation shows that conflict between rival parties, on many occasions leading to under, are common. Such a situation is never to be welcome. If the election- environment is to be kept congenial, comprehensive security plan needs to be evolved for such periods and activities.
11. **Security During Consultation Among Villagers**
12. Here also the matter of comprehensive security arrangement gets highlighted. Right to vote is more or less fundamental human rights as much as it is to consult each other. It therefore becomes important to create an environment where people can consult each other without

fear or prejudice. To do so enough security must be provided to offset tendencies of blackmailing vandalism, intimidation etc.

13. **Security in Public Meetings of Candidates**

    Public Meetings address by candidates are a common feature of election campaigning. A candidate exposes himself to the people in general in such meeting. Many untoward incidences take place in meetings, which frighten commit man. It is important to create an environment of security where candidate can hold public meeting without being disrupted.

14. **Relation Between Security and Mental Courage of The Voters**

It is very important to provide voters with an environment where a voter can freely from an opinion in his mind. This can only be done when the voter finds an environment where he will not be penalized for talking his own sedition. What Happen in our society it that powerful or mighty people intimidate or coerce common men to take decisions in the favor of the mighty people. If the common men tend to disagree, then they are punished in numerous ways. Such punishment can be avoided only if an environment of security is provided.

15. **Movement of the Villagers to and from voting centers**

    It is important to provide a secured environment on the day of election so that voters can go to the polling centers and comeback safely. If people remain in tension and anxiety bout dangers enrooted to polling centers, then turn-out of voters is bound to be less. In that event, there is a tendency to cast fraud votes with a view to increase the percentage of voting or increase voting in favor of a particular candidate.

16. **Security of Ballot Boxes and Ballot Papers**

    One of the common complaints from voters is that, he does come to the polling centre, centers the polling both only to fine that someone else has cast his vote. Although not ad frequent as this complaint, another complaint is that musclemen belonging to a particular candidate, or polling officials influenced by a particular candidate, throw away the genuine sealed ballot papers, which have been dropped into ballot boxes, and replace them with ballot papers sealed by them at their sweet will, favoring a particular candidate. This irregularities can take place because of lack of society.

17. **Peaceful Election on the Election Day Depends Quite Aide on Society Conditions Prevailing on the Two Days Immediately Preceding**

    These two days are use by the musclemen of various candidates to finalize the buying and selling of the votes, as well as to finalize their process of intimidation or allurement etc. It is therefore, very important to ensure security during these two days so that irregular activities cannot take place.

18. **Specific Aspect of Security on The Day of Election**

    Security arrangement must be at the very best level on Election Day. Enough security forces personnel need to be seen so that voters feel confident of voting as well as election officials feel confident of discharging their duties without fear or prejudice.

**Procedure of providing Security Followed So Far**

19. **Need to Change the Traditional Pattern**

    The way Army, BDR, Police and Ansar employed to provide security during election has not change much over last 30 or 40 years. Time is ripe to reassess the threats to security and re-arrange security arrangements.

20. **Days Year Marked for voting**

    Presently parliamentary elections is our country are held only on one day. Among the papers supplied to you her is one page showing various statistics about elections. Number of polling station in 1991 were 24,146 and 1996 were 25,957. In very polling station, security personnel were as follows : one policeman with weapon, one Ansar with weapon and 8-10 Ansar without weapon. The Ansar usually belong to nearby thanas. They are embodied usually for total 3 (days one day before election, the day of election and the day after election) The Army is called in for duties in aid of civil power for a period of 7-10 days. They reach the allocated constituencies about 6 days before the election and start withdrawing one or two days after the election. This is the pictyre in respect of about 90% thanas of the country. Army persons do not perform any direct district at or near polling centers. Although BDR perform direct duties and polling centers in metropolitan cities, they also do not perform any direct duties in rural areas.

21. **Number of Thenas or Upzillas Development of Security Forces**

    One hundred and twenty thanas of upzilas being adjacent to the international border are categorized as bordering thanas. Five more thanas are offshore islands. Army persons are not deployed in horde ring thanas because of limitations laid down by international convention, instead Bangladesh Rifles person are deployed in these bordering thanas. When election in held all over the country on a single day, it become every tight for BDR to simultaneously during election. About the number of army persons deployed to any thana or Upzilla, it various between 30 - 50. In metropolitan cities like Dhaka, Chottagram, Rajshahi, Khulna etc. Army and BDR both are deployed. The responsibility of maintaining law and order of the country at all times is vested in the ministry of Home Affairs. Upon request by the ministry of Home Affairs, government orders the armed forces to be deployed in aid of civil power. It needs to be mentioned the BDR, Police, Ansar and VDP are all administered by the ministry of Home Affairs.

22. **Security During e-election**

    Assuming the information will allow you to make a comparison, statistic regarding security arrangement in polling centers during re-polling held on 19 June 1996, are mention here. On the day, in every polling centre there were five persons with weapon, 4-5 female Ansars without weapon and 5-7 male Ansars without weapon. There was a magistrate deputed to each polling centre.

23. **Philosophy or Concept Development of Armed Forces**

    In official jargon it is “duties in aid of civil power” under which context or pretext the Army is deployed during elections. The basic aim of the Army contingents remains ‘SHOW OF FORCE’ with a view to achieve deterrence. Deterrence here means to create a feeling of apprehension in the minds of mischief-mongers or treble makers to the effect that should they create problem or treble, the army contingent will play a have with them. In reality,

what doses Army contingent do after deployment in a thana or Upzilla? Whatever means of transport that are available, the army persons tour various localities area of responsibility, thereby letting people feel their presence. They do not perform any duties of coordination, nor command any other security force, nor can take the initiative of any search and arrest. Their activities are restricted to 'show of force' Because of the limitation in availability of roads and less number of troops, the army contingent cannot physically be present at more then two or three place simultaneously. Only when a magistrate requisitions the assistance of an Army contingent, can such help be rendered.

24. I must submit here that the effectiveness of the concept of 'show of force' to achieve deterrence is questionable. Social condition have change. Weapons are randomly available with miscreant. Communication facilities though telephone or radio are almost equally available to miscreants. Any sensible member of the public can make an estimate about what an Army contingent can do or not do while deployed any thana. Thus I submit that the concept 'show of force' to achieve deterrence is out dated. The practice or the concept does not utilized the potential of the Army to the fullest extent. It is time to change the terms of reference under which the army is deployed during the election.

25. **Proposals for the future**

    Druing the round table discussion held on 11 March 2000, Major General (Retd) K M Safiullah, BU, Mp; (Retd) Hafiz Uddin Ahmed, BB, MP, Dr. Ataur Rahman, Professor of Political Science of Dhaka University; Mr. Kutubur Rahman, (former/retired DIG of Police) Mr. S. A Hannan (former/retired Secretary to the government of Bangladesh) Mr. Azizul Haq (Former retired Inspector General of Police) Advocate Salma Islam (Publisher of Daily News paper litled 'Jugantor') and Advocate A T M Alamgir (former MP) etc. Mentioned about wider and more intense involvement of the Army during the next parliamentary election. These are mentioned in page 37-42 of the booklet in Bangla published by CSPS being CSPS publication serial No. 5 which almost all of you have/had received.

26. I also drown your kind attention to a news item published in many newspapers on 18 July 2000 quoting Barrister Mainul Hossain regarding elections and the Army. To be specific, I draw your attention to the various published in the Daily Ittefaq in the front page. Photocopy of the clipping from ittefaq has been given to you. The summery of what Barrister Mainul Hossain say is that 'due to various reasons' corruption and malpractices during election have become too wide; use of weapons by miscreants or political madtaans have become too common. Under such circumstances the Army should be intimately and effectively deployed and involved during next election."

**Modus Operandi to Implement Given Proposals**

27. **Motivation**

    All of us have to agree that we will have to provide security by available Army, BDR, Police and Ansar persons. Their job can made easier with co-operation for the public. People of the country need to be motivated though television, radio and newspaper to effort co-operation to the security forces.

28. **Elections on More than One Day**

    The number of personnel in the Army, BDR, Police and Ansar cannot be increased suddenly because time, money and training are equally involved. However, their number of availability can be multiplied artificially. If elections are held in the country or three different

dates within a span of 15- 20 days then availability of security force personnel can be multiplied nearly three times. One may say that miscreants can also concentrate their effort or numbers, but I feel it will be far easier to tackle them when larger number of security force are available. There are many countries in the worked where elections are held on more then one day. The nearest example is that of India. I urge upon you to break the barriers of tradition and think exceptionally. I feel it is high time to have our parliamentary elections on at least three different dates. You can decide to have elections in one or two administrative divisions in the country in full on a particular date and repeat the process for other divisions. Alternatively, you can make there groups out of the constituencies within each administrative divisions and have elections of each group on a p particular day. Please bear with me, when I say that is not a national secret to know of the number of cantonments and approximate quantum of troops available for election duties in the country. [The number of constituencies in the two administrative divisions of Khulna and Barisal, are 75 and 58 respectively but the number of Army persons available for election duties are disproportionately more in north-west Bangladesh then in south-west Bangladesh. This is only one example --- CSPS.] I do not need to elaborate any further because should it be agreed in principle at the governmental level, then professionals can sit together to workout details.

29. **Intense Involvement of the Army**

If it is agreed in principle, then as soon as the Caretaker Government gets in positions, one must get no to work out the deployment plan. I feel that the elections held or to be held after very five years, is so important a national matter, that no sacrifice in terms of time an energy of the military is too high. The security forces need to be deployed for 4-6 weeks proper to the date of elections. Once security forces are in position, they can then know the area, know the people, develop intelligence network and also motivate people.

30. **Co-ordination and Decision in Principle**

Once it is decided in principle to hold elections on more than one day and to involve the Army more widely and more intensely, then much co-ordination will be needed. I am not mentioning those. These are likely to come up during discussion in today’s forum or elsewhere in future.

31. **Conclusion**

I am grateful to SPS for inviting me to present a paper in this forum. I am grateful to you for the patient hearing. It is quite likely that through decision among dignitaries of your stature, one or more acceptable practical proposal will come up.

# Security during National Elections

Presenter

**A. T. M Mansurul Aziz**
Former DIG of Police

**Date:** 03 August 2000 **Venue:** CIRDAP Auditorium

**Centre for Strategic and Peace Studies (CSPS)**

# জাতীয় নির্বাচনে নিরাপত্তা প্রসঙ্গ

**এ, টি, এম মনসুরুল আজিজ**
ডি আই জি অব পুলিশ (অবঃ)

**ভূমিকা**

বাংলাদেশের জাতীয় নির্বাচনের কিছু কিছু নির্বাচনকে ফেয়ার ইলেকশন বলা যায়। অন্যগুলোকে বলা যায় না। সন্ত্রাস, ভোট কারচুপি, নির্বাচন বিধি অমান্য করার প্রবনতা অনেক সমই নির্বাচনকে অগহনযোগ্য করে তুলেছে। বলা যায়, আমার ভোট আমি দেব, যাকে খুশি তাকে দেব, এই নাগরিক অধিকারের প্রয়োগ সব ক্ষেত্রে জনগণ করতে পারছেনা। কারণ বিশ্লেষণ করতে গেলে দেখা যায়, জাতীয় নির্বাচনে দীয়ভাবে যাদের মনোনয়ন দেয়া হয়, তাদের আর্থিক প্রতিপত্তি, সামাজিক সম্মান প্রভৃতি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। প্রত্যেকটি রাজনৈতিক দলই এমন একজনকে মনোনয়ন দেয় যিনি যে কোনভাবে জয়ী হয়ে আসতে পারবেন। আপনারা একটা বিষয় লক্ষ করবেন, প্রায়শই আদর্শবান একনিষ্ঠ, কিংবা নিম্নবিত্তরা কোন মনোনয়ন লাভে ব্যর্থ হয়।

অতএব নিরপেক্ষ, সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে হলে (আজ যে কারণে আমরা আলোচনায় বসেছি) আমরা কি কি সমস্যার সম্মুখীন হতে পারি প্রথমে এ সম্পর্কে আলোকপাত করা প্রয়োজন। সাধারণত দেখা যায়,

### (ক) প্রতিপক্ষ কর্তৃক অপর দলীয় ভোটারকে ভোট কেন্দ্রে যাওয়ার পথে বিঘ্ন সৃষ্টি করা

ভোটাররা যাতে বিনা বাধায় স্বাধীনভাতে ভোট কেন্দ্রে পৌছাতে পারে, সেজন্য কিছু কিছু প্রধান রাস্তা বা পথ চিহ্নিত করে সেগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে হবে (এমনিতেই নির্বাচনের সময় সেনাবাহিনী, বিডিআর, পুলিশ, আনসার ও ভিডিপির সদস্যরা বিভিন্ন দায়িত্বে নিয়োজিত থাকে। কিন্ত এখনো পর্যন্ত কিছু নিদিষ্ট পথকে ভোট কেন্দ্রে যাওয়ার জন্য নিশ্চিত করা সম্ভব হয়নি) এই পথগুলো নির্বাচন কেন্দ্রে আসলে নিরাপত্তা বাহিনী ভোটারদের কেন্দ্রে আসার ব্যাপারে নিরাপত্তা দেবে এবং এতে বাধাদানকারী দলগুলে বিশেষ সুবিধা করতে পারবে না। এটা আগেই জনগণকে জানিয়ে দিতে হবে। পরবর্তীতে হয়তো সব রাস্তা ও পথের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

### (খ) হুমকির মুখে ভোট কেন্দ্রে দখল করে ব্যালট বাক্সে নিজের দলীয় প্রার্থীর ভোট প্রধান করা

অনেক সময় দেখা গেছে পেশীর জোরে ভোট কেন্দ্র দখল করে বাক্সে নিজেদের দলীয় প্রার্থীর ভোট প্রধান করা হয়। এক্ষেত্রে পোলিং অফিসার ও রিটানিং অফিসারের ভূমিক খুবই গুরুত্বপূর্ণ। এ অবস্থায় পোলিং অফিসারকে সাথে সাথে ভোট প্রধান বন্ধ করে দিতে হবে। যদি এতে তার শারীরিক ক্ষতি হবার আশংকা থাকে, তাহলে তাৎক্ষনিক রিটানিং অফিসারকে তা অবহিত করতে হবে। তা না করা গেলে ভোট গ্রহন বন্ধের পরপরই রিটানিং অফিসারকে সে বিষয়ে অবগত করতে হবে।

### (গ) ভোটারদের ভয়ভীতি প্রদর্শন করে নিজের দলীয় প্রার্থীকে ভোট দিতে বাধ্য করা

নির্বাচনী প্রচারকালে অপরদলীয় ভোটারদের নিজের দলীয় প্রার্থীকে ভোট দিতে বাধ্য করা হয়। এসব বিষয় অপর দলীয় প্রার্থীরা প্রায়শই অবগত থাকেন। তাদের উচিত এসব ক্ষেত্রে রিটানিং অফিসারকে তা জানানো যাতে তিনি নির্বাচনী বিধিমতে ব্যবস্থা গ্রহন করতে পারেন। এতে ভোটারদের মধ্যে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা ফিরে আসবে।

### (ঘ) নগদ অর্থ বা অন্যান্য সুবিধাদির বিনিময়ে ভোট ক্রয় করা

কোন কোন প্রার্থী নির্বাচনী প্রচারনা কালে নগদ অর্থ দিয়ে থাকেন। বিষয়টি প্রতি পক্ষের গোচরেই থাকেন। এক্ষেত্রে রিটানিং অফিসারের কাছে লিখিত অভিযোগ করতে হবে যাতে বিধি মোতাবেক দ্রুত তদন্ত করে ব্যবস্থা গহন করা যায়।

### (ঙ) ব্যালট বাক্স ছিনতাই

ইতি পূর্বে আমরা ব্যালট বাক্স ছিনতাই হতে দেখেছি। এধরনের ঘটনা ঘটলে তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট কেন্দের নির্বাচন বাতিল করতে হবে এবং ছিনতাইকারীদের দৃষ্টান্ত মূলক সমুচিত শাস্তির ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট প্রার্থীকে নির্বাচনের অযোগ্য ঘোষনা করা যেতে পারে।

### (চ) নির্বাচনী ব্যয়ের হিসাব

নির্বচনী ব্যয়ের হিসাব দাখিলের পর কেউ শাস্তি পেয়েছেন কিনা বা কোন ব্যবস্থা গ্রহন করা হয়েছে কিনা তা আজ পর্যন্ত জনগন জানতে পারেনি। এব্যপারে নির্বাচন কমিশনের ভূমিকা আরো সক্রীয় ও দৃষ্টান্তমূলক হওয়া প্রয়োজস।

### (ছ) জাল ভোট প্রধান

আমরা লক্ষ করেছি, কখনো কখনো একই ব্যক্তি একাধিক ভোট প্রধান করেন। এক্ষেত্রে ধরা পড়লে মোবাইল কোর্টে তাৎক্ষনিক শাস্তি প্রধান করতে হবে। এজন্য নির্বাচন কমিশনের নতুনভাবে মোবাই কোর্ট গঠন করতে হবে। একেকটি মোবাইল কোর্টের অধীনে কতটি কেন্দ্র থাকবে সেটা কমিশন যানবাহন এবং ম্যাজিস্ট্রেটের প্রাপ্যতা বুঝে নিধারণ করবেন।

### আইন শৃংখলা পরিস্থিতি প্রসঙ্গে

দেশের বর্তমান আইন শৃংখলা পরিস্থিতির অবস্থা দেখে আগামী জাতীয় নির্বাচন শান্তিপূর্ণ হবে এমন আশা করার উৎসাহ পাইনা। নির্বাচনকে শান্তিপূর্ণ ও সুষ্ঠু করতে হলে তত্ত্বাবধায়ক সরকার ও নির্বাচন কমিশনকে নির্দলীয়-নিরপেক্ষ ও কঠোর ভূমিকা পালন করতে হবে। সেই সাথে প্রাক নির্বাচনী দিনগুলোকে বিভিন্ন কাজের মাধ্যমে ভোটারদের কাছে নিজেদের নিরপেক্ষ ও গ্রহনযোগ্য করে তুলতে হবে। এ ক্ষেত্রে দলমত নির্বিশেষে নির্বাচন বিধি লংঘনকারীদের বিরোদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করতে হবে।

### নির্বাচনে বহিরাগত সন্ত্রাসী আমদানি এবং নির্বাচনী আচরণ বিধি লংঘন

নির্বাচনের আগে দলীয় ও ভাড়াটিয়া সন্ত্রাসীদের এলাকায় আনা হয় এবং তাদের দলীয় কর্মী বলে আখ্যায়িত করা হয়। আইন শৃংখলা রক্ষাকারি বাহিনীর সদস্যদের এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনে সচেষ্ট হতে হবে। এসময় এলাকায় নবাগত এবং সন্দেহভাজন ব্যক্তিদের জিঙ্গাসাবাদ করা যেতে পারে। জনসাধারণের জ্ঞাতার্থে নির্বাচন কমিশন এলাকায় মাইক যোগে ঘোষণা দিয়ে নির্বাচনী বিধি এবং বিধি ভঙ্গের শাস্তি সম্পর্কে জনগণকে অবহিত করতে পারে। অবশ্যই নির্বাচন কমিশনের ঘোষণা এবং কাজের মধ্যে মিল থাকতে হবে। সংবাদপত্র এক্ষেত্রে বিরাট অবধান রাখতে পারে। ইচ্ছে করলে শুধু সংবাদপত্রই পারে জনসাধারণকে সুষ্ঠু নির্বাচনের উদ্দৃদ্ধ করতে। সংবাদপত্রের মাধ্যমে জনগণ জানতে পারবে কোথায় কে নির্বাচনবিধি লংঘন করছে। নির্বাচন কমিশনও তা যাচাই পূর্বক প্রয়জনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করতে পারে। এক্ষেত্রে সৎ ও সাহসি সাংবাদিকের ভূমিকা অপরিসীম।

## নির্বাচনে সেনাবাহিনীর ভূমিকা প্রসঙ্গে

এখানে আরেকটি বিষয় উল্লেকখ করা যায়। তাহলো, ইতিপূর্বে নির্বাচনে আইন শৃংখলা রক্ষার্থে সেনাবাহিনীর সদস্যদের রোড পেট্রোলিং ও মাইকিং ফোর্স এর দায়িত্বে দেখা গেছে। এক্ষেত্রে আমি প্রস্তাব করি যে, সেনাবাহিনীর সদস্যরা নির্বাচনের অন্ত সাত দিন আগে নির্ধারিত এলাকায় গ্রহন করবেন এবং নির্বাচন সংক্রান্ত সংশ্লিষ্ট কতৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে শান্তি রক্ষার সম্বন্বিত কার্যক্রমে অংশ গ্রহন করবেন। উদাহরণস্বরূপ পেট্রোলিং অফ ফোর্স ইত্যাদি। বিডিআরও তদ্রুপ ভূমিকায় আসতে পারে। আমি আরেকটি প্রস্তাব করতে চাই যে, একই দিনে সারা দেশে নির্বাচন অনুষ্ঠান না করে প্রতিটি বিভাগে পৃথক পৃথক দিনে নির্বাচন করলে ভাল হয়। কারণ আমরা জানি প্রতিটি কেন্দ্রে একজন সশস্ত্র কনষ্টেবল, একজন লাঠিসহ আনসার আর কিছু বিডিপি সদস্য থাকেন (অনেক ক্ষেত্রে দুজন পুলিশ সদস্য থাকে) যা নিরাপত্তার জন্য খুবই অপ্রতুল। প্রতি বিভাগে পৃথক পৃথক দিনে নির্বাচন হলে এক এলাকা থেকে অন্য এলাকায় আইন শৃংখলা রক্ষাকারী সদস্য সংখ্যা বাড়ানো সম্ভব।

## উপসংহার

আমরা সবাই চাই জাতীয় নির্বাচনে সকল ভোটার নিঃসঙ্কোচ চিত্রে স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগ করবেন। স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগ গণতন্ত্রের বর্ণমালা। এই বর্ণমালাতেই গোলমাল/ত্রুটি থাকলে একটি শুধু সাহিত্য হতে পারে। কিন্ত এর সিংহভাগ দায়-দায়িত্ব নির্ভর করছে নির্বাচনে অংশগ্রহনকারী রাজনৈতিক দলগুলোর আন্তরিকতার উপর।

# নির্বাচনে নিরাপত্তা উন্নয়ন

উপস্থাপক

**মেজর (অবঃ) আমীন আহমেদ আফসারী**

**তারিখঃ** ০৩ আগস্ট ২০০০ **ভেন্যুঃ** সিরডাপ অডিটোরিয়াম

**সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজ (সিএসপিএস)**

# নির্বাচনে নিরাপত্তা উন্নয়ন

মেজর (অবঃ) আমীন আহমেদ আফসারী

## জাতীয় নির্বাচনকালে মাঠ পর্যায়ে নিরাপত্তা প্রদান সম্পর্কিত অভিজ্ঞতার আলোকে সুপারিশ

১। গণতন্ত্রের হৃদপিন্ড হলো নির্বাচন আর তার ফুসফুস হলো স্বচ্ছ নির্বাচনী পক্রিয়া। আমি মনে করি জনগণ যদি দুধ হয়, সরকার হলো বাটার বা মাখন আর "নির্বাচন" হলো সেই বাটার বা মাখন তৈরীর যন্ত্র। আর যন্ত্রের উপরই নির্ভর কর তার প্রডাক্ট বা উৎপাদিত দ্রব্যেও মান। তাই সেই মাখন তুল্য সরকার তৈরীর যন্ত্র "নির্বাচন" কে যত উত্তমভাবে তৈরী, রক্ষণা বেক্ষণ ও পরিচালনা করা যাবে ততই মঙ্গণল, দেশ ও জাতির জন্য।

২। আমি মেজন আমীন আহমেদ আফসারী সম্প্রতি সেচ্ছায় চাকুরী থেকে অবসর গ্রহন করি। আমি আমার চাকুরী জীবনে ৫ টি জাতীয় নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ছিলাম। ১৯৮৬, ১৯৮৮, ১৯৯১ এবং ১৯৯৬ দুইবার সহ মোট ৫ বার জাতীয় নির্বাচনে চট্রগ্রামের চকোরিয়া, দিনাজপুরের ঘোড়াঘাট, রংপুর ও সিলেট এলাকায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জাতীয় নির্বাচনের নিরাপত্তা মূলক দায়িত্ব পালন করি। গত ত্রিশ বছরে আমার দেশে "নির্বাচন" এসেছে বহুবার বহুরূপে, এমনকি আমাদের দেশের জন্ম লগ্নটিও একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক নির্বাচনের সাথে সম্পৃক্ত।

৩। যাই হোক, তবে কোন কিছু পরিবর্তন পরিবর্ধন বা উন্নয়নের পূর্বে তার অতীত থেকে কিছুটা হলেও শিক্ষা নেয়া অপরিহার্য।আমি যে পাঁচ পাঁচটি জাতীয় নির্বাচনের নিরাপত্তামূলক দায়িত্বে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নিয়োজিত ছিলাম এবং তা থেকে আমর অর্জিত অভিজ্ঞতা সম্পর্কে এমহতি সভায় উপস্থিত বিজ্ঞজনের মাঝে তা বিতরণ করে যদি গণতন্ত্রের হৃৎপিন্ড "নির্বাচন" বা তার প্রক্রিয়াকে কিছুটা হলেও উপকৃত করতে পারি, তবেই দেশের একজ সামান্য নাগরিক হিসাবে নিজেকে ধন্য মনে করব।

৪। এখন আমি জাতীয় নির্বাচনকালে মাঠপর্যায়ে নিরাপত্তা প্রধান ও তার অভিজ্ঞতা সংক্ষেপে বর্ণনা করছিঃ

### (ক) আদেশ বা Order

প্রায় সকল নির্বাচনেই পরিস্কার ও সচ্ছ নির্দেশের অভাব ছিল। আমি প্রায় সকল নির্বাচনগুলোতে দায়িত্ব পালনকালে যে নির্দেশ পেয়েছি তা পরিস্কার ও সস্বচ্ছ ছিল না। অনেক ক্ষেত্রেই আমার নিরাপত্তা প্রধানের বিষয় বা ঝঁনলবপঃ কি তা পরিস্কার ছিল না। যেমন নিকর্বাচন কতৃপক্ষ না ভোটারের নিরাপত্তা প্রধানই মূখ্য তা স্পষ্ট ছিল না।

### (খ) সম্পদ বা Resources

একটি থানায় নির্বাচন চলকালে নিরাপত্তা প্রধানের জন্য প্রয়োজনীয় গাড়ী ম্যান পাওয়ার বা জনবল, ওয়্যারলেস ও সরঞ্জামাদির । অভাব অনুভুত হয়েছে প্রতিনিয়ত। উদাহরণ স্বরূপ বলা যায় ১৯৮৬ সালে যখন চকোরিয়া উপজেলা/থানায় দায়িত্বে আমাকে নিয়োজিত করা হয়, তখন আমাকে আলী কদম থেকে এক প্লাটুন সৈনিক, একটি তিন টন ট্রাক ও একটি পিকআপ বরাদ্দ করা হয়। উক্ত এলাকায় পৌছার পর পিকআপটি আমাকে ছেড়ে দিতে হয় পরে তা কক্সবাজারে দায়িত্ব পালনের জন্য প্রেরণ করা হয়। আমি আমার ক্যাম্পে ৩ টনটি রেখে দেই এবং পায়ে হেটে সৈনেকগণ দায়িত্ব পালন করে যা প্রকৃত পক্ষে কার্যোপযোগী ছিল না।

### (গ) এলাকা পরিচিতির অভাব বা Orientation

যে এলাকায় দায়িত্ব পালন করেছি এবং আমার ট্রুপস দায়িত্ব পালন করেছে তাদের সহ আমরা সকলেই সেই এলাকার রাস্তাঘাট সহ জনসাধারণ সম্পর্কে ছিলাম খুবই অজ্ঞ।

**(ঘ) ক্ষমতা প্রয়োগ ও সমন্বয় Application of power and co-ordination**

একটি সেনাদলকে সন্ত্রসী বা বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবহার করার জন্য প্রয়োজনীয় ক্ষমতা প্রধান, এবং সেই ক্ষমতার প্রয়োগ ও সমন্বরয়র অভাব ছিল। যেমন, প্রয়োজনে গুলির আদেশ বা অস্ত্র প্রয়োগের আদেশ প্রধান এবং গ্রহনে জটিলতা অনুভূত হয়। অনেক সময় মনে হয়েছে প্রকৃত নির্বাচনী নিরাপত্তার দায়িত্ব নয় বরং আমাদেরকে যেন ংযড়ি ড়িভভ এর উদ্দেশ্যেই প্রেরণ করা হয়েছে।

(ঙ) **ট্যাক্টফুল/Tactful**

কোন কোন ক্ষেত্রে যে সিদ্ধান্তই নেই না কেন 'ট্যাক্টফুল নই' এ অপবদ পাওয়ার সম্ভবনা রয়েছে, এ ভীতি সর্বদাই অনুভূত হয়েছে। কারণ পরিস্কার আদেশের যেমন অভাব তেমনি নিজে ইনিশেয়েপিভ নিয়ে কিছু করাও ছিল ঝুঁকিপূর্ণ।

৫। এবার আমি আমার অভিজ্ঞতার আলোকে জাতীয় নির্বাচন কালে মাঠ পর্যায়ে নিরাপত্তা প্রধান সম্পর্কিত কিছু সুপারিশ এই মহতি সমাবেশে উপস্থাপন করছি ঃ

(ক) **আদেশ বা Order**

নির্বাচনে নিরাপত্তা সংক্রান্ত আদেশ অত্যন্ত পরিস্কার ও স্পষ্ট হওয়া উচিত। এতে কোনরূপ সন্দেহ বা অস্পষ্টতা যেন না থাকে সে দিকে নজর রাখা অত্যন্ত প্রয়োজন। আর যদি কোন অস্পষ্টতা বা কোয়ারী থাকে তা দ্রুত অপসারণের ব্যবস্থা করা অতীব প্রয়োজনীয়।

(খ) **এলাকা পরিচিতি বা Oroentation**

নিরাপত্তা প্রধানের প্রয়োজনে এলাকা পরিচিতি করার কথা ভেবে দেখা যেতে পারে অথবা উইন্টার কালেক্টিভ টেনিং বা শীতকালীন প্রশিক্ষণের সাথে এ দায়িত্ব পালনে এলাকার একটা সমন্বয়ের কথাও বিবেচনায় আনা যেতে পারে।

(গ) **সম্পদ বা Resources**

একটি সেনাদলকে যতটুকু এলাকার নিরাপত্তা রক্ষার জন্য দায়িত্ব পালন করা যায় তা সুষ্ঠুভাবে সম্পদন করার জন্য প্রয়োজনীয় সম্পদ বা জবংড়ঁৎপবং ও প্রধান নিশ্চিত করা প্রয়োজন। যেমনঃ যানবাহন, ওয়ারলেস সরঞ্জামাদি ইত্যাদি। অথবা সম্পদ বৃদ্ধি বা জবংড়ঁৎপবং গঁষরঢ়ষব করে অর্থাৎ এই সম্পদ একাদিকবার ব্যবহার করে বিভিন্ন এলাকায় বিভিন্ন সময়ে নির্বাচন পরিচালনার কথা বিবেচনা করা যেতে পারে।

(ঘ) **রিজারর্ভ বা Reserve**

যুদ্ধকালীন সময় যেমন রিজার্ভ ফোর্স কল করার নিয়ম আছে, ঠিক তেমনি করে নির্বাচনের সময়ও রিজর্ভ ফোর্সকে ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে। এক্ষেত্রে আমি রিজর্ভ বলতে অবসরপ্রাপ্ত সৈনিকদেরকে বুঝাচ্ছি।

(ঙ) **নাগরিক কমিটি বা Elite Committee**

প্রত্যেকটি নির্বাচনী এলাকায় অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা, সামরিক কর্মকর্তা, কলেজের প্রিন্সিপাল, সাবেক চেয়ারম্যান এ ধরনের সুধী ব্যক্তিদের নিয়ে একটি নাগরিক কমিটি করে, তাদেরকে দিয়ে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত মোতাবেক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়িত্ব পালনের সহযোগীতা, তদারকি ও পরামর্শ প্রধানের ব্যবস্থা করা যেতে পারে। একই সময়ে তাদেরকে মাঠ পর্যায়ে নির্বাচনী আপিল কমিটি হিসাবেও ব্যবহার করা যেতে পারে।

(চ) **মানবিক উন্নয়ন বা Human Development**

আমি এখন একটি একান্ত ব্যতিক্রমধর্মী সুপারিশ ও মহতি সভায় উপস্থাপন করতে চাই। যন্ত্র এবং পরিচালক যতই ভালো বা উন্নত হোক না কেন, যদি উৎপাদিত দ্রব্যেও কাঁচা মালে ভেজাল থাকে তবে উৎপাদন কোনক্রমেই মান সম্মত হতে পারে না, এটা অস্বীকার করার কোন উপায় নেই। তা হলে এটা বলা যায় যে, মাখন বা বাটার স্বরূপ "সরকার" তৈরী যন্ত্র "নির্বাচন" এর চেয়ে তার কাঁচামাল দুধ তুল্য "জনসাধারণ" তথা মানুষের মানব বা খাটিত্ব বৃদ্ধিও প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা আজ সবছেয়ে গুরুত্বপূর্ণ চাহিদা। আজ আমরা যা বলি তা করিনা, যা করি তা করণীয় নয়। কিন্তু এ থেকে ফিরে আসতেই হবে আমাদেরকে দেশের জন্য, প্রজন্মের জন্য। এদেশে মানুষ এক সময় কালো টাকার ব্যবহার বা উৎকুচ গ্রহন প্রধানকে গৃনার চোখে দেখতো। এর পর তা কিছুটা প্রকাশ্যে এবং পরে তা নির্বাচনী রেওয়াজে পরিণত হয়েছে। অতএব এটা প্রতিয়মান যে, আমাদের সকল চেষ্টা শুধু ব্যর্থই হবেনা বরং উত্তরোত্তর আরো অবনতি ঘটবে, যদি না আমরা আজ আমাদের সমাজের মানবিক উন্নয়নের কথা এখও গুরুত্বের সাথে বিবেচনায় না আনি। রবি ঠাকুরের জুতা আবিস্কারের কথা স্বরণ করে বলা যায় যে, সমগ্র পৃথিবী চামড়া দিয়ে ঢাকার চেষ্টা না করে শুধু মাত্র নিজের দুটি ছোট্র চরণ ঢেকে নেয়াই সহজ এবং উত্তম। তেমনিভাবে বলা যায়, এতো সব সমস্যা শুধুমাত্র আমাদের দেশের বা সমাজের মানবিক ইন্নয়নের মাধ্যমেই সমাধান সহজ ও উত্তম।

(ছ) **প্রেষনা বা Motivation**

একদা আমাদের দেশের মানুষ পান বিড়ির বিনিময়ে ভোট দিয়েছে। এর পর একাধিক প্রার্থীর থেকে উৎকোচ গ্রহন করে যে কোন একজনকে ভোট দিয়েছে, পরে এমনকি একাধিক ব্যক্তির কাছ থেকে উৎকোচ গ্রহন করে, যার কাছ থেকে কিছুই গ্রহন করেনি এমন প্রার্থীকেও ভোট দিয়েছে। অথাৎ একটি পবিত্র ভোটের প্রয়োগ যত নিকৃষ্টভাবে যেতে পারে, তার প্রায় সকল প্রকার অপপ্রয়োগ ইতি মধ্যে আমাদের দেশের মানুষ করেছে। এর পর আর যাতে ভোটারগণ এভাবে ভোট প্রয়োগ না করেন সে জন্য ভোটারগণকে আরো সচেতন করতে নিরপ্রেক্ষ মটিভেশন আজ অপরিহার্য্য।

# বাংলাদেশে নির্বাচনের নিরাপত্তা উন্নয়ন প্রসঙ্গে
# আলোচিত ব্যক্তিগন এর বক্তব্য

**আসাদুল হক**
চেয়ারম্যান কুলিয়া ইউনিয়ন, দেবহাটা, সাতক্ষীরা
সভাপতি, জেলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতিঃ সাতক্ষীরা

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সিএসপিএস কর্তৃক আয়োজিত আজকের এই গোলটেবিল বৈঠকের সম্মানিত সভাপতি এবং উপস্থিত সম্মানিত আলোচক বৃন্দ সর্ব প্রথমে আমার সালাম ও শুভেচ্ছা নিবেন।

অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনই গণতন্ত্রের মূল ভিত্তি। গণতন্ত্র প্রতিষ্ঠায় এর বিকল্প নেই। এর পরও গণতন্ত্রেও লেবাস পরে বিভিন্ন রাজনৈতিক দল ক্ষেত্র বিশেষে এর ব্যতিক্রম ঘটিয়ে নির্বাচনী ফলাফল নিজের দলের অনুকূলে আনার চেষ্টা করে থাকেন। বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে এমন দৃষ্টান্ত বিরল নয়। ফলে **'নির্বাচনে নিরাপত্তা উন্নয়ন'** একটি অতীব গুরুত্বপূর্ণ বিষয়। এক্ষিত্রে গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল মানুষকে আন্তরিক হতে হবে।

নির্বাচনের আগে ও পরে এবং নির্বাচনের দিনে বহু পক্রিয়ার মাধ্যমে প্রভাব বিস্তার করার হাজারো ঘটনা রয়েছে। **"নির্বাচনে নিরাপত্তা উন্নয়ন"** নিয়ে আলোচনা করতে গেলে সঙ্গত কারনেই বহুবিধ বিষয় আসতে পারে। এক্ষেত্রে দৃষ্টি ভঙ্গির বৈপরিত্য থাকাও স্বাভাবিক। তবে সঙ্গত কারনেই আমি সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। প্রথমে নির্বাচনে নিরাপত্তার সমস্যাগুলো চিহ্নিত করা গেলে পরে ঐগুলি সমাধানের রুপরেখা প্রনয়ন করা সহজ হবে।

**নির্বচনে নিরাপত্তা উন্নয়নে গ্রামাঞ্চলের আলোকে নিম্ন লিখিত সমস্যাগুলি চিহ্নিত করা যেতে পারে**

১। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার নিজ গ্রামে, পাড়া অথবা বাড়ীতে প্রার্থীর পক্ষ অথবা বিপক্ষের লোকজন সন্ত্রাস সৃষ্টি করে থাকে। সচরাচর সংশ্লিষ্ট গ্রাম বা পাড়ার সাধারণ ভোটারদের সমর্থিত প্রার্থীকে চিহ্নিত করে এমন কর্মকান্ড চালানো হয়। দিনে অথবা রাতের অন্ধকারে ভোটারদেকে হুমকি দিয়ে ভোট কেন্দ্রে যাওয়ার পথ রুদ্ধ করে দেওয়া হয়। ক্ষেত্র বিশেষ প্রতিকে সীল না মারলে হত্যা করা, দেশান্তর করা অথবা 'দেখে নেবার' হুমকি দেওয়া হয়।

২। পাশাপাশি ইউনিয়ন বা উপজেলায় একাদিক দিনে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কারনে, সরকারী নিরাপত্তা বাহিনীর অনুপস্থিতিতে, অন্য উপজেলা/ ইউপি এর সন্ত্রসীরা এসে নির্বাচনে প্রভাব খাটানোর চেষ্টা করে। ফলে আইন শৃঙ্খলার অবনতি হয়। এধরনের সন্ত্রাসীরা এক ভোট কেন্দ্র থেকে অন্য ভোট কেন্দ্রে জীপ, কার, মোটরসাইকেল, স্পীড বোড ইত্যাদি যানবাহনে দ্রুত গুজবের আদান প্রধান করে ভোট নিজেদের নিয়ন্ত্রনে নেওয়ার চেষ্টা করে। এ বিষয়ে মাগুরা, পাবনা এবং টাঙ্গাইল উপনির্বাচনের উদাহরণ দেওয়া যেতে পারে।

৩। গ্রাম এলাকার নিরিখ ভোটারদের উপর প্রভাব বিস্তারের লক্ষে, প্রার্থীরা অথবা তার রাজনৈতিক নেতা কর্মীরা, এলাকার উন্নয়নে লোভনীয় বিষয় উত্থাপন করে ভোট লুফে নেয়ার কাজ করে।

৪। কালো টাকার প্রভাব নির্বাচনকে প্রভাবিত করে, এক্ষে সন্ত্রস সৃষ্টি একটি সম্পূরক বিষয়।

**নির্বাচনে নিরাপত্তা উন্নয়ন করতে নিম্নের পদক্ষেপ গুলো গ্রহন করা হলে আশানুরুপ ফল পাওয়া যাবে, মর্মে আমার নিকট প্রতিয়মান হয়**

**প্রথমত** ঃ নির্বাচনের নিরাপত্তা বে-সামরিক পুলিশ প্রশাসনের সাথে আধ-সামরিক বাহিনী যথা ঃ বিডিআর, সেনা নৌ, বিমান বাহিনীর সদস্যদের নির্বাচনের কাজে নিয়োজিত করা। নির্বাচনের সময় আধা সামরিক বাহিনীকে নির্বাচন কমিশনের নিয়ন্ত্রণে (নির্বাচন সক্রান্ত কাজের জন্য) আনয়নের জন্য আইন প্রণয়ন করা।

**দ্বিতীয়ত** ঃ নির্বাচনের নিরাপত্তা উন্নয়ন করতে হলে নির্বাচনী এলাকায় সন্ত্রস নিরোধে ভোটারদের পূর্ণ নিরাপত্তা বিধান এবং তাদের ইচ্ছামত ভোটাধিকার প্রয়োগ সৃষ্টি করতে হবে। এক্ষে বিডিআর, সেনা, নৌ, বিমান বাহিনীর সদস্যদের মোবাইল টিম গটন করা, মোবাইল টিমের সাথে একজন বিচারক থাকবেন, যিনি নির্বাচনী কোন আইনের কোন অপরাধ সংঘঠিত হতে দেখলে সামারি ট্রায়ালের মাধ্যমে তাৎক্ষনিক অপরাধীকে শাস্তির আদেশ প্রধান করতে পারবেন। সামারি ট্রায়ালের বিষয়ে আইন প্রণয়ন করা অবশ্যক।

**তৃতীয়ত ঃ** নির্বাচনে নিরাপত্তা প্রধান করতে হলে নির্বাচনী এলাকায় নির্বাচন কমিশন কর্তৃক সুনিদিষ্ট সময় কালের পর এমন কোন উন্নয়ন সক্রান্ত লোভনীয় প্রতিশ্রুতি কেউ দিতে পারবেন না, এমন আইন প্রনয়ন করে তা যথাযথ প্রয়োগ করতে হবে।

**চতুর্থত ঃ** নির্বাচনের নিরাপত্তা উন্নয়ন করতে হলে নির্বাচনের সময় নির্বাচনী এলাকায় যন্ত্রযান চলাচলের উপর বিধিনিষেধ প্রয়োগ করা। এতে গ্রামাঞ্চলে দ্রুত গুজব ছড়ানো বন্ধ হবে।

**পঞ্চমত ঃ** নির্বাচন আইনের কঠোর দিক গুলো বেতার ও টেলিভিশনের মাধ্যমে ব্যপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

# নির্বাচনে নিরাপত্তা

**এ এস এম ফখরুল ইসলাম সালেহ**
সাবেক চেয়ারম্যান ঃ মান্দারী ইউনিয়ন, লক্ষীপুর জেলা

## সূচনা

সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড পীস স্টাডিজআয়োজিত নির্বাচনে নিরাপত্তা বিষয়ক এই সুন্দর মনোরম গোলটেবিল আলোচনা অনুষ্ঠানের সম্মানিত সভাপতি, অনষ্ঠান পরিচালক এবং সূধী বৃন্দ আস্‌সালামু আলাইকুম। সিএসপিএস কর্তৃক এমন একটি জন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনার করার জন্য তাদেরকে ধন্যবাদ, সম্মানিত সুধী আজকের আলোচনার বিষয় "নির্বাচনে নিরাপত্তা" আমি প্রথমেই নির্বাচন সম্পর্কে সাধারণভাবে পযোজ্য দুটি কথা বলবো।

## নির্বাচনের অর্থ কি

আমি এক কথায় বলব নির্বাচনের অর্থ হচ্ছে নেতা বা প্রতিনিধি নির্বাচিত করা। এটা গণতন্ত্রের অন্যতম স্তম্ভ। কোন সামাজ বা দেশের সামাজিক দায়িত্ব পালন এবং এলাকা উন্নয়নের জন্য সকলে মিলে সৎ যোগ্য ও চরিত্রবান কোন ব্যক্তির উপর দায়িত্ব ন্যাস্ত করার যে মাধ্যম সেটাই নির্বাচন। আমাদের দেশের সাধারনত গ্রাম পর্যায়ে মেম্বার, ইউনিয়ন পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পর্যায়ে উপজেলা চেয়ারম্যান, রাষ্টীয় পর্যায়ে সংসদ সদস্য এবং প্রেসিডেন্ট নির্বাচন হয়ে আসছে।

## নির্বাচন সম্পর্কিত মনোভাব

আমার অনুধাবনে, এই নির্বাচন গুলিতে দেশের বিবেকবান ব্যক্তিবর্গ বা যারা নিজেকে দেশের একজন সুনাগরিক হিসাবে মনে করেন, তারা মূলত মনে প্রানে চায় যে, **"যার দ্বারা এলাকা, সমাজ বা দেশের কাজ হবে, যাকে দিয়ে সমাজ বা দেশের উপকৃত হবে, যাকে দেখলে দলমত নির্বিশেষে সবাই নেতা হিসাবে শ্রদ্ধা করবে, যার সততা, যোগ্যতা এবং চারিত্রিক গুনাবলী হবে অন্যসব মানুষের জন্য অনুকণীয় এমন ব্যক্তিবর্গই দেশের নিম্ন স্তরে নিতা হিসাবে পরিচিতি হয়ে আসুক"** । এ কামনা যদি বাস্তবায়িত হয় তা হলেই প্রত্যেকটি ক্ষেত্রে শান্তির সুবাতাস বইবে, দেশে ও সমাজ সুন্দরভাবে চলবে। শান্তির বাস্তবতা মানুষ উপলব্ধি করবে। কিন্তু বর্তমানে এর বিপরিতে আমরা কি দেখছি- আমরা দেখছি আমার উপরোক্ত কথাগুলোর সম্পূর্ণ বিপরিত একটি চিত্র। অথচ, সারা দেশের মানুষ আজ শান্তি শান্তি বলে চিৎকার দিয়ে মরছে। কারন সঠিক নেতৃত্ব আজ আমাদের সামনে আসছেন বা আমরা খুঁজে পাচ্ছিনা। যদিও পাই তাকে ব্যবহার করছিনা। যেহেতু আমরা নেতা নির্বাচন করি বা নেতা নির্বাচিত হই ভেটারদের মাধ্যমে, সেহেতু একদিকে আমরা যারা ভোট দিয়ে থাকি তারা ভোট কি জিনিস, কতটুকু এর উজন, এই ভোটের মাধ্যমে একজন নাগরিকের কি লাভ বা লোকসান, দেশের জন্য এটা কতটুকু লাভ বয়ে আনে, ইত্যাদি উপলব্ধি করার জ্ঞান আমরা হারিয়ে ফেলেছি। অপর দিকে আমরা যারা নির্বাচিত হতে চাই তাদের নির্বাচনী স্তর ভিত্তিক নেতৃত্ব দেয়ার কতটুকু যোগ্যতা আছে বা কতটুকু জ্ঞান আছে তাও বিচার করারর যোগ্যতা হারিয়ে ফেলেছি। এ ক্ষেত্রে উল্লেখ্য যে, সবক্ষেত্রেই যে এরকম তা নয়, তবে বেশির ভাগই এরকম। আমি গত মেয়াদের আগের মেয়দে আমাদের ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলাম। গত মেয়াদেও দাঁড়িয়ে ছিলাম বটে, তবে ভোটের পেছনে কাজ করার স্পৃহা হারিয়ে ফেলি এবং মানসিকভাবে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে যাই। এর পর নতুন চেয়ারম্যন নির্বাচিত হয়েছেন। অনেক স্থানে দেখছি বা শুনছি,

পেপার -পত্রিকা ম্যাগাজিনে পড়ছি যে, চেয়ারম্যান খুন হচ্ছেনন, মেম্বার খুন হচ্ছেন, সংসদ সদস্য খুন হচ্ছেন কারন একজন নতুন নেতা পুরাতন নেতাকে সহ্য করছেনা। আমাদের দেশে একটি যুগান্তকারী ঘটনা ঘটেছে ইদানিং, সেটি হলো প্রত্যক্ষ ভোটে মহিলা ইউপি মেম্বার নির্বাচন। সমাজের কিয়দংশ তাদেরকে সম্মান করছেনা এবং সহ্য করছেনা- এটাও দুঃখের সংগে পর্যবেক্ষণ করছি। হঠাৎ করে একজনের হাতে বিস্তর অর্থ আসলেই সে নির্বাচনে নেমে পড়ছে। যে করেই হোক বিজয়ী হওয়ার মানসিকতা পেয়ে বসছে - সেটা সন্ত্রস দিয়ে হোক, অর্থ দিয়ে হোক, বা অপর ব্যক্তিকে দুনিয়া থেকে সরিয়ে দেয়ার মাধ্যমেই হোক। এ কারণে আমাদের দেশে আজকে বিভিন্ন স্তরের ভালো লোকেরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার স্পৃহা হারিয়ে ফেলেছেন, এবং সমাজের নিরিহ ভালো লোকেরা ভোট কেন্দ্রে না যাওয়ার মন মানসিকতা পোষণ করছে। যার কারণে ভোট দেয়া এবং নেয়ার ক্ষেত্রে আমরা নির্বোধ হয়ে পড়ছি। এমতাবস্থায় আমরা কি ঘরে বসে থাকবো, আমাদেরকি কিছু করার নেই? আছে অবশ্যই। এই ধরণের সেমিনার - গোলটেবিল আলোচনার মাধ্যমে এবং বিভিন্ন মিডিয়ার মাধ্যমে আমদেরকে আরো বেশি বেশি চিন্তার বিকাশ ঘটাতে হবে. বেশি বেশি দায়িত্ব পালন করতে হবে, যাতে করে এ ব্যাপারে এ দেশের প্রতিটি মানুষ আরো সচেতন হতে পারে।

আমাদের দেশ একটি গণতান্ত্রিক দেশ। এই দেশে অতীতে যে কটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে সেগুলির প্রত্যেকটির ব্যপারেই ভালো বা মন্দ সমালোচনা করা যাবে। কিন্ত, আমি সেদিকে আগাবো না। ভবিষ্যতে কিভাবে নির্বাচনকে যথাসম্ভব সুন্দর ও ত্রুটিহীন করা যায় আমি মে কিষয়ে কথা বলবো। আমার মতে সুষ্ঠু নিরাপত্তা প্রধানই একটি নির্বাচনকে যথা সম্ভব ত্রুটিমুক্ত করতে পারে।

**নির্বাচনে নিরাপত্তা**

নির্বাচনে নিরাপত্তা প্রধান বলতে আমি যেটুকু বুঝি ঃ সেটা হলো **“একজন ব্যক্তির মনের ভিতরে তার নিজের স্বাধীন মতামত গঠন বা পোষণ করার ক্ষেত্রে যেন কোন প্রকার ভয়ভীতির পরিবেশ না থাকে এবং ঐ মতামত প্রকাশ করার ক্ষেত্রে যেন কোন প্রকার বাধা বিপত্রি না থাকে অনুরূপ পরিবেশ সুষ্টি করা”**। কোন একজন ব্যক্তির মনে এই রকম মনোবল যেন থাকে যে, “ভোট দিতে যাচ্ছি যাকে মনে চায় তাকেই ভোট দিব”। বিগত বারের সংসদ নির্বাচনের প্রাক্কালে প্রচারিত একটি বিজ্ঞাপনের ভাষা এখানে উল্লেখযোগ্য ঃ “আমার ভোট আমি দেব যাকে খুশি তাকে দিব”। কিন্ত এ কাজটি করতে গেলে যেই পরিবেশ দরকার সেটি হচ্ছে. নিরাপত্তা প্রধানের ফসল।

ঘোষনা করা পর্যন্ত প্রত্যেকটি কাজের পেছনে নিরাপত্তা কথাটির যথাযথ প্রয়োগ হলে তবেই সুষ্ঠু নির্বাচন সম্ভব। অধিকতর এতেই নির্বাচনের গ্রহনযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা বাড়বে। এক্ষিত্রে আমার ক্ষুদ্র অভিজ্ঞতার আলোকে নির্বাচন করতে গিয়ে আমার চোখে যে সমস্যাগুলি পরিলক্ষিত হয়েছে সেগুলোর মধ্য থেকে কিছু তুলে ধরছি ঃ

(১) সাধার জনগণ স্বাধীনভাবে বা নিজ ইচ্ছামত ভোট প্রধান করার পরিবেশ হারিয়ে ফেলেছে।

(২) সন্ত্রাস ও জীবন নাসের ভয়ে ভীত হয়ে ভোট কেন্দ্রে না যাওয়ার মানসিকতা পোষণ করছে।

(৩) জনগণের নির্বিগ্নে ভোট কেন্দ্রে যাওয়ার ক্ষেত্রে সরকার বা নির্বাচন পরিচালনার জন্য যারা নিয়োজিত থাকেন তাদের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা প্রধানের অভাব দেখা দিয়েছে।

(৪) রাজনৈতিক দলগুলোর নেতা কর্মীদের স্বেচ্ছাচারী মনোভাব ও অন্যায়ভাবে বা বল প্রয়োগের মাধ্যমে আদায় বা নিজের পক্ষে রায় নেয়ার ন্যাক্কারজনক কর্মকান্ড পরিলক্ষিত হয়েছে।

(৫) প্রার্থী এবং ভোটার উভয়ের চারিত্রিক দুর্বলতা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। এ ক্ষেত্রে প্রার্থীর পক্ষে বিভিন্ন রকম প্রলোভন এবং ভোটারদের পক্ষে প্রলোভদ্ধ হওয়া একটি উল্লেখযোগ্য ব্যাপার।

(৬) পরিবেশ গত সমস্যা ঃ যাদের কারণে পুরা নির্বাচনী পরিবেশ নষ্ট হয়ে যায় ঃ

(ক) ভাড়াটিয়া কর্মী বাহিনী ব্যবহার

(খ) সমাজের প্রচলিত এবং প্রতিষ্ঠিত সন্ত্রসী বাহিনীর ব্যবহার।

(গ) নিয়োজিত দূর্নীতিবাজ কর্মকর্তা ও কর্মচারী বৃন্দের দায়িত্বের অপব্যবহার।

(৭) ভোটার তালিকায় অনুপস্থিত ভোটারের ভোট প্রধান করার জন্য বহিরাগত লোক ভাড়া করে নিয়ে আসা, যার কারণে সঠিক ব্যক্তি নির্বাচিত হতে পারছেনা।

**<u>প্রস্তাবিত সমাধান</u>**

উপরোক্ত সমস্যাগুলোর সমাধন যদি নিম্লেক্ত ব্যবহার মাধ্যমে করা যায় তাহলে নির্বাচনের গ্রহন যোগ্যতা, বিশ্বাসযোগ্যতা বাড়বে, এবং নির্বাচন নিরপেক্ষ হবে বলে আমি দৃঢভাবে আশা পোষণ করি।

(১) জনগণকে আস্থাভাজন করা বা এই মর্মে আশ্বাস প্রধান করা যে, যেই কোন রকম সন্ত্রাসী তৎপরতার বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে। শুধু আশ্বাসে চলবে না, দৃষ্টান্ত সৃষ্টি করতে হবে।

(২) ভোটার ছাড়া কোন ব্যক্তির নির্বাচনী কেন্দ্রের আশে পাশে ঘোড়া ফেরা না করার ব্যবস্থা করা এবং শংশ্লিষ্ট এলাকার অধিবাসী ছাড়া অন্য এলাকার অধিবাসী উক্ত নির্বাচনী এলাকায় যেন প্রবেশ করতে না পারে তার যথাযথ ব্যবস্থা গ্রহন করা।

(৩) নীতিগত ও নিয়মিত আর্থিক খরচের যথাযথ সীমাবদ্ধতা থাকা সত্বেও অবৈধভাবে বেপরোয়া ছড়াছড়ির মাধ্যমে নির্বাচনী পরিবেশ যেভাবে ধ্বংস করে দেওয়া হয়, তা প্রতিহত ও প্রতিরোধের জন্য জোর তদন্ত পূর্বক জবাবদিহির ব্যবস্থা করা এবং একটি নিদিনসষ্ট সময়ের মধ্য তার বিচারের ব্যবস্থা করা।

বাংলাদেশের যে কোন নির্বাচনে যদি নিরাপত্তা ব্যবস্থা বাস্তবিকভাবে জোরদার করা হয় তবে সে নির্বাচনই হবে পকৃত নির্বাচন। এক্ষেত্রে আমরা দেখেছি অতিতে যেখানে কিছু পুলিশ, কিছু বিডিআর, কিছু আনসার এর মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা করা হয়, সেখানে সন্ত্রসী থাকে তার তুলনায় অনেক বেশি। এই স্বল্প সংখ্যক জনশক্তি, তাদের ইচ্ছা থাকা সত্বেও, কি করে তাদের মোকাবিলা করে নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করবে? এক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও গ্রহনযোগ্য করার আমার দুটি পরামর্শ আপনাদের সম্মুখে উপস্থাপন করছি।

(১) যেহেতু নির্বাচনী এলাকা ভিত্তিক নিরাপত্তার জনশক্তি কম, সেহেতু নির্বাচন যদি একদিনে না করে অধিক দিনে করা যায় তাহলে প্রশাসনিক জনশক্তিসহ অন্যান্য আইণসঙ্গিক ব্যবস্থাও আরো জোরদার করা যাবে।

(২) নিরপেক্ষ নির্বাচনের সমুদয় নিরাপত্তা দায়িত্বটা যদি এমন একটি সংস্থার কাছে দেয়া হয় - যাদেরকে আমরা এখনও রাজনীতির উর্দ্বে মনে করি বা যাদেরকে দেশের জনগণ এখনো শদ্ধা করে - সেই অতন্ধ প্রহরী, দেশ রক্ষার সর্বোচ্চ দায়িত্বে নিয়োজিত বাংলাদেশের সেনাবাহিনীর মত এই সংস্থার নিকট নিরাপত্তার দায়িত্ব মাধ্যমেই সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন আমরা আশা করতে

পারি। এই ক্ষেত্রে যথাযথ দায়িত্ব পালন করার মত আরকোন সংস্থা আছে বলে আমার মনে হয় না। আমার মনে হয় এই প্রস্তাবটির সাথে এখানে যারা উপস্থিত আছেন তারা কেহই পুরাপুরি দ্বি-মত পোষণ করবেন না। দ্বি-মত পোষণ করলেও ঐটা স্বাভাবিক প্রক্রিয়াই হবে। কারণ আমি যেমন আমার অনুভূতি বা মত প্রকাশ করলাম অনুরূপ অন্যেও তাঁরাটাই করবেন। কিন্তু আমার প্রস্তাবটিকে অবশ্যই আরো মার্জিত ও পরিবর্ধিত করা যায়। আমাদের ধরকার নিরাপত্তা। এই জন্য সেনাবাহিনী প্রধারসহ সেনাবাহিনীর উর্দ্ধতন প্রাক্তন কর্মকর্তাদের নিয়ে একটি নিরাপত্তা কমিটি করে নিরাপত্তার কাজ করা যেতে পারে। প্রয়োজনে তারা দায়িত্ব পালনের ক্ষেত্রে আনসার, পুলিশ, বিডিআর, সরকারী দেশের স্বনামধন্য ব্যক্তিবর্গ বা অন্য যে কোন সংস্থার সৎ, সাহসি চরিত্রবান ও নিরপেক্ষ ব্যক্তিদেরও কাজে লাগাতে পারবেন।

সম্মানিত সুধী, আমি আমার ক্ষুদ্র চিন্তার আলোকে আজকের এই মনোরম পরিবেশের আলোচনা অনুষ্ঠনে এই কথাগুলো প্রেশ করলাম। আমি চাই বা আমরা সবাই চাই দেশের বর্তমান রাজনৈতিক অস্থিতিশীলতা দূরীভূত হোক এবং স্থিতিশীলতা ফিরে আসুকআর এর ফলি শিক্ষা ব্যবস্থা, ব্যবসায়িক জগত, সামাজিক শৃঙ্খলা সামাজিক উন্নয়ন এবং রাষ্ট্রীয় কল্যাণে সামুগ্রিক কর্মকান্ড এ সব কিছুই যার যার নিজস্ব গতীতে চলার সুযোগ পাবে এবং দেশের উত্তরোত্তর উন্নতির দিকে এগিয়ে যাবে। আসুন আমরা সবই মিলে দেশের জন্য এই মঙ্গল কামনাটিই করি।

# সঠিক নিরাপত্তা বিধানই সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচনের পূর্বশর্ত

**মোহাম্মদ রাশেদুল আলম চৌধুরী**
চেয়ারম্যান, ১৫ নং নোয়াজিষপুর ইউনিয়ন পরিষদ
নোয়াজিষপুর রাউজারন চট্রগ্রাম।

## নির্বাচনের পূর্ব শর্ত

- দেশ এবং জাতির ভাগ্যোন্নয়নের জন্য নির্বাচন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই নির্বাচনের মাধ্যমেই দেশের মানুষ তাদের কাঙ্খিত ব্যক্তিদেরকে ক্ষমতার মসনদে বসায়। এজন্য দেশ এবং জাতির স্বার্থে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হওয়া প্রয়োজন। দেশে শাসনতান্ত্রিক ধারাবহিকতার জন্য সুষ্ঠু নির্বাচন অপরিহার্য।
- বাংলাদেশের নির্বাচনের ইতিহাস পর্যালোচনা করলে দেখতে পাবো কোন নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হয়নি। এজন্য নির্বচনের প্রতি মানুষ আস্থা হারিয়েছে। অবশ্য ৯১ ও ৯৬ এর নির্বাচন সুষ্ঠু হলেও নিরাপত্তার অভাবজনিত সমস্যার কারনে এসব নির্বাচন একেবারে সুষ্ঠু হয়েছে বলে মানুষ মেনে নেয়নি।
- সুতরাং আমাদের এই মুহূর্ত্বে প্রয়োজন সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করা। গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করতে গেলে সুষ্ঠু নির্বাচন অপরিহার্য। আগামী নির্বাচন যদি সুষ্ঠু না হয়, কিংবা আগামী নির্বাচনে যদি জনগণ ভোট দিতে না পারে তাহলে নির্বাচনের গ্রহনযোগ্যতা হ্রাস পাবে।
- সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করা এবং নির্বাচনের বিশ্বাসযোগ্যতা উন্নয়নে অনেকগুলো চালিকা শক্তি আছে, তার মধ্যে নিরাপত্তার ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য। বিশেষ করে বিশ্বাসযোগ্যতা উন্নয়নের ক্ষেত্রে মানুষের সামগ্রিক নিরাপত্তা বিধানের ব্যপারটি বেশি গুরুত্বপূর্ণ। একটা সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচন সমম্পন্ন করার জন্য যেসব বিষয়ে নিরাপত্তার বিধান করা প্রয়োজন ঃ
- নির্বাচনী প্রচার, মিছিল, মিটিং, ইত্যাদি সময়ে নিরাপত্তা একটি গুরুত্বপূর্ণ বিষয়। নির্বাচনী প্রচারাভিযান কালে বিভিন্ন ধরনের সংঘর্ষ হতে পারে। এ ব্যপারে নিরাপত্তা ব্যবস্থা করা প্রয়োজন।
- উন্নত বিশ্বে কঠোর নিরাপত্তা ব্যবস্থার কারনে জনগন তাদের মতামত সরাসরি ব্যক্ত করতে পারে। কিন্ত আমাদের দেশে পারিপাশ্বিক চাপ, ভীতি প্রদর্শন ইত্যাদি কারনে জনগন সরাসরি মতামক ব্যক্ত করতে সাহস পায়না। তাই এসব অশুভ শক্তির বিরুদ্ধে নিরাপত্তা ব্যবস্থাকে জোরদার করতে হবে।
- ভোটের দিন গ্রামবাসী ও শহরবাসী উভয় এলাকার জনগন সুষ্ঠুভাবে ভোট কেন্দ্রে যেতে ও আসতে সে জন্য উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা করা অপরিহার্য।
- জনগনকে তাদের সঠিক নিরাপত্তার গ্যারান্টি প্রদান করতে হবে যাতে তারা মৌলিক অধিকার থেকে বঞ্চিত না হয়।
- নিরাপত্তা ব্যবস্থা দুর্বল থাকলে ব্যালট বাক্স ছিনতাই করার মত ঘটনা ও ঘটতে পারে। অনেক সময় রাজণৈতিক উদ্দেশ্য প্রনোদিত হয়ে অথবা রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার করে নির্বাচনী কর্মকর্তা অবৈধ কাজ করেন বা করতে বাধ্যহন।
- নির্বাচনের আগের দিন কিংবা নির্বাচনের দিন বিশেষমহল যাতে উদ্ভট পরিস্থিতি সৃষ্টি করতে না পারে সে জন্য অধিকতর নিরাপত্তার ব্যবস্থা করা প্রয়োজন।

- ❖ একটা সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করার জন্য এবং সৃষ্ঠ সকল প্রকার উদ্ভট পরিস্থিতি মোকাবেলার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন বলে আমি মনে করি।
- ❖ আমাদের দেশে বর্তমানে একদিনে নির্বাচন সম্পন্ন হয়। যার কারন সারা দেশের ভোট কেন্দ্রগুলোতে কঠোর নিরাপত্তার ব্যবস্থা সম্বব হয় না।
- ❖ যদি জেলা ওয়ারী কিংবা বিভাগ ওয়ারী এক এক দিনে নির্বাচন করা হয় তবে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা সম্ভব।
- ❖ তাছাড়া আমাদের দেশের নির্বাচনী কেন্দ্রগুলোতে কয়েকজন পুলিশ ও আনসার দিয়ে নির্বাচনী কাজ সম্পন্ন করা হয়। পুলিশের সাথে সাধারন মানুষের অতিরিক্ত সম্পৃক্ততার কারনে পুলিশ কটোর ভাবে তাদের দায়িত্ব সম্পাদন করতে পারেনা। অবশ্য, ৯১-৯৬ এর নির্বাচনে সামরিক বাহিনীর লোকদেরকে পেট্রোলিং দেওয়া হয়েছিলে। যার কারনে নির্বাচন অনেকটা সুষ্ঠু হয়েছে। আগামী নির্বাচনে যদি পুলিশ ও সামরিক বাহিনীর লোকদেরকে নিয়ে এক একটা কম্বাইন্ড টিম প্রত্যেক কেন্দ্রে দেওয়া হয়, আশা করি নির্বাচন সুষ্ঠু হবে এবং সৃষ্ট সব রকমের উদ্ভব পরিস্থিতির মোকাবেলা করা সম্ভব হবে।
- ❖ পরিশেষে এই মহতি অনুষ্ঠানে আমাকে আশার সুযোগ দানের জন্য এবং ধৈর্য্য ধরে আমার সংক্ষিপ্ত অথচ গুরুত্বপূর্ণ বক্তব্য শুনার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

# নির্বাচনে নিরাপত্তা

**আবুল কাশেম পাটোয়ারী**
শিক্ষক, কবিরহাট বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়
থানা ঃ বেগমগঞ্জ, জেলা ঃ নোয়াখালী

---

## ১.নির্বাচনে নিরাপত্তার প্রয়োজনীয়তা

নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে হলে যথাসম্ভব বেশি ভোটাকে সুষ্ঠুভাবে ভোট প্রধানে উৎসাহিত করতে হবে। ভোট প্রধানের পর ভোট গণনা সুষ্ঠুভাবে করতে হবে যাতে করে ফলাফলের উপর জনগনের বিশ্বাস আসে। এটা করতে হলে সামগ্রিকভাবে নিরাপদ পরিবেশও সৃষ্টি করতে হবে। নির্বাচনের সঙ্গে সকলের জড়ত সকলের যথাঃ প্রার্থী, ভোটার, নির্বাচন কেন্দ্রের কর্মকর্তাদের জীবনের নিরাপত্তা দিতে না পারলে নির্বাচন ব্যর্থ হওয়ার সম্ভাবনা থাকে এবং নির্বাচন ব্যর্থ হলে গণতন্ত্র ও ব্যর্থ হওয়ার সম্ভবনা থাকে। তাই, নির্বাচনে নিরাপত্তা অতি প্রয়োজনীয় বিষয়।

## ২. সুষ্ঠু নির্বাচনের সময় হুমকি সমূহ

**ক. সন্ত্রস ঃ** অর্থাৎ, যে প্রার্থীর পেশী শক্তি বেশি তার অনূকুলে জোড় করে প্রভাব বিস্তার করা। জনগণকে ভয় দেখানো এবং কোন প্রার্থীর পক্ষে ভোট দিতে বাধ্য করা অথবা, একদম ভোট কেন্দ্রেই যেতে না দেওয়া। গ্রামে গঞ্জে এখন সন্ত্রসী তৎপরতা সর্বকালের মধ্যে সবচেয়ে বেশি মাত্রাই বিরাজ করছে।

**খ. অবৈধ টাকার প্রয়োজনীয়তা ঃ** যার যত টাকা আছে তিনি তত ব্যয় করছেন --- এই হচ্ছে বর্তমান গ্রামগঞ্জের চিত্র। ২০/২৫ বছর আগে চা বা মিষ্টি খাওয়ায়ে প্রভাব বিস্তার করা হতো। এখনকার দিনে সরাসরি দাম দিয়ে ভোট কেনা হয়। পাড়ায় বা গ্রামে একগুচ্ছ ভোটের জন্য একগুচ্ছ টাকা দিয়ে দেওয়া হয়। কিছু টাকা ভোটাররা পায় কিছু টাকা মধ্যস্বত্ত্বভোগীরা পায়। টাকার ব্যবহার হচ্ছে সন্ত্রসী ভাড়া করে আনা এবং তাদের ভরণপোষনের ব্যয় মিটানো।

**গ. দুর্নীতি ঃ** সরকারী কর্মকর্তা বা নির্বাচনের সঙ্গে শংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। ধনী প্রর্থীরা টাকা দিয়ে তাদেরকে বস করে এবং নির্বাচনে কারচুপিতে সহায়তা পায়।

**ঘ. কেন্দ্র দখল ঃ** প্রার্থীদের মধ্যে নিজ আসনে বা নির্বাচনী এলাকায় যেখানে যার যত প্রভাব তিনি সেখানে প্রভাব বিস্তার করে কেন্দ্র দখল করে ফেলেন। জনসমর্থনের অভাবে অন্য প্রার্থীর প্রতিনিধিরা প্রতিবাদ করেও কিছু করতে পারেনা।

## ৩. কি করা যায় ?

**ক.** তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ বৃদ্ধি করা যাতে করে সকল প্রকারের নির্বাচন তত্বাবধায়ক সরকারের অধীনে করা যায়।

**খ.** নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনের ব্যয়ভার বহন

**প্রথমত ঃ** প্রত্যেক নির্বাচনী এলাকার নির্বাচন কমিশনের প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে নির্বাচন পরিচালনা কমিটি গঠন।

**দ্বিতীয়ত ঃ** জেলা পর্যায়ে নির্বাচন কমিশন অফিস কর্তৃক সকল প্রার্থীথেকে উপযুক্ত হারে টাকা সংগ্রহ করে তহবিল গঠন এবং

**তৃতীয়ত ঃ** পরিচালনা কমিটির মাধ্যমে সকল প্রার্থীর জন্য সুষমহারে ব্যয়।

**গ.** প্রতিরক্ষা মন্ত্রনালয়কে তত্ত্বাবধাক সরকারের অধীনে অর্পণ। অর্থাৎ তত্ত্বাবধায়ক সরকার এবং নির্বাচন কমিশন মিলে সেনাবাহিনীকে ব্যাপকভাবে মোতায়েন করতে হবে।

**ঘ. নিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজানো**

আমি যেটা প্রস্তাব করছি সেটাইযে সবচেয়ে ভাল উপায় বা সমাধান ঐ কথা আমি বলবো না। কিন্ত মন্দের ভাল বলে যে কথা আছে সেটি এখানে প্রযোয্য। জনবলের স্বল্পতা, প্রশিক্ষণের অভাব ইত্যাদি কারণে শুধুমাত্র পুলিশ দিয়ে নির্বাচনকলে নিরাপত্তা সম্ভব হচ্ছে না। এই প্রেক্ষাপটে, দীর্ঘ সময়ের জন্য অধিক ক্ষমতা দিয়ে সেনাবাহিরনী মোতায়েন এর প্রস্তাব করছি। আমরা যারা গ্রামে-গঞ্জে থাকি তারা এখনো সেনাবাহিনীকে নিরপেক্ষ মনে করি ও শ্রদ্ধার সঙ্গে দেখি। কিন্ত নির্বাচনের দু-তিন দিন আগে গিয়ে মেহমাদের মত ঘুরে বেড়ালে কোন কাজ হবেনা এটা আগে থেকে বলে রাখছি।

**ঙ. নির্বাচনের দুই-তিন দিন পূর্বে**

প্রার্থী সরকারী কর্মকর্তা, নিরাপত্তা প্রধানকারী সংস্থার কর্মকর্তা এবং জনসাধারণকে নিয়ে উন্মুক্ত জায়গায় আলোচনা করা। এর মাধ্যমে নির্বাচনের গুরুত্ব এবং পদ্ধতি সম্পর্কে জনগণের সম্মুখে তুলে ধরা যাবে এবয় জনগণকে আস্থা দেওয়া যাবে।

৪.**নির্বাচন কমিশন ও নিরাপত্তা বাহিনীর নিকট প্রত্যাশা**

**ক. নির্বাচনের ২০ দিন আগে ঃ** প্রত্যেক প্রার্থীর পরিচিতি (রাজনৈতিক ব্যক্তিগত সামাজিক) জানা এবং তিনি সৎ ব্যক্তি কিনা তাঁর দ্বারা আপনার এবং জনগণের উন্নয়ন সধিত হবে কিনা ? সমস্ত ব্যপারে বর্তমান ও অতীত চরিত্র সম্পর্কে অবগত হওয়া প্রতিটি সচেতন ভোটারের উচিত। এতে নির্বাচন কমিশনেরও গুনরুত্ব অপরিসীম প্রচার প্রচারনার মাধ্যমে জনগণকে সৎ ব্যক্তিকে ভোট দেওয়ার জন্য উৎসাহী করতে হবে। এছাড়া এলাকায় সন্ত্রাস বা গোলযোগ সৃষ্টিকারীদের পরিচয় অবহিত হওয়া এবং জনগণকে সঙ্গে নিয়ে সেটা নিরোধে পরিকল্পনা করা।

**খ. নির্বাচনের ১০ দিন আগে ঃ** আমার ভোট আমি দেব যাকে খুশি তাকে দেব, এই স্লোগানের মাধ্যমে তাদের একটের যে অনেক গুরুত্ব তা বুঝিয়ে তাদের ভোটার নাম্বার সম্পর্কে অবগত করা।

**গ. নির্বাচনের ৩ দিন আগে ঃ** কেউ যেন কোনভাবে কাউবে প্রভাবিত করতে না পারে তার দিকে লক্ষ করা/প্রার্থী ও ভোটারদের নিরাত্তা নিশ্চিত করা।

**ঘ. নির্বাচনের দিন ঃ** সকলের সমবেত প্রচেষ্টায় সুন্দর ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত করা। নিরাপত্তা বাহিনী কর্তৃক সকলের নিরাপত্তা নিশ্চিত করা।

**ঙ. নির্বচনের ফলাফল প্রকাশের দিন ঃ** সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে যে-ই নির্বাচিত হোত না কেন তাকে সাদরে গ্রহন করতে হবে। পরাজিত প্রার্থী ও নির্বাচিত প্রার্থীর মধ্যে ভ্রাতৃত্বপূর্ণ মনোভাবের সৃষ্টি কর এলাকার জনগণের জন্য কাজ করার নতুন শপথ গ্রহন করা।